# ঢাকা বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 146

সময় : ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. রেওয়ামিল কীসের ব্যালেন্স দ্বারা প্রস্তুত করা হয়?**
ⓚ খতিয়ান ⓚ জাবেদা ⓖ নগদান বই ⓖ প্রকৃত জাবেদা

**২. অগ্রিম খরচ কী?**
ⓚ দায় ⓚ সম্পদ ⓖ ব্যয় ⓖ মালিকানাস্বত্ব

**৩. অনিশ্চিত হিসাব রেওয়ামিলের কোন দিকে বসে?**
ⓚ ডেবিট দিকে ⓚ ক্রেডিট দিকে
ⓖ ডেবিট ও ক্রেডিট উভয় দিকে ⓖ সম্পদের দিকে

**৪. নিচের কোনটি তরল সম্পদ?**
ⓚ জমি ⓚ নগদ টাকা ⓖ দালানকোঠা ⓖ সুনাম

**৫. খতিয়ান হিসাবের দুদিক সমান করার কাজকে কী বলে?**
ⓚ জের টানা ⓚ সমীকরণ ⓖ জের ⓖ সমন্বয়করণ

**৬. নিচের কোন হিসাব রেওয়ামিলের ডেবিট দিকে বসে?**
ⓚ পাওনাদার ⓚ প্রদত্ত ঋণ
ⓖ দেনাদার বাট্টা সঞ্চিতি ⓖ বিনিয়োগের সুদ

☐ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শরীফের ২০২১ সালের জুলাই মাসে মোট ক্রয় ৫২,০০০ টাকা, তিনি নিজ প্রয়োজনে ব্যবসায় থেকে ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেন এবং ৫,০০০ টাকার পণ্য ফেরত দেন।

**৭. জনাব শরীফের নিট ক্রয়ের পরিমাণ কত?**
ⓚ ৪৪,০০০ টাকা ⓚ ৩৭,০০০ টাকা
ⓖ ৪২,০০০ টাকা ⓖ ৪০,০০০ টাকা

**৮. নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন করার জন্য জনাব শরীফের আর্থিক অবস্থার কী পরিবর্তন হয়েছে?**
i. মলধন বৃদ্ধি পেয়েছে ৩,০০০ টাকা ii. মূলধন হ্রাস পেয়েছে ৩,০০০ টাকা
iii. ক্রয় হ্রাস পেয়েছে ৩,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৯. কোনটি অদৃশ্যমান লেনদেন?**
ⓚ ধারে ক্রয় ⓚ ধারে বিক্রয় ⓖ অবচয় ⓖ মেরামত

**১০. উত্তোলন কোন শ্রেণির হিসাব?**
ⓚ আয় ⓚ ব্যয় ⓖ দায় ⓖ মালিকানাস্বত্ব

**১১. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?**
ⓚ পণ্য ক্রয় ⓚ পণ্য বিক্রয়
ⓖ বকেয়া বেতন ⓖ নগদ প্রাপ্তি

**১২. ব্যাংক চার্জ ধার্য হলে ডেবিট হবে কোন হিসাব?**
ⓚ ব্যাংক ⓚ নগদান ⓖ ব্যাংক চার্জ ⓖ ব্যাংক সুদ

**১৩. একতরফা দাখিলা পদ্ধতিতে বিবেচনা করা হয়–**
i. সম্পদ ii. দায় iii. ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৪. পণ্য আমদানি শুল্ক–**
ⓚ মূলধন জাতীয় ব্যয় ⓚ মুনাফা জাতীয় আয়
ⓖ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ⓖ মুনাফা জাতীয় ব্যয়

**১৫. বিশদ আয় বিবরণীতে লিপিবদ্ধ হবে–**
i. মুনাফা জাতীয় ব্যয় ii. মুনাফা জাতীয় আয় iii. মূলধন জাতীয় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৬. কোন দাখিলার মাধ্যমে আয়-ব্যয় হিসাব বন্ধ করা হয়?**
ⓚ প্রারম্ভিক ⓚ স্থানান্তর ⓖ সমন্বয় ⓖ সমাপনী

**১৭. চলমান জের ছকে হিসাবের জের জানা যায়–**
ⓚ নির্দিষ্ট সময়ে ⓚ যেকোনো সময়ে
ⓖ মাসের শেষে ⓖ মাসের প্রথমে

**১৮. ব্যয় হিসাবসমূহ সর্বদা কোন জের প্রকাশ করে?**
ⓚ ডেবিট ⓚ ক্রেডিট ⓖ প্রারম্ভিক ⓖ সমাপনী

**১৯. কোনটি অন্য তিনটি হতে ভিন্ন?**
ⓚ খাজনা ও কর ⓚ সুনাম ⓖ বিমা প্রিমিয়াম ⓖ কুঋণ

**২০. বিক্রয় ৪৫,০০০ টাকা, বিক্রয় ফেরত ৫,০০০ টাকা। পণ্য ক্রয় ২৫,০০০ টাকা। মোট মুনাফা কত?**
ⓚ ৪৫,০০০ টাকা ⓚ ২৫,০০০ টাকা
ⓖ ২০,০০০ টাকা ⓖ ১৫,০০০ টাকা

☐ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
২০২০ সালের ১ জানুয়ারি মিঃ রহিম ব্যবসায়ের জন্য ৬০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করলেন এবং মেশিনটির সংস্থাপন ব্যয় ছিল ১০,০০০ টাকা। ২০২০ সালের ডিসেম্বরে যন্ত্রটির অবচয় বাদ দেওয়ার পর ছিল ৫০,০০০ টাকা।

**২১. রহিমের মূলধন জাতীয় ব্যয় কত?**
ⓚ ৬০,০০০ টাকা ⓚ ১০,০০০ টাকা
ⓖ ৫০,০০০ টাকা ⓖ ৭০,০০০ টাকা

**২২. মেশিনটির অবচয়ের পরিমাণ কত?**
ⓚ ১০,০০০ টাকা ⓚ ৪০,০০০ টাকা
ⓖ ৫০,০০০ টাকা ⓖ ২০,০০০ টাকা

**২৩. বিক্রেতা প্রস্তুত করেন–**
i. ডেবিট নোট ii. চালান iii. ক্যাশমেমো
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪. জীবন বিমা প্রদান ১,০০০ টাকা, এখানে ডেবিট হবে কোন হিসাব?**
ⓚ উত্তোলন হিসাব ⓚ ক্রয় হিসাব
ⓖ জীবন বিমা প্রিমিয়াম হিসাব ⓖ বিমা প্রিমিয়াম

**২৫. বিক্রয় জাবেদায় কোন কলামটি অনুপস্থিত থাকে?**
ⓚ চালান ⓚ সূত্র ⓖ শর্ত ⓖ তারিখ

**২৬. হিসাবচক্রের ধাপগুলো পূর্ববর্তী ও পরবর্তী বছরের মধ্যে রক্ষা করে–**
ⓚ ব্যালেন্স ⓚ সমন্বয় ⓖ সমতা ⓖ ধারাবাহিকতা

☐ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাহান নগদ ১০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। মাস শেষে দেখা যায়, তিনি ব্যবসায় থেকে নগদ ১,৫০০ টাকা এবং ৫০০ টাকার পণ্য উত্তোলন করেছেন।

**২৭. মাসের শেষে জনাব জাহানের স্বত্বাধিকারের পরিমাণ কত টাকা?**
ⓚ ২,০০০ টাকা ⓚ ৮,০০০ টাকা
ⓖ ১০,০০০ টাকা ⓖ ১২,০০০ টাকা

**২৮. মূলধন আনয়নের ফলে হিসাব সমীকরণে–**
i. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে ii. দায় হ্রাস পাবে iii. সম্পদ বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৯. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয়– এখানে কোন হিসাবটি ডেবিট করতে হবে?**
ⓚ আসবাবপত্র হিসাব ⓚ নগদান হিসাব
ⓖ বিক্রয় হিসাব ⓖ ক্রয় হিসাব

**৩০. হিসাববিজ্ঞানের স্বীকৃত রীতিনীতি লঙ্ঘনের মাধ্যমে সংঘটিত হয়–**
ⓚ পরিপূরক ভুল ⓚ লেখার ভুল
ⓖ নীতিগত ভুল ⓖ বেদাখিলায় ভুল

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (সৃজনশীল) বিষয় কোড 146

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। **ক বিভাগ** হতে দুটি (আবশ্যিক) এবং **খ বিভাগ হতে পাঁচটিসহ** সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১। অর্পিতা এন্টারপ্রাইজ এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২২**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ১,০০,০০০ |
| নগদ তহবিল | ২০,৫০০ | |
| বেতন ও বকেয়া বেতন | ২৪,০০০ | ২,০০০ |
| ১০% বন্ধকী ঋণ (০১-০৭-২২) | | ৪০,০০০ |
| কুঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| আয়কর ও শিক্ষানবিস সেলামি | ৫,০০০ | ৪,০০০ |
| বিজ্ঞাপন (৫ বছর) | ২০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৩০,০০০ | ১০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,১০,০০০ | ১,৪০,০০০ |
| | ২,৯৯,৫০০ | ২,৯৯,৫০০ |

সমন্বয় :
১। অবিক্রীত পণ্যের মূল্য ২৮,০০০ টাকা।
২। ধারে পণ্য বিক্রয় ৩,০০০ টাকা।
৩। যন্ত্রপাতির উপর ৫% অবচয় ধরতে হবে।

(ক) অর্পিতা এন্টারপ্রাইজের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মোট মুনাফা ৬৩,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নিরূপণ কর। ৪
(গ) ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে অর্পিতা এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। লতিফ ব্রাদার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২২**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১–০১–২০২২) | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮০,০০০ | ১,২০,০০০ |
| বিক্রয় ফেরত ও সঞ্চিতি তহবিল | ৩,০০০ | ৩০,০০০ |
| আসবাবপত্র | ২৪,০০০ | |
| খাজনা ও কর | ১২,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ৮০,০০০ |
| বরাদ্দকৃত বাট্টা | ২,০০০ | |
| ভাড়া | ৩,০০০ | |
| অতিরিক্ত মূলধন (০১-০৭-২০২২) | | ১৪,০০০ |
| যন্ত্রপাতি | ৯০,০০০ | |
| | ২,৪৪,০০০ | ২,৪৪,০০০ |

অন্যান্য তথ্য :
১। সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১৪,০০০ টাকা, যার বাজার মূল্য ২,০০০ টাকা বেশি।
২। মালিকের ব্যক্তিগত অর্থে ব্যবসায়ের জন্য একটি নতুন মেশিন ক্রয় ১৫,০০০ টাকা।
৩। আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর।
৪। পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

(ক) বছর শেষে লতিফ ব্রাদার্সের স্থায়ী সম্পদের নিট মূল্য নির্ণয় কর। ২
(খ) উপরিউক্ত তথ্যের আলোকে লতিফ ব্রাদার্সের নিট মুনাফা/ক্ষতি নিরূপণ কর। ৪
(গ) লতিফ ব্রাদার্সের মালিকানাস্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪

## খ বিভাগ

৩। ২০২২ সালের জানুয়ারি মাসে বাবুল ব্রাদার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

জানুয়ারি ০১ নগদ বিক্রয় ৮০,০০০ টাকা।
" ১২ দোকান ভাড়া পরিশোধ ১০,০০০ টাকা।
" ২০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৩,৫০০ টাকা।
" ২৩ ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ২৮ ব্যাংকে জমা দেওয়া হলো ৫,০০০ টাকা।
" ৩০ ধারে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

(ক) জানুয়ারি মাসের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উক্ত মাসে বাবুল ব্রাদার্সের নগদ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) বাবুল ব্রাদার্সের ২০ থেকে ৩০ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের মাধ্যমে দেখাও যে, $A = L + E$. ৪

৪। মি. রাহুল তার ব্যবসায়ের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করেন না। ২০২২ সালের তার হিসাব বই থেকে প্রাপ্ত তথ্য নিম্নরূপ :

| বিবরণ | ০১-০১-২০২২ টাকা | ৩১-১২-২০২২ টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | | ১৮,৫০০ |
| বকেয়া খরচাবলি | ২,৫০০ | |
| নগদ | ১০,০০০ | ২৫,০০০ |
| ঋণ | | ১০,০০০ |

উল্লেখ্য, মি. রাহুল প্রতি মাসে ১,৫০০ টাকা করে নগদ এবং সারা বছরে মোট ৮০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়া তিনি বছরের মাঝামাঝি সময়ে ব্যবসায়ে ৮,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন।

(ক) মি. রাহুলের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মি. রাহুলের সমাপনী মূলধন নিরূপণ কর। ৪
(গ) উক্ত বছরে মি. রাহুলের লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

৫। পলি ট্রেডার্সের ২০২২ সালের সেপ্টেম্বর মাসের লেনদেনগুলো নিম্নরূপ :
ব্যবসায়ে ৭৫,০০০ টাকা বিনিয়োগ করেন।
ইজারা সম্পত্তির ব্যয় ২০,০০০ টাকা।
পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকা।
ভাড়া প্রাপ্তি ৫,০০০ টাকা (যার মধ্যে ১,০০০ টাকা ২০২৩ সালের)।
অত্যধিক বিজ্ঞাপন খরচ ১২,০০০ টাকা।
আগুনে বিনষ্ট পণ্য ১,০০০ টাকা।
ভাড়া প্রদান ৫,০০০ টাকা।
গৃহীত ঋণ ২০,০০০ টাকা।
নতুন পণ্যের গবেষণা ব্যয় ১৮,০০০ টাকা।
চেয়ার ও টেবিল ক্রয় ৫,০০০ টাকা।

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় কত? ২
(খ) মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয় নিরূপণ কর। ৪

৬। জনাব আরিফ ২০২২ সালের ১ ফেব্রুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা এবং প্রতিটি ৪০,০০০ টাকা মূল্যের ২টি কম্পিউটার নিয়ে ব্যবসায় শুরু করেন।

ফেব্রুয়ারি ০৫ রাফি ট্রেডার্সের কাছে ৫% বাট্টায় পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ১০ বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৮ রাফি ট্রেডার্স থেকে পণ্য ফেরত আসলো ৩,০০০ টাকা। ক্রেডিট নোট- ১০১।
" ২৫ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ১,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ফেব্রুয়ারি ১৮ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ৪
(গ) ফেব্রুয়ারি ১, ৫, ১০ ও ২৫ তারিখের লেনদেনগুলো কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

৭। কাপড় ব্যবসায়ী 'ঢাকাই বস্ত্রালয়' এর ২০২২ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ০১ ৫% বাট্টায় শাড়ি মিউজিয়াম হতে প্রতিটি ৭৫০ টাকা দরে ৫০০টি শাড়ি ক্রয় এবং বহন খরচ ৮০০ টাকা। চালান নং-১০১, শর্ত ২/১০, নিট ২০।
" ০৫ তিন মাসের ভাড়া অগ্রিম পরিশোধ ৬,০০০ টাকা।
" ১২ পুরাতন আসবাবপত্র মেরামত ৭০০ টাকা।
" ১৮ নগদ উত্তোলন ১,০০০ টাকা
" ২০ এম আলী ব্রাদার্স হতে প্রতিটি ৮০০ টাকা দরে ৪০০ খানা ধূতী ক্রয়। ব্যবসায়িক বাট্টা ১০%। প্যাকিং খরচ ৩৫০ টাকা।
" ৩১ কাগজ, কালি ও কার্বন ক্রয় ৮০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য হতে ক্রয়সংক্রান্ত আনুষজ্ঞিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মার্চ মাসের লেনদেনের ভিত্তিতে ঢাকাই বস্ত্রালয়ের ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

৮। তুষার এন্টারপ্রাইজের ২০২২ সালের জুলাই মাসের লেনদেন নিম্নরূপ :

জুলাই ১০ রানিকা ট্রেডার্স এর নিকট প্রতি কেজি ১১০ টাকা দরে ২০০ কেজি মসুর ডাল বিক্রয়। প্যাকিং খরচ ২৫০ টাকা। কারবারি বাট্টা ৫%। চালান নং-৩০১।
" ২০ রাসেল এন্টারপ্রাইজ এর নিকট প্রতি ৫০ কেজির বস্তা ২,৫০০ টাকা দরে ৫০ বস্তা মিনিকেট চাল বিক্রয়। চালানে পরিবহন খরচ ধরা হয়েছে ১,০০০ টাকা। কারবারি বাট্টা ১০%। চালান নং-৩০২।

(ক) কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) তুষার এন্টারপাইজের বিক্রয় জাবেদা প্রদত্ত কর। ৪
(গ) তুষার এন্টারপ্রাইজের লেনদনগুলোর সংশ্লিষ্ট খতিয়ান তৈরি কর। ৪

৯। মেসার্স সালের এন্ড কোং এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিচে দেওয়া হলো :

মূলধন ১,০০,০০০ টাকা, বিমা ৫,০০০ টাকা, ইজারা সম্পত্তি ১৮,০০০ টাকা, সাপ্লাইজ খরচ ৪৬,৫০০ টাকা, অনুপার্জিত রেভিনিউ ৬,০০০ টাকা, প্রাপ্ত কমিশন ১০,০০০ টাকা, সাধারণ সঞ্চিতি ২৬,০০০ টাকা, ৮% বিনিয়োগ ৫০,০০০ টাকা, বিজ্ঞাপন ৭,০০০ টাকা, অভিকর ৩,৫০০ টাকা, প্রাপ্য হিসাব ১৮,০০০ টাকা, বাণিজ্যিক খরচ ৩০,০০০ টাকা, গৃহীত ঋণ ৫০,০০০ টাকা, সেবা আয় ২১,০০০ টাকা, উপযোগ বিল ৩০,০০০ টাকা, মনিহারি ৫,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য থেকে মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মেসার্স সালের এন্ড কোং এর সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নিরূপণ কর। ৪
(গ) উপরিউক্ত তথ্য থেকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০। খান ব্রাদার্স এর হিসাব বই হতে নিম্নের হিসাবটি সংগৃহীত :

প্রাপ্য হিসাব

| তাং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ২০২২ | | |
| জুলাই ১ | ব্যালেন্স B/D | ১৫,০০০ |
| জুলাই ৫ | বিক্রয় হিসাব | ৭০,০০০ |
| জুলাই ৮ | কুঋণ হিসাব | ৩,০০০ |
| জুলাই ২০ | বিক্রয় ফেরত হিসাব | ২,০০০ |
| জুলাই ২৮ | ব্যাংক হিসাব | ২০,০০০ |

(ক) খান ব্রাদার্সের উপর্যুক্ত প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত হিসাবের ভিত্তিতে খান ব্রাদার্সের ২০২২ সালের জুলাই মাসের জাবেদা দাখিলা প্রদান কর। ৪
(গ) চলমান জের ছক অনুসরণপূর্বক বিক্রয় হিসাব, কুঋণ হিসাব, বিক্রয় ফেরত হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

১১। জনাব পলাশের ব্যবসায়ের ২০২২ সালের জানুয়ারি মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

২০২২
জানুয়ারি ০১ ব্যবসায়ে ১,০০,০০০ টাকা বিনিয়োগ করা হলো।
" ০২ ধারে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ ১৫,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ করা হলো।
" ১৫ নিলয়ের নিকট চেকে বিক্রয় ২০,০০০ টাকা।
" ২০ ১০,০০০ টাকা দিয়ে একটি ডেলিভারি ভ্যান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।
" ২৭ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

(ক) লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** অর্পিতা এন্টারপ্রাইজ এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২২**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ১,০০,০০০ |
| নগদ তহবিল | ২০,৫০০ | |
| বেতন ও বকেয়া বেতন | ২৪,০০০ | ২,০০০ |
| ১০% বন্ধকি ঋণ (০১-০৭-২২) | | ৪০,০০০ |
| কুঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| আয়কর ও শিক্ষানবিস সেলামি | ৫,০০০ | ৪,০০০ |
| বিজ্ঞাপন (৫ বছর) | ২০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৩০,০০০ | ১০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,১০,০০০ | ১,৪০,০০০ |
| | ২,৯৯,৫০০ | ২,৯৯,৫০০ |

সমন্বয় :
১। অবিক্রীত পণ্যের মূল্য ২৮,০০০ টাকা।
২। ধারে পণ্য বিক্রয় ৩,০০০ টাকা।
৩। যন্ত্রপাতির উপর ৫% অবচয় ধরতে হবে।

ক. অর্পিতা এন্টারপ্রাইজের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট মুনাফা ৬৩,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নিরূপণ কর। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে অর্পিতা এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** অর্পিতা এন্টারপ্রাইজের মোট উত্তোলনের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উত্তোলন | ২০,০০০ | |
| আয়কর | ৫,০০০ | |
| **মোট উত্তোলনের পরিমাণ** | | **২৫,০০০** |

∴ মোট উত্তোলনের পরিমাণ ২৫,০০০ টাকা।

**খ** অর্পিতা এন্টারপ্রাইজ এর
বিশদ আয় বিবরণী
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৬৩,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | | ২৪,০০০ | |
| বিজ্ঞাপন (৫ বছর) | ২০,০০০ | | |
| বাদ : বিলম্বিত বিজ্ঞাপন $\left(20000 \times \frac{4}{5}\right)$ | (১৬,০০০) | ৪,০০০ | |

| | | | |
|---|---|---|---|
| যন্ত্রপাতির অবচয় | | ৩,৫০০ | |
| বাদ : প্রারম্ভিক কুঋণ সঞ্চিতি | | (৩,৫০০) | |
| | | | (২৮,০০০) |
| পরিচালন মুনাফা | | | ৩৫,০০০ |
| **(+) অন্যান্য আয় :** | | | |
| শিক্ষানবিশ সেলামি | | | ৪,০০০ |
| | | | ৩৯,০০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | |
| ঋণের সুদ | | | (২,০০০) |
| নিট মুনাফা | | | ৩৭,০০০ |

∴ নিট মুনাফা ৩৭,০০০ টাকা।

**গ**

অর্পিতা এন্টারপ্রাইজের
আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর ২০২২ তারিখের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| যন্ত্রপাতি | | ৭০,০০০ | |
| (−) পুঞ্জীভূত অবচয় | | (৩,৫০০) | |
| মোট স্থায়ী সম্পদ | | | ৬৬,৫০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| নগদ তহবিল | | ২০৫০০ | |
| দেনাদার | ৩০,০০০ | | |
| (+) অলিখিত বিক্রয় | ৩,০০০ | | |
| সমাপনী মজুদ পণ্য | | ৩৩,০০০ | |
| | | ২৮,০০০ | |
| মোট চলতি সম্পদ | | | ৮১,৫০০ |
| **অলীক সম্পদ :** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | | ১৬,০০০ |
| অনিশ্চিত হিসাব | | | ২,০০০ |
| মোট সম্পদ | | | ১,৬৬,০০০ |
| **মালিকানাস্বত্ব ও দায়সমূহ :** | | | |
| মূলধন | | ১,০০,০০০ | |
| (+) নিট মুনাফা | | ৩৭,০০০ | |
| (−) উত্তোলন | | ১,৩৭,০০০ | |
| | | (২৫,০০০) | ১,১২,০০০ |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | | |
| ১০% বন্ধকি ঋণ | | | ৪০,০০০ |
| **স্বল্পমেয়াদি দায় :** | | | |
| বকেয়া বেতন | | ২,০০০ | |
| পাওনাদার | | ১০,০০০ | |
| বন্ধকি ঋণের সুদ | | ২,০০০ | |
| | | | ১৪,০০০ |
| **মালিকানাস্বত্ব ও মোট দায় :** | | | **১,৬৬,০০০** |

∴ আর্থিক অবস্থার যোগফল **১,৬৬,০০০** টাকা।

**প্রশ্ন ▶ ০২** লতিফ ব্রাদার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২২**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১–০১–২০২২) | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮০,০০০ | ১,২০,০০০ |
| বিক্রয় ফেরত ও সঞ্চিতি তহবিল | ৩,০০০ | ৩০,০০০ |
| আসবাবপত্র | ২৪,০০০ | |
| খাজনা ও কর | ১২,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ৮০,০০০ |
| বরাদ্দকৃত বাট্টা | ২,০০০ | |
| ভাড়া | ৩,০০০ | |
| অতিরিক্ত মূলধন (০১-০৭-২০২২) | | ১৪,০০০ |
| যন্ত্রপাতি | ৯০,০০০ | |
| | ২,৪৪,০০০ | ২,৪৪,০০০ |

অন্যান্য তথ্য :
১। সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১৪,০০০ টাকা, যার বাজার মূল্য ২,০০০ টাকা বেশি।
২। মালিকের ব্যক্তিগত অর্থে ব্যবসায়ের জন্য একটি নতুন মেশিন ক্রয় ১৫,০০০ টাকা।
৩। আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর।
৪। পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

ক. বছর শেষে লতিফ ব্রাদার্সের স্থায়ী সম্পদের নিট মূল্য নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যের আলোকে লতিফ ব্রাদার্সের নিট মুনাফা/ক্ষতি নিরূপণ কর। ৪
গ. লতিফ ব্রাদার্সের মালিকানাস্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** লতিফ ব্রাদার্স এর মোট স্থায়ী সম্পদের নিট মূল্য :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ২৪,০০০ | |
| (−) পুঞ্জীভূত অবচয় | (২,৪০০) | |
| | | ২১,৬০০ |
| যন্ত্রপাতি | ৯০,০০০ | |
| (+) অলিখিত ক্রয় | ১৫,০০০ | |
| | | ১,০৫,০০০ |
| **স্থায়ী সম্পদের নিট মূল্য** | | **১,২৬,৬০০** |

∴ স্থায়ী সম্পদের নিট মূল্য ১,২৬,৬০০ টাকা।

**খ**

লতিফ ব্রাদার্স এর
বিশদ আয় বিবরণী
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১,২০,০০০ | |
| (−) বিক্রয় ফেরত | | (৩,০০০) | |
| **নিট বিক্রয়** | | | ১,১৭,০০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয়** | | | |
| মজুদ পণ্য (০১.০১.২২) | | ২০,০০০ | |
| ক্রয় | ৮০,০০০ | | |
| (−) পণ্য উত্তোলন | (২,০০০) | ৭৮,০০০ | |
| | | ৯৮,০০০ | |

| | | | |
|---|---|---|---|
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | (১৪,০০০) | |
| | | | (৮৪,০০০) |
| **মোট মুনাফা** | | | ৩৩,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| খাজনা ও কর | | ১২,০০০ | |
| বরাদ্দকৃত বাট্টা | | ২,০০০ | |
| ভাড়া | | ৩,০০০ | |
| আসবাবপত্রের অবচয় | | ২,৪০০ | |
| | | | (১৯,৪০০) |
| **নিট মুনাফা** | | | **১৩,৬০০** |

∴ নিট মুনাফা ১৩,৬০০ টাকা।

**গ**

লতিফ ব্রাদার্স

মালিকানাস্বত্ব বিবরণী

২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ৮০,০০০ | |
| (+) অতিরিক্ত মূলধন (১৪,০০০ + ১৫,০০০) | ২৯,০০০ | |
| | ১,০৯,০০০ | |
| যোগ : নিট মুনাফা (খ হতে প্রাপ্ত) | ১৩,৬০০ | |
| | | ১,২২,৬০০ |
| বাদ : উত্তোলন (নগদ) | ১০,০০০ | |
| (+) পণ্য | ২,০০০ | (১২,০০০) |
| | | ১,১০,৬০০ |
| যোগ : সঞ্চিতি তহবিল | | ৩০,০০০ |
| **মালিকানাস্বত্ব (সমাপনী উদ্বৃত্ত)** | | **১,৪০,৬০০** |

∴ মালিকানা স্বত্বের সমাপনী উদ্বৃত্ত ১,৪০,৬০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৩** ২০২২ সালের জানুয়ারি মাসে বাবুল ব্রাদার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

জানুয়ারি ০১ নগদ বিক্রয় ৮০,০০০ টাকা।
" ১২ দোকান ভাড়া পরিশোধ ১০,০০০ টাকা।
" ২০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৩,৫০০ টাকা।
" ২৩ ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ২৮ ব্যাংকে জমা দেওয়া হলো ৫,০০০ টাকা।
" ৩০ ধারে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

ক. জানুয়ারি মাসের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উক্ত মাসে বাবুল ব্রাদার্সের নগদ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. বাবুল ব্রাদার্সের ২০ থেকে ৩০ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের মাধ্যমে দেখাও যে, A = L + E. ৪

[ঢা. বো. ২০২৩]

**<u>৩নং প্রশ্নের সমাধান</u>**

**ক** বাবুল ব্রাদার্স এর মোট বিক্রয়ের পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-১ | নগদ বিক্রয় | ৮০,০০০ | |
| " ৩০ | ধারে পণ্য বিক্রয় | ২৫,০০০ | |
| | **মোট বিক্রয়** | | **১,০৫,০০০** |

∴ মোট বিক্রয়ের পরিমাণ ১,০৫,০০০ টাকা।

**খ** বাবুল ব্রাদার্স এর নগদ লেনদেনের পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-১ | নগদ বিক্রয় | ৮০,০০০ | |
| ” ১২ | দোকান ভাড়া পরিশোধ | ১০,০০০ | |
| ” ২০ | পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৩,৫০০ | |
| ” ২৮ | ব্যাংকে জমা দেওয়া হলো | ৫,০০০ | |
| | **মোট নগদ লেনদেন** | | **৯৮,৫০০** |

∴ নগদ লেনদেনের পরিমাণ ৯৮,৫০০ টাকা।

**গ** বাবুল ব্রাদার্স

বাবুল ব্রাদার্স এর ২০২২ সালের ২০ থেকে ৩০ তারিখের লেনদেন দ্বারা হিসাব সমীকরণের মাধ্যমে নিম্নে দেখানো হলো যে, A = L + E.

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | | = | দায় (L) | + | মালিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | আসবাবপত্র | ব্যাংক | প্রাপ্য হিসাব | | পাওনাদার | | স্বত্ব (OE) | |
| ২০২২ জানু.-২০ | | ৩,৫০০ | (৩,৫০০) | | | = | | + | | |
| ” ২৩ | উদ্বৃত্ত | ৩,৫০০ | (৩,৫০০) | | | = | ৩০,০০০ | + | (৩০,০০০) | ক্রয় খরচ |
| ” ২৮ | উদ্বৃত্ত | ৩,৫০০<br>(৫,০০০) | (৩,৫০০) | ৫,০০০ | | = | ৩০,০০০ | + | (৩০,০০০) | |
| ” ৩০ | উদ্বৃত্ত | (১,৫০০) | (৩,৫০০) | ৫,০০০ | ২৫,০০০ | = | ৩০,০০০ | + | (৩০,০০০)<br>২৫,০০০ | বিক্রয় আয় |
| | উদ্বৃত্ত | (১,৫০০) | (৩,৫০০) | ৫,০০০ | ২৫,০০০ | = | ৩০,০০০ | + | (৫,০০০) | |
| | **মোট** | **২৫,০০০** | | | | = | **২৫,০০০** | | | |

হিসাব সমীকরণের যোগফল ২৫,০০০ টাকা।

∴ A = L + OE . **(দেখানো হলো)**

**প্রশ্ন ▶ ০৪** মি. রাহুল তার ব্যবসায়ের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করেন না। ২০২২ সালে তার হিসাব বই থেকে প্রাপ্ত তথ্য নিম্নরূপ :

| বিবরণ | ০১-০১-২০২২ টাকা | ৩১-১২-২০২২ টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | | ১৮,৫০০ |
| বকেয়া খরচাবলি | ২,৫০০ | |
| নগদ | ১০,০০০ | ২৫,০০০ |
| ঋণ | | ১০,০০০ |

উল্লেখ্য, মি. রাহুল প্রতি মাসে ১,৫০০ টাকা করে নগদ এবং সারা বছরে মোট ৮০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়া তিনি বছরের মাঝামাঝি সময়ে ব্যবসায়ে ৮,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন।

ক. মি. রাহুলের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মি. রাহুলের সমাপনী মূলধন নিরূপণ কর। ৪

গ. উক্ত বছরে মি. রাহুলের লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** মি. রাহুলের প্রারম্ভিক মূলধন নির্ণয় :

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ − প্রারম্ভিক মোট দায়

= {(প্রাপ্য হিসাব + নগদ)− (প্রদেয় হিসাব + বকেয়া খরচাবলি)}

= {(২০,০০০ + ১০,০০০) − (১৫,০০০ + ২,৫০০)} টাকা

= (৩০,০০০ − ১৭,৫০০) টাকা

= ১২,৫০০ টাকা

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ১২,৫০০ টাকা।

**খ** মি. রাহুলের সমাপনী মূলধন :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ − সমাপনী মোট দায়
= {(প্রাপ্য হিসাব + মজুদ পণ্য + নগদ) − (প্রদেয় হিসাব + ঋণ)}
= {(৩০,০০০ + ১৮,৫০০ + ২৫,০০০) − (২০,০০০ + ১০,০০০)} টাকা
= (৭৩,৫০০ − ৩০,০০০) টাকা
= ৪৩,৫০০ টাকা

**উত্তর :** সমাপনী মূলধন ৪৩,৫০০ টাকা।

**গ** মি. রাহুলের লাভ/ক্ষতি নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= {(৪৩,৫০০ + ১৮,৮০০) − (১২,৫০০ + ৮,০০০)}
= (৬২,৩৮০ − ২০,৫০০) টাকা
= ৪১,৮০০ টাকা।

**উত্তর :** লাভের পরিমাণ = ৪১,৮০০ টাকা।

এখানে,
মোট উত্তোলন = নগদ উত্তোলন + পণ্য উত্তোলন
= {(১,৫০০ × ১২) + ৮০০} টাকা
= (১৮,০০০ + ৮০০) টাকা
= ১৮,৮০০ টাকা

**প্রশ্ন ▶ ০৫** পলি ট্রেডার্সের ২০২২ সালের সেপ্টেম্বর মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

ব্যবসায়ে ৭৫,০০০ টাকা বিনিয়োগ করেন।
ইজারা সম্পত্তির ব্যয় ২০,০০০ টাকা।
পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকা।
ভাড়া প্রাপ্তি ৫,০০০ টাকা (যার মধ্যে ১,০০০ টাকা ২০২৩ সালের)।
অত্যধিক বিজ্ঞাপন খরচ ১২,০০০ টাকা।
আগুনে বিনষ্ট পণ্য ১,০০০ টাকা।
ভাড়া প্রদান ৫,০০০ টাকা।
গৃহীত ঋণ ২০,০০০ টাকা।
নতুন পণ্যের গবেষণা ব্যয় ১৮,০০০ টাকা।
চেয়ার ও টেবিল ক্রয় ৫,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় কত? ২
খ. মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয় নিরূপণ কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| ক্রমিক নং | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ১. | অত্যধিক বিজ্ঞাপন খরচ | ১২,০০০ | |
| ২. | নতুন পণ্যের গবেষণা ব্যয় | ১৮,০০০ | |
| | **বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | **৩০,০০০** |

∴ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৩০,০০০ টাকা।

**খ** মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মূলধন জাতীয় প্রাপ্তি :** | | |
| ব্যবসায়ে বিনিয়োগ | ৭৫,০০০ | |
| গৃহীত ঋণ | ২০,০০০ | |
| **মোট মূলধন জাতীয় প্রাপ্তি** | | ৯৫,০০০ |
| **মূলধন জাতীয় ব্যয় :** | | |
| ইজারা সম্পত্তির ব্যয় | ২০,০০০ | |
| চেয়ার ও টেবিল ক্রয় | ৫,০০০ | |
| **মোট মূলধন জাতীয় ব্যয়** | | **২৫,০০০** |

∴ মোট মূলধন জাতীয় প্রাপ্তি ৯৫,০০০ টাকা এবং মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ২৫,০০০ টাকা।

**গ** মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| পণ্য বিক্রয় | ৪৫,০০০ | |
| ভাড়া প্রাপ্তি | ৪,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় আয় :** | | ৪৯,০০০ |
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| আগুনে বিনষ্ট পণ্য | ১,০০০ | |
| ভাড়া প্রদান | ৫,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয় :** | | **৬,০০০** |

∴ মোট মুনাফা জাতীয় আয় ৪৯,০০০ টাকা এবং মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** জনাব আরিফ ২০২২ সালের ১ ফেব্রুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা এবং প্রতিটি ৪০,০০০ টাকা মূল্যের ২টি কম্পিউটার নিয়ে ব্যবসায় শুরু করেন।

ফেব্রুয়ারি ০৫ রাফি ট্রেডার্সের কাছে ৫% বাট্টায় পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ১০ বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৮ রাফি ট্রেডার্স থেকে পণ্য ফেরত আসলো ৩,০০০ টাকা। ক্রেডিট নোট- ১০১।
" ২৫ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ১,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ফেব্রুয়ারি ১৮ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ৪
গ. ফেব্রুয়ারি ১, ৫, ১০ ও ২৫ তারিখের লেনদেনগুলো কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব আরিফের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদান হিসাব | ১,৫০,০০০ | |
| অফিস সরঞ্জাম হিসাব (৪০,০০০ × ২) | ৮০,০০০ | |
| **মোট প্রারম্ভিক মূলধনের পরিমাণ** | | **২,৩০,০০০** |

∴ মোট প্রারম্ভিক মূলধনের পরিমাণ ২,৩০,০০০ টাকা।

**খ** ফেব্রুয়ারি ১৮ তারিখের লেনদেনের ভিত্তিতে ক্রেডিট নোট নিম্নরূপ :

ক্রেডিট নোট নং : ১০১ **মি. আরিফ** তারিখ : ১৮ ফেব্রুয়ারি, ২০২২

..................................

প্রাপকের নাম : রাফি ট্রেডার্স **ক্রেডিট নোট**

ঠিকানা :

সূত্র : ডেবিট নোট : ........................

| ক্রঃ নং | মালের বিবরণ ও ফেরতের কারণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | পণ্য ফেরত পাওয়ায় আপনাদের হিসাবকে উক্ত পণ্যের মূল্য দ্বারা ক্রেডিট করা হয়েছে– | ৩,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা ৫% | (১৫০) |
| | | ২,৮৫০ |

**টাকা (কথায়) :** দুই হাজার আট শত পঞ্চাশ টাকা মাত্র।

..................................
বিক্রয় ব্যবস্থাপক

**গ** ফেব্রুয়ারি ১, ৫, ১০, ২৫ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করা হলো :

| তারিখ | সংশ্লিষ্ট পক্ষ/হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| ফেব্রুয়ারি-১ | নগদান হিসাব | ডেবিট | ১,৫০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | যন্ত্রপাতি হিসাব | ডেবিট | ৮০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ২,৩০,০০০ | মালিকানাস্বত্ব বৃদ্ধি |
| " ৫ | দেনাদার হিসাব (রাফি) | ডেবিট | ৪৭,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ৪৭,৫০০ | আয় বৃদ্ধি |
| " ১০ | ক্রয় হিসাব | ডেবিট | ৩০,০০০ | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৩০,০০০ | সম্পদ হ্রাস |
| " ২৫ | উত্তোলন হিসাব | ডেবিট | ১,০০০ | মালিকানাস্বত্ব হ্রাস |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | ১,০০০ | ব্যয় হ্রাস |

**প্রশ্ন ▶ ০৭** কাপড় ব্যবসায়ী 'ঢাকাই বস্ত্রালয়' এর ২০২২ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ০১ ৫% বাট্টায় শাড়ি মিউজিয়াম হতে প্রতিটি ৭৫০ টাকা দরে ৫০০টি শাড়ি ক্রয় এবং বহন খরচ ৮০০ টাকা। চালান নং-১০১, শর্ত ২/১০, নিট ২০।

" ০৫ তিন মাসের ভাড়া অগ্রিম পরিশোধ ৬,০০০ টাকা।

" ১২ পুরাতন আসবাবপত্র মেরামত ৭০০ টাকা।

" ১৮ নগদ উত্তোলন ১,০০০ টাকা।

" ২০ এম আলী ব্রাদার্স হতে প্রতিটি ৮০০ টাকা দরে ৪০০ খানা ধুতি ক্রয়। ব্যবসায়িক বাট্টা ১০%। প্যাকিং খরচ ৩৫০ টাকা।

" ৩১ কাগজ, কালি ও কার্বন ক্রয় ৮০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে ক্রয়সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ মাসের লেনদেনের ভিত্তিতে ঢাকাই বস্ত্রালয়ের ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. ক্রয় জাবেদাসংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

[ঢা. বো. ২০২৩]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** ক্রয়সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বহন খরচ | ৮০০ | |
| প্যাকিং খরচ | ৩৫০ | |
| **ক্রয়সংক্রান্ত মোট আনুষঙ্গিক খরচ** | | **১,১৫০** |

∴ ক্রয়সংক্রান্ত মোট আনুষঙ্গিক খরচ ১,১৫০ টাকা।

**খ**

ঢাকাই বস্ত্রালয়

ক্রয় জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নং | সূত্র | ক্রয় হিসাব ডেবিট<br>পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| মার্চ-১ | শাড়ি মিউজিয়াম (গণনাকার্য-০১) | ২/১০ নিট ২০ | ১০১ | ✓ | ৩,৫৭,০৫০ |
| " ২০ | আলী ব্রাদার্স (গণনাকার্য-০২) | | | ✓ | ২,৮৮,৩৫০ |
| | | | | | ৬,৪৫,৪০০ |

∴ ক্রয় জাবেদার যোগফল ৬,৪৫,৪০০ টাকা।

**গণনাকার্য-০১** : শাড়ি মিউজিয়াম = {(৭৫০ × ৫০০) − ৫%} + ৮০০ = ৩,৫৭,০৫০ টাকা।

**গণনাকার্য-০২** : আলী ব্রাদার্স = {(৮০০ × ৪০০) − ১০%} + ৩৫০ = ২,৯৯,৩৫০ টাকা।

**গ** ঢাকাই বস্ত্রালয় এর
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| মার্চ-৫ | অগ্রিম ভাড়া হিসাব | ডেবিট | | ৬,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৬,০০০ |
| | [অগ্রিম ভাড়া প্রদান করা হলো] | | | | |
| " ১২ | আসবাবপত্র মেরামত হিসাব | ডেবিট | | ৭০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৭০০ |
| | [আসবাবপত্র মেরামত করা হলো] | | | | |
| " ১৮ | উত্তোলন হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১,০০০ |
| | [নগদ উত্তোলন করা হলো] | | | | |
| " ৩১ | মনিহারি হিসাব | ডেবিট | | ৮০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৮০০ |
| | [মনিহারি ক্রয় করা হলো] | | | | |
| | **মোট** | | | **৮,৫০০** | **৮,৫০০** |

∴ সাধারণ জাবেদার যোগফল ৮,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৮** তুষার এন্টারপ্রাইজ ২০২২ সালের জুলাই মাসের লেনদেন নিম্নরূপ :

জুলাই ১০ রানিকা ট্রেডার্স এর নিকট প্রতি কেজি ১১০ টাকা দরে ২০০ কেজি মসুর ডাল বিক্রয়। প্যাকিং খরচ ২৫০ টাকা। কারবারি বাট্টা ৫%। চালান নং-৩০১।

" ২০ রাসেল এন্টারপ্রাইজ এর নিকট প্রতি ৫০ কেজির বস্তা ২,৫০০ টাকা দরে ৫০ বস্তা মিনিকেট চাল বিক্রয়। চালানে পরিবহণ খরচ ধরা হয়েছে ১,০০০ টাকা। কারবারি বাট্টা ১০%। চালান নং-৩০২।

ক. কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. তুষার এন্টারপাইজের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. তুষার এন্টারপ্রাইজের লেনদনগুলোর সংশ্লিষ্ট খতিয়ান তৈরি কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** কারবারি বাট্টার পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জুলাই-১০ | বিক্রয় বাট্টা {(১১০ × ২০০) × ৫%} | ১,১০০ | |
| " ২০ | বিক্রয় বাট্টা {(৫০০ × ৫০) × ১০%) | ১২,৫০০ | |
| | **মোট কারবারি বাট্টা :** | | **১৩,৬০০** |

∴ মোট কারবারি বাট্টা ১৩,৬০০ টাকা।

**খ** তুষার এন্টারপ্রাইজ
বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নাম্বার | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| জুলাই-১০ | আনিকা ট্রেডার্স (গণনাকার্য–০১) | ৩০১ | ✓ | ২১,১৫০ |
| " ২০ | রাসেল ট্রেডার্স (গণনাকার্য–০২) | ৩০২ | ✓ | ১,১৩,৫০০ |
| | | | | ১,৩৪,৬৫০ |

∴ বিক্রয় জাবেদার যোগফল ১,৩৪,৬৫০ টাকা।

**গণনাকার্য–০১ :** আনিকা ট্রেডার্স = {(১১০ × ২০০) × ৫%} + ২৫০ = ২১,১৫০ টাকা।

**গণনাকার্য–০২ :** রাসেল ট্রেডার্স = {(২,৫০০ × ৫০) × ১০%} + ১,০০০ = ১,১৩,৫০০ টাকা।

**গ**

তুষার এন্টারপ্রইজ এর

খতিয়ান (চলমান জের ছক)

বিক্রয় হিসাব — হিসাবের কোড নং : ........

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ জুলাই–৩১ | প্রাপ্য হিসাব | | ১,৩৪,৬৫০ | | ১,৩৪,৬৫০ | |

প্রাপ্য হিসাব — হিসাবের কোড নং : ........

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ জুলাই–৩১ | বিক্রয় হিসাব (খ হতে প্রাপ্ত) | | ১,৩৪,৬৫০ | | ১,৩৪,৬৫০ | |

∴ বিক্রয় হিসাবের ডেবিট উদ্বৃত্ত ১,৩৪,৬৫০ টাকা এবং প্রাপ্য হিসাবের ডেবিট উদ্বৃত্ত ১,৩৪,৬৫০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** মেসার্স সালের এন্ড কোং এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিচে দেওয়া হলো : মূলধন ১,০০,০০০ টাকা, বিমা ৫,০০০ টাকা, ইজারা সম্পত্তি ১৮,০০০ টাকা, সাপ্লাইজ খরচ ৪৬,৫০০ টাকা, অনুপার্জিত রেভিনিউ ৬,০০০ টাকা, প্রাপ্ত কমিশন ১০,০০০ টাকা, সাধারণ সঞ্চিতি ২৬,০০০ টাকা, ৮% বিনিয়োগ ৫০,০০০ টাকা, বিজ্ঞাপন ৭,০০০ টাকা, অভিকর ৩,৫০০ টাকা, প্রাপ্য হিসাব ১৮,০০০ টাকা, বাণিজ্যিক খরচ ৩০,০০০ টাকা, গৃহীত ঋণ ৫০,০০০ টাকা, সেবা আয় ২১,০০০ টাকা, উপযোগ বিল ৩০,০০০ টাকা, মনিহারি ৫,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য থেকে মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. মেসার্স সালের এন্ড কোং এর সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নিরূপণ কর। ৪

গ. উপরিউক্ত তথ্য থেকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ১,০০,০০০ | |
| গৃহীত ঋণ | ৫০,০০০ | |
| **মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ** | | **১,৫০,০০০** |

∴ মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় ১,৫০,০০০ টাকা।

**খ** মেসার্স সালের এন্ড কোং এর সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদ :** | | |
| ইজারা সম্পত্তি | ১৮,০০০ | |
| ৮% বিনিয়োগ | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৮,০০০ | |
| **মোট সমাপনী সম্পদ** | | ৮৬,০০০ |
| **সমাপনী দায় :** | ৬,০০০ | |
| অনুপার্জিত রেভিনিউ | ৫০,০০০ | |
| গৃহীত ঋণ | | |
| **মোট সমাপনী দায়** | | **৫৬,০০০** |

∴ মোট সমাপনী সম্পদ ৮৬,০০০ টাকা এবং সমাপনী দায়ের পরিমাণ ৫৬,০০০ টাকা।

**গ**

মেসার্স সালের এন্ড কোং
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ১,০০,০০০ |
| ২ | বিমা | | ৫,০০০ | |
| ৩ | ইজারা সম্পত্তি | | ১৮,০০০ | |
| ৪ | সাপ্লাইজ খরচ | | ৪৬,৫০০ | |
| ৫ | অনুপার্জিত রেভিনিউ | | | ৬,০০০ |
| ৬ | প্রাপ্ত কমিশন | | | ১০,০০০ |
| ৭ | সাধারণ সঞ্চিতি | | | ২৬,০০০ |
| ৮ | ৮% বিনিয়োগ | | ৫০,০০০ | |
| ৯ | বিজ্ঞাপন | | ৭,০০০ | |
| ১০ | অভিকর | | ৩,৫০০ | |
| ১১ | প্রাপ্য হিসাব | | ১৮,০০০ | |
| ১২ | বাণিজ্যিক খরচ | | ৩০,০০০ | |
| ১৩ | গৃহীত ঋণ | | | ৫০,০০০ |
| ১৪ | সেবা আয় | | | ২১,০০০ |
| ১৫ | উপযোগ বিল | | ৩০,০০০ | |
| ১৬ | মনিহারি | | ৫,০০০ | |
| | **মোট =** | | **২,১৩,০০০** | **২,১৩,০০০** |

∴ রেওয়ামিলের যোগফল ২,১৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** খান ব্রাদার্স এর হিসাব বই হতে নিম্নের হিসাবটি সংগৃহীত :

প্রাপ্য হিসাব

| তাং | বিবরণ | টাকা | তাং | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | ২০২২ | | |
| জুলাই ১ | ব্যালেন্স B/D | ১৫,০০০ | জুলাই ৮ | কুঋণ হিসাব | ৩,০০০ |
| জুলাই ৫ | বিক্রয় হিসাব | ৭০,০০০ | জুলাই ২০ | বিক্রয় ফেরত হিসাব | ২,০০০ |
| | | | জুলাই ২৮ | ব্যাংক হিসাব | ২০,০০০ |

ক. খান ব্রাদার্সের উপর্যুক্ত প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত হিসাবের ভিত্তিতে খান ব্রাদার্সের ২০২২ সালের জুলাই মাসের জাবেদা দাখিলা প্রদান কর। ৪
গ. চলমান জের ছক অনুসরণপূর্বক বিক্রয় হিসাব, কুঋণ হিসাব, বিক্রয় ফেরত হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৩]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক**

খান ব্রাদার্স এর
প্রাপ্য হিসাব

ডেবিট | ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| জুলাই-১ | ব্যালেন্স B/D | | ১৫,০০০ | জুলাই-৮ | কুঋণ হিসাব | | ৩,০০০ |
| " ৫ | বিক্রয় হিসাব | | ৭০,০০০ | " ২০ | বিক্রয় ফেরত হিসাব | | ২,০০০ |
| | | | | " ২৮ | ব্যাংক হিসাব | | ২০,০০০ |
| | | | | " ৩১ | ব্যালেন্স C/D | | ৬০,০০০ |
| | | | ৮৫,০০০ | | | | ৮৫,০০০ |
| আগস্ট-১ | ব্যালেন্স B/D | | ৬০,০০০ | | | | |

∴ প্রাপ্য হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৬০,০০০ টাকা।

**খ**

খান ব্রাদার্স
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| মার্চ-৫ | প্রাপ্য হিসাব | ডেবিট | | ৭০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ৭০,০০০ |
| | [নগদে পণ্য বিক্রয় করা হলো] | | | | |
| ” ৮ | কুঋণ হিসাব | ডেবিট | | ৩,০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রেডিট | | | ৩,০০০ |
| | [কুঋণ ধার্য করা হলো] | | | | |
| ” ২০ | বিক্রয় ফেরত হিসাব | ডেবিট | | ২,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ২,০০০ |
| | [পণ্য ফেরত পাঠানো হলো] | | | | |
| ” ২৮ | ব্যাংক হিসাব | ডেবিট | | ২,০০০০ | |
| | প্রাপ্য হিসাব | ক্রেডিট | | | ২,০০০০ |
| | [ব্যাংকে জমা দেওয়া হলো] | | | | |
| | | মোট | | **৯৫,০০০** | **৯৫,০০০** |

∴ সাধারণ জাবেদার যোগফল ৯৫,০০০ টাকা।

**গ**

খান ব্রাদার্স এর
সাধারণ খতিয়ান (চলমান জের ছক)

বিক্রয় হিসাব — হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত ডেবিট | উদ্বৃত্ত ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ জুলাই–৫ | প্রাপ্য হিসাব | | | ৭০,০০০ | | ৭০,০০০ |

কুঋণ হিসাব — হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত ডেবিট | উদ্বৃত্ত ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ জুলাই–৮ | প্রাপ্য হিসাব | | ৩,০০০ | | ৩,০০০ | |

বিক্রয় ফেরত হিসাব — হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত ডেবিট | উদ্বৃত্ত ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ জুলাই–২০ | প্রাপ্য হিসাব | | ২,০০০ | | | ২,০০০ |

ব্যাংক হিসাব — হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত ডেবিট | উদ্বৃত্ত ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ জুলাই–২৮ | প্রাপ্য হিসাব | | ২০,০০০ | | ২০,০০০ | |

∴ বিক্রয় হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ৭০,০০০ টাকা, কুঋণ হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৩,০০০ টাকা, বিক্রয় ফেরত হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ২,০০০ টাকা এবং ব্যাংক হিসাবের ডেবিট উদ্বৃত্ত ২০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** জনাব পলাশের ব্যবসায়ের ২০২২ সালের জানুয়ারি মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

২০২২
জানুয়ারি ০১ ব্যবসায়ে ১,০০,০০০ টাকা বিনিয়োগ করা হলো।
" ০২ ধারে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ ১৫,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ করা হলো।
" ১৫ নিলয়ের নিকট চেকে বিক্রয় ২০,০০০ টাকা।
" ২০ ১০,০০০ টাকা দিয়ে একটি ডেলিভারি ভ্যান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।
" ২৭ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা কর। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

[ঢা. বো. ২০২৩]

## ১১নং প্রশ্নের সমাধান

**ক** লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করে তার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-১০ | ম্যানেজার নিয়োগ করা হলো | ১৫,০০০ | |
| " ২০ | ডেলিভারি ভ্যান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ | ১০,০০০ | |
| | **মোট** | | **২৫,০০০** |

∴ লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ ২৫,০০০ টাকা।

**খ** লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা করা হলো :

| তারিখ | লেনদেন কি/না | সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০২২<br>জানুয়ারি-১ | লেনদেন | ব্যবসায় বিনিয়োগ করার ফলে, A = L + OE হিসাব সমীকরণের নগদ টাকা, অর্থাৎ সম্পদ (A) বৃদ্ধি পেয়েছে ও মালিকানাস্বত্ব (OE) বৃদ্ধি পেয়েছে। |
| " ২ | লেনদেন | ধারে আসবাবপত্র ক্রয় করার ফলে, A = L + OE হিসাব সমীকরণের পাওনাদার (L) দায় ও সম্পদ (A) বৃদ্ধি পেয়েছে। |
| " ১৫ | লেনদেন | চেকে বিক্রয় করার ফলে A = L + OE হিসাব সমীকরণের ব্যাংকের টাকা (A) সম্পদ ও মালিকানাস্বত্ব (OE) হ্রাস পেয়েছে। |
| " ২৭ | লেনদেন | পণ্য উত্তোলন করার হিসাব সমীকরণ A = L + OE এর সম্পদ (A) ও মালিকানাস্বত্ব OE হ্রাস বৃদ্ধি পেয়েছে। |

**গ** জনাব পলাশ

জনাব পলাশ এর ২০২২ সালের ডিসেম্বর মাসের লেনদেনসমূহের দ্বারা বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর প্রভাব দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | আসবাবপত্র | ব্যাংক | | পাওনাদার | | স্বত্ব (OE) | |
| ২০২২<br>জানু.-১ | | ১,০০,০০০ | | | = | | + | ১,০০,০০০ | মূলধন<br>আনয়ন |
| " ২ | উদ্বৃত্ত | ১,০০,০০০ | ২০,০০০ | | = | ২০,০০০ | + | ১,০০,০০০ | ক্রয়<br>খরচ |
| " ১৫ | উদ্বৃত্ত | ১,০০,০০০ | ২০,০০০ | ২০,০০০ | = | ২০,০০০ | + | ১,০০,০০০<br>২০,০০০ | বিক্রয়<br>আয় |
| " ২৭ | উদ্বৃত্ত | ১,০০,০০০ | ২০,০০০ | ২০,০০০ | = | ২০,০০০ | + | ১,২০,০০০<br>(২,০০০)<br>২,০০০ | উত্তোলন<br>ক্রয় খরচ |
| | উদ্বৃত্ত | ৯৮,০০০ | ২০,০০০ | ২০,০০০ | = | ২০,০০০ | + | ১,২০,০০০ | |
| | **মোট** | | **১,৪০,০০০** | | = | | **১,৪০,০০০** | | |

∴ হিসাব সমীকরণের যোগফল ১,৪০,০০০ টাকা।

# রাজশাহী বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 6

সময় : ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. লেনদেন বহির্ভূত ঘটনা কোনটি?**
ক) ধারে ৭,০০০ টাকার পণ্য বিক্রয়
খ) আসবাবপত্রের ৫০০ টাকা অবচয় ধার্য করা হলো
গ) কু-ঋণ সঞ্চিতি ১,০০০ টাকা
ঘ) ১০,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করা হলো

**২. ক্রেডিট নোট কে প্রেরণ করেন?**
ক) উৎপাদক খ) হিসাবরক্ষক গ) বিক্রেতা ঘ) ক্রেতা

**৩. বেতন (১০ মাস) ১৫,০০০ টাকা। এখানে বেতনের বকেয়া টাকার পরিমাণ–**
ক) ১,০০০ টাকা খ) ১,৫০০ টাকা
গ) ২,০০০ টাকা ঘ) ৩,০০০ টাকা

**৪. নিচের কোনটি ব্যয় হিসাব?**
ক) বিনিয়োগ খ) বিজ্ঞাপন গ) উপভাড়া ঘ) পেটেন্ট

**☐ নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
পণ্যক্রয় ২,৫০,০০০ টাকা, মজুরি ১০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ২,০০,০০০ টাকা ও মোট মুনাফা ৩০,০০০ টাকা।

**৫. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ কত টাকা?**
ক) ২,৬০,০০০ টাকা খ) ২,৪০,০০০ টাকা
গ) ৬০,০০০ টাকা ঘ) ৪০,০০০ টাকা

**৬. বিক্রয়ের পরিমাণ কত টাকা?**
ক) ২,৩০,০০০ টাকা খ) ১,৭০,০০০ টাকা
গ) ৪,৪০,০০০ টাকা ঘ) ৪,৬০,০০০ টাকা

**৭. নিচের কোনটি অন্যগুলো থেকে আলাদা?**
ক) ঋণের সুদ খ) বিনিয়োগের সুদ
গ) অনাদায়ী পাওনা ঘ) বিমা সেলামি

**৮. হিসাবচক্রের ৮ম ধাপ নিচের কোনটি?**
ক) রেওয়ামিল প্রস্তুতকরণ খ) কার্যপত্র প্রস্তুত
গ) আর্থিক বিবরণী ঘ) সমাপনী দাখিলা

**৯. হিসাবের ডেবিট উদ্বৃত্ত হলো–**
i. বিক্রয় ফেরত ii. অগ্রিম ভাড়া iii. বিক্রয় পরিবহণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. নিট বিক্রয় বের করতে কোনটি যোগ করতে হয়?**
ক) বিক্রয় বাট্টা খ) বিক্রয় পরিবহণ
গ) অলিখিত পণ্য বিক্রয় ঘ) বিক্রয় ফেরত

**১১. কোনটি মূলধন জাতীয় ব্যয়?**
ক) টেলিভিশন ক্রয় খ) কাগজ ক্রয়
গ) আসবাবপত্রের অবচয় ঘ) গবেষণা ব্যয়

**১২. লেনদেনের শেষ আশ্রয়স্থল কোনটি?**
ক) জাবেদা খ) খতিয়ান
গ) রেওয়ামিল ঘ) বিশদ আয় বিবরণী

**১৩. হিসাব সমীকরণ হলো–**
i. $A = E$ ii. $A = L + E$ iii. $A = L + (C + R - Ex - D)$
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. ক্যাশ বাক্স থেকে ১,০০০ টাকা চুরি হলো। এর সঠিক জাবেদা কোনটি?**
ক) বিবিধ ক্ষতি হিসাব Dr. নগদান হিসাব Cr.
খ) নগদান হিসাব Dr. বিবিধ ক্ষতি হিসাব Cr.
গ) বিবিধ ক্ষতি হিসাব Dr. উত্তোলন হিসাব Cr.
ঘ) উত্তোলন হিসাব Dr. নগদান হিসাব Cr.

**১৫. রেওয়ামিল আর্থিক বিবরণী প্রস্তুত হয় কোনটির সাহায্যে?**
ক) নগদান হিসাব খ) জাবেদা
গ) সমাপনী দাখিলা ঘ) খতিয়ান

**১৬. খতিয়ানে লেনদেনগুলো সাজিয়ে রাখা হয়–**
i. সারিবদ্ধভাবে ii. শ্রেণিবদ্ধভাবে iii. তারিখের ক্রমানুসারে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৭. যন্ত্রপাতির বার্ষিক মেরামত ব্যয় ৫,০০০ টাকা, যন্ত্রপাতি হিসেবে ডেবিট করা হলো। এটি কোন ধরনের ভুল?**
ক) নীতিগত ভুল খ) পরিপূরক ভুল
গ) লিখার ভুল ঘ) বাদ পড়ার ভুল

**১৮. ব্যবসায়ে ব্যবহারের জন্য স্ট্যাপলার ও ক্যালকুলেটর ক্রয় করলে কোন হিসাবে লেখা হবে?**
ক) অফিস সরঞ্জাম হিসাব খ) অফিস সাপ্লাইজ হিসাব
গ) যনত্রপাতি হিসাব ঘ) আসবাবপত্র হিসাব

**১৯. খতিয়ানের সহায়ক বই হিসাবে কাজ করে কোনটি?**
ক) জাবেদা খ) রেওয়ামিল
গ) আর্থিক অবস্থার বিবরণী ঘ) কার্যপত্র

**২০. বাকিতে পণ্য ক্রয় ১০,০০০ টাকা, হিসেব সমীকরণের উপাদানগুলোকে কীভাবে প্রভাবিত করবে?**
ক) A হ্রাস এবং E হ্রাস খ) L হ্রাস এবং E হ্রাস
গ) L বৃদ্ধি এবং E হ্রাস ঘ) A বৃদ্ধি এবং E বৃদ্ধি

**☐ নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
মিঃ আমীন ব্যবসায়ে ব্যবহারের জন্য ২০,০০,০০০ টাকা ব্যয়ে একটি মোটর গাড়ি ক্রয় করেন, যার আনুষঙ্গিক খরচ ৫০,০০০ টাকা। এক বছর পর একটি নতুন গাড়ি ক্রয়ের উদ্দেশ্যে তিনি উক্ত গাড়িটি ২২,০০,০০০ টাকায় বিক্রয় করেন।

**২১. মিঃ আমীনের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত টাকা?**
ক) ২০,০০,০০০ টাকা খ) ২০,৫০,০০০ টাকা
গ) ১৯,৫০,০০০ টাকা ঘ) ২২,০০,০০০ টাকা

**২২. মি. আমীনের মূলধন জাতীয় আয় কত?**
ক) ২২,০০,০০০ টাকা খ) ২১,৫০,০০০ টাকা
গ) ১,৫০,০০০ টাকা ঘ) ২,০০,০০০ টাকা

**২৩. যে শ্রেণির হিসাবগুলো একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করা হয় তা হলো–**
i. দায় হিসাব ii. আয়-ব্যয় হিসাব iii. সম্পদ হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৪. ঋণ হিসাব একটি–**
ক) ব্যয় হিসাব খ) আয় হিসাব
গ) সম্পদ হিসাব ঘ) দায় হিসাব

**২৫. হিসাবের পাকা বই কোনটি?**
ক) খতিয়ান খ) জাবেদা
গ) রেওয়ামিল ঘ) আর্থিক বিবরণী

**২৬. স্থায়ী সম্পত্তি হ্রাস পায়–**
i. অবচয় ধার্য করলে ii. বিক্রয় করলে iii. ক্রয় করলে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৭. রেওয়ামিলের ডেবিট দিকে অন্তর্ভুক্ত হবে–**
i. মূলধন ii. উত্তোলন iii. বিক্রয় ফেরত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৮. মাসুদ এন্টারপ্রাইজের মোট মুনাফা ৫০,০০০ টাকা, নিট মুনাফা ১০,০০০ টাকা এবং নিট বিক্রয় ৫,০০,০০০ টাকা হলে, মোট মুনাফার হার কত টাকা?**
ক) ৫০% খ) ১০% গ) ৫% ঘ) ২%

**২৯. অশুদ্ধ রেওয়ামিল মিলানোর সাময়িক উপায় কী?**
ক) অনিশ্চিত হিসাবের ব্যবহার খ) সমাপনী মজুদপণ্য অন্তর্ভুক্তকরণ
গ) খতিয়ান উদ্বৃত্ত স্থানান্তর পরীক্ষা করা ঘ) নতুন করে রেওয়ামিল তৈরি করা

**৩০. কোনটি অদৃশ্যমান লেনদেন?**
ক) ধারে পণ্য ক্রয় খ) কমিশন পাওয়া গেল
গ) বাট্টা প্রদান ঘ) আসবাবপত্রের অবচয়

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (সৃজনশীল) বিষয় কোড 146

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। **ক বিভাগ** হতে দুটি (আবশ্যিক) এবং **খ বিভাগ হতে পাঁচটিসহ** সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১। রাইমা এন্টারপ্রাইজের ২০২১ সালের ১৩শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**রাইমা এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩১শে ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ২৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৩০,০০০ | ১,২৫,০০০ |
| ফেরত | ৫,০০০ | ২,৪০০ |
| বেতন | ১৫,০০০ | |
| ভাড়া | ১০,০০০ | |
| আপ্যায়ন | ৭০০ | |
| বহন খরচ | ২,৫০০ | |
| বিজ্ঞাপন খরচ (৪ বছর) | ৩,২০০ | |
| বাট্টা প্রাপ্তি | | ৩,০০০ |
| কুঋণ সঞ্চিতি | | ১,০০০ |
| বিবিধ দেনাদার | ৪০,০০০ | |
| | ১,৩১,৪০০ | ১,৩১,৪০০ |

সমন্বয়সমূহ :
(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ১২,০০০ টাকা।
(২) অলিখিত ক্রয় ২,০০০ টাকা ও পণ্য উত্তোলন ১,৫০০ টাকা।
(৩) দেনাদারের উপর ৩% হারে কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি এবং ২% হারে দেনাদার বাট্টা সঞ্চিতি রাখতে হবে।

(ক) রাইমা এন্টারপ্রাইজের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) রাইমা এন্টারপ্রাইজের মোট মুনাফা ৭২,৫০০ টাকা ধরে সমাপ্ত বছরে বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

২। সৌমেন এন্ড কোং এর ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও সমন্বয় নিম্নরূপ :

**সৌমেন এন্ড কোং**
**রেওয়ামিল**
**৩১শে ডিসেম্বর ২০২২**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৫০,০০০ |
| অগ্রিম ভাড়া | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৩০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৫০,০০০ | |
| উত্তোলন | ১০,০০০ | |
| ৯% বিনিয়োগ (০১-০১-২০২২) | ১,০০,০০০ | |
| অনুপার্জিত কমিশন | | ১০,০০০ |
| বিমা সেলামি | ১৫,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | |
| বিক্রয় | | ১,৩০,০০০ |
| | ৩,২০,০০০ | ৩,২০,০০০ |

**সমন্বয়সমূহ :**
(১) অগ্রিম ভাড়ার ৩০,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
(২) যন্ত্রপাতি ও আসবাবপত্রের উপর ৪% অবচয় ধরতে হবে।
(৩) উত্তোলনের ১,০০০ টাকা সুদ হিসাব করতে হবে।

(ক) সৌমেন এন্ড কোং এর চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) নিট মুনাফা ৮৬,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী তৈরি করো। ৪
(গ) সৌমেন এন্ড কোং এর আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩। ২০২০ সালের জুলাই মাসে এম ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়।

জুলাই ০১ ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ০৫ সুমনের নিকট থেকে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১৩ মালিক ব্যক্তিগত মোটরসাইকেল বিক্রয় করে মেয়ের বিয়েতে খরচ করলেন ৫৫,০০০ টাকা।
" ১৫ বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ১৮ সুমনকে পরিশোধ ৭,০০০ টাকা।
" ২৮ জামান সাহেবকে ম্যানেজার নিয়োগ, যার বেতন ধার্য করা হয় ৩০,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য থেকে লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে এম ট্রেডার্সের লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিন্যাস করো। ৪
(গ) উপর্যুক্ত প্রতিষ্ঠানের হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪। এবিবি এন্টারপ্রাইজ ঢাকা মার্চ ২০২১-এ 'সুফল ট্রেডার্স, চট্টগ্রাম' এর নিকট নিম্নোক্ত পণ্য বিক্রয় করে :

মার্চ ০১ নগদে ৭০ টাকা দরে ২,৫০০ কেজি চাল।
" ২৬ প্রতি বস্তা ৪,০০০ টাকা দরে ২০ বস্তার মসুর ডাল। এবিবি এন্টারপ্রাইজ মোট বিক্রয়ের উপর ১০% কারবারি বাট্টা মঞ্জুর করে।

(ক) এবিবি এন্টারপ্রাইজের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের মার্চ-১ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের মার্চ-২৬ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত করো। ৪

৫। মিম ট্রেডার্সের ২০২০ সালের জুলাই মাসে সংঘটিত ঘটনাসমূহ নিম্নরূপ :

জুলাই ০১ ফ্রিজ বিক্রয় ৩,৫০,০০০ টাকা।
" ১২ ধারে পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা।
" ১৪ মালিকের পৈত্রিক সম্পত্তি বিক্রয় করে ব্যবসায়ে প্রদান ২,০০,০০০ টাকা।
" ২০ ঋণ গ্রহণ ৭০,০০০ টাকা।
" ৩০ আন্তঃফেরত ১০,০০০ টাকা।

(ক) মিম ট্রেডার্সের জুলাই মাসের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২
(খ) মিম ট্রেডার্সের জুলাই ১, ১৪, ২০ ও ৩০ তারিখের ঘটনাসমূহ লেনদেন হওয়ার কারণ আধুনিক পদ্ধতিতে ব্যাখ্যা করো। ৪
(গ) মিম ট্রেডার্সের ৩০ তারিখের ঘটনা ছাড়া অবশিষ্ট ঘটনার সাথে জড়িত হিসাবের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

৬। শামীম ব্রাদার্সের ব্যবসায় প্রতিষ্ঠানের ২০২২ সালের মে মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মে ০৩ আসাদের নিকট থেকে পণ্য ক্রয় ৬০,০০০ টাকা।
" ০৫ আসবাবপত্র ক্রয় ১,২০,০০০ টাকা।
" ০৭ আপ্যায়ন খরচ ২,৫০০ টাকা।
" ১৩ ধারে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৭ বিদ্যুৎ বিল প্রদান ২,০০০ টাকা।
" ২০ বিনিয়োগের সুদ প্রাপ্তি ১২,০০০ টাকা।
" ২২ দোকানের জন্য ফ্রিজ ক্রয় ৫৫,০০০ টাকা।
" ২৬ নগদে ভাড়া প্রদান ৭,০০০ টাকা।
" ২৮ কমিশন প্রাপ্তি ৩,৫০০ টাকা।
" ৩০ লভ্যাংশ প্রাপ্তি ২,৫০০ টাকা।

(ক) শামীম ব্রাদার্সের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) শামীম ব্রাদার্সের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৭। রিয়া এন্টারপ্রাইজের ২০২২ সালের ১ জানুয়ারি তারিখের মূলধন, ঋণ ও বকেয়া খরচ ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা ও ২০,০০০ টাকা এবং ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের সম্পদ ও দায়ের তথ্য নিম্নরূপ :

ইজার সম্পত্তি ২,০০,০০০ টাকা, ঋণ ৭০,০০০ টাকা, জমি ও দালানকোঠা ৫,০০,০০০ টাকা, পাওনাদার ৪০,০০০ টাকা, নগদ জমা ৮০,০০০ টাকা, মজুদ পণ্য ৫০,০০০ টাকা।

তাছাড়া উক্ত প্রতিষ্ঠানের মালিক ব্যবসায় থেকে ১৫,০০০ টাকার পণ্য পরিবারে ব্যবহার করেন ও প্রতি মাসে ৫,০০০ টাকা করে ব্যবসায় থেকে জীবন বিমা কিস্তি দেন এবং ব্যক্তিগত অর্থে ৩০,০০০ টাকা ব্যবসায়ের ঋণ পরিশোধ করেন।

(ক) রিয়া এন্টারপ্রাইজের প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত প্রতিষ্ঠানের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) রিয়া এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে সমাপ্ত বছরের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৮। জীবন ফার্মেসির ২০২০ সালের জানুয়ারি মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জানুয়ারি ০১ ট্রেড লাইসেন্স ফি প্রদান ২৫,০০০ টাকা।
" ০৫ সুজন ফার্মা থেকে ২,০০,০০০ টাকার ওষুধ ক্রয়।
" ০৭ নতুন কম্পিউটার ক্রয় ৪৫,০০০ টাকা।
" ১০ অবন্তী ফার্মা থেকে ১,৫০,০০০ টাকায় ঔষুধ ও অন্যান্য সামগ্রি ক্রয়।
" ১১ সুজন ফার্মেসিকে প্রতি কার্টন ৭০০ টাকা দরে ৫০ কার্টন ওষুধ ত্রুটিযুক্ত থাকায় ফেরত প্রদান। বাট্টা ১৫%। ডেবিট নোট নং- ১৫৫।
" ১৮ অবন্তী ফার্মা থেকে ক্রীত ১০০ টাকা দরে ৮০০ ব্যাগ স্যালাইন ফরমায়েস অনুযায়ী না হওয়ায় ফেরত প্রদান। কারবারী বাট্টা ১০%। ডেবিট নোট নং- ২৮৫।

(ক) ১ ও ৭ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ২
(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪
(গ) জীবন ফার্মেসির সহকারী খতিয়ানসহ তৈরি করো। ৪

৯। আঁখি হার্ডওয়্যারের ২০২১ সালের জুন মাসের লেনদেন নিম্নরূপ :

জুন ০১ নগদ ৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,২০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকার পণ্যসামগ্রী নিয়ে ব্যবসায় শুরু করে।
" ০৫ 'X' কোম্পানির নিকট ২০০ টাকা দরে ১,০০০ পিস ব্রাশ ২% বাট্টায় বিক্রয়।
" ০৮ পণ্য ক্রয় করে চেক প্রদান ৫০,০০০ টাকা।
" ১২ কাগজ ও কলম ক্রয় ১,৫০০ টাকা।
" ১৭ ৫% বাট্টায় কল্লোল ট্রেডার্সের নিকট পাইপ বিক্রয় প্রতি ফুট ২২০ টাকা দরে ৫০০ ফুট। চালান নং ৫০২, প্যাকিং খরচ ২,৫০০ টাকা।
" ২৫ অগ্রিম ভাড়া পরিশোধ ১৫,০০০ টাকা।
" ২৯ পাওনাদারকে পরিশোধ ২৫,০০০ টাকা।

(ক) আঁখি হার্ডওয়্যারের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি বিক্রয় জাবেদা তৈরি করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের জুন মাসের ৮, ১২, ২৫ ও ২৯ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপবদ্ধ করো। ৪

১০। জোহুরা এন্টারপ্রাইজের ২০২০ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ০৪ অমি ব্রাদার্সের নিকট থেকে পণ্য ক্রয় ১,২০,০০০ টাকা।
" ১০ সহোদর ট্রেডার্সের নিকট থেকে নগদে পণ্য বিক্রয় ১,৮০,০০০ টাকা।
" ১৭ বেতন প্রদান ২৫,০০০ টাকা।
" ২৫ ধারে পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা।
" ৩০ অমি ব্রাদার্সকে পণ্য ফেরত দেওয়া হলো ২০,০০০ টাকা।
" ৩১ ১৫,০০০ টাকা বেতন অপরিশোধিত রয়েছে।

(ক) জোহুরা এন্টারপ্রাইজের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে পাওনাদার হিসাব ও নগদান হিসাব T ছকে প্রস্তুত করো। ৪
(গ) জোহুরা এন্টারপ্রাইজের বিক্রয় হিসাব ও বেতন হিসাব চলমান জের ছকে প্রস্তুত করো। ৪

১১। 'তুর্য এন্টারপ্রাইজের' ২০২১ সালের ডিসেম্বর মাসের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

মূলধন ১,২০,০০০ টাকা, হাতে নগদ (০১-০১-২০২১) ২৫,০০০ টাকা, দেনাদার ৩৫,০০০ টাকা, পাওনাদার ১৫,০০০ টাকা, উত্তোলন ১০,০০০ টাকা, ক্রয় ৫০,০০০ টাকা, বিক্রয় ৬৫,০০০ টাকা, বিনিয়োগের সুদ ৫,৫০০ টাকা, বিমা সেলামি ১২,০০০ টাকা, মজুদ পণ্য (৩১-১২-২০২১) ৪৫,০০০ টাকা, অনুপার্জিত কমিশন ৩,৫০০ টাকা, বিনিয়োগ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩৪,০০০ টাকা, মজুদ পণ্য (০১-০১-২০২১) ২৫,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত (৩১-১২-২০২১) ৭,০০০ টাকা।

(ক) রেওয়ামিলে উপর্যুক্ত তথ্যের কোন কোন দফা অন্তর্ভুক্ত হবে না, তার মোট পরিমাণ নির্ণয় করো। ২
(খ) তুর্য এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত করো। ৪
(গ) 'তুর্য এন্টারপ্রাইজের' সমাপনী মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** রাইমা এন্টারপ্রাইজের ২০২১ সালের ১৩শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**রাইমা এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩১শে ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ২৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৩০,০০০ | ১,২৫,০০০ |
| ফেরত | ৫,০০০ | ২,৪০০ |
| বেতন | ১৫,০০০ | |
| ভাড়া | ১০,০০০ | |
| আপ্যায়ন | ৭০০ | |
| বহন খরচ | ২,৫০০ | |
| বিজ্ঞাপন খরচ (৪ বছর) | ৩,২০০ | |
| বাট্টা প্রাপ্তি | | ৩,০০০ |
| কুঋণ সঞ্চিতি | | ১,০০০ |
| বিবিধ দেনাদার | ৪০,০০০ | |
| | **১,৩১,৪০০** | **১,৩১,৪০০** |

সমন্বয়সমূহ :

(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ১২,০০০ টাকা।

(২) অলিখিত ক্রয় ২,০০০ টাকা ও পণ্য উত্তোলন ১,৫০০ টাকা।

(৩) দেনাদারের উপর ৩% হারে কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি এবং ২% হারে দেনাদার বাট্টা সঞ্চিতি রাখতে হবে।

ক. রাইমা এন্টারপ্রাইজের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. রাইমা এন্টারপ্রাইজের মোট মুনাফা ৭২,৫০০ টাকা ধরে সমাপ্ত বছরে বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

[রা. বো. ২০২৩]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** নিট দেনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিবিধ দেনাদার | ৪০,০০০ | |
| বাদ : সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি (৪০,০০০ × ৩%) | (১,২০০) | |
| | ৩৮,৮০০ | |
| বাদ : দেনাদার বাট্টা সঞ্চিতি (৩৮,৮০০ × ২%) | (৭৭৬) | |
| **নিট দেনাদারের পরিমাণ** | | **৩৮,০২৪** |

∴ নিট দেনাদারের পরিমাণ ৩৮,০২৪ টাকা।

**খ**

রাইমা এন্টারপ্রাইজ এর
বিশদ আয় বিবরণী (আংশিক)
২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১,২৫,০০০ | |
| বাদ : ফেরত | | (৫,০০০) | |
| | | | ১,২০,০০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয়** | | | |
| মজুদ পণ্য (০১.০১.২০২১) | | ২৫,০০০ | |
| ক্রয় | ৩০,০০০ | | |
| যোগ : অলিখিত ক্রয় | ২,০০০ | | |
| | ৩২,০০০ | | |
| বাদ : ফেরত | (২,৪০০) | | |
| | ২৯,৬০০ | | |
| বাদ : পণ্য উত্তোলন | (১,৫০০) | | |
| | | ২৮,১০০ | |
| পরিবহণ খরচ | | ২,৫০০ | |
| | | ৫৫,৬০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | (১২,০০০) | (৪৩,৬০০) |
| **মোট মুনাফা** | | | **৭৬,৪০০** |

∴ মোট মুনাফা ৭৬,৪০০ টাকা।

**গ**

রাইমা এন্টারপ্রাইজ এর
বিশদ আয় বিবরণী
২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৭২,৫০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | | ১৫,০০০ | |
| ভাড়া | | ১০,০০০ | |
| আপ্যায়ন | | ৭০০ | |
| বিজ্ঞাপন খরচ | ৩,২০০ | | |
| বাদ : বিলম্বিত বিজ্ঞাপন $\left(৩২০০ \times \frac{৩}{৪}\right)$ | (২,৪০০) | ৮০০ | |
| সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি (ক হতে) | ১,২০০ | | |
| বাদ : প্রারম্ভিক কুঋণ সঞ্চিতি | (১,০০০) | ২০০ | |
| দেনাদারের বাট্টা সঞ্চিতি | | ৭৭৬ | (২৭,৪৭৬) |
| **পরিচালন মুনাফা** | | | ৪৬,০২৪ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| বাট্টা প্রাপ্তি | | | ৩,০০০ |
| **নিট মুনাফা** | | | **৪৮,০২৪** |

∴ নিট মুনাফা ৪৮,০২৪ টাকা।

**প্রশ্ন ▸ ০২** সৌমেন এন্ড কোং এর ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও সমন্বয় নিম্নরূপ :

**সৌমেন এন্ড কোং**
**রেওয়ামিল**
**৩১শে ডিসেম্বর ২০২২**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৫০,০০০ |
| অগ্রিম ভাড়া | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৩০,০০০ |
| ইজারা সম্পতি (১০ বছর) | ৫০,০০০ | |
| উত্তোলন | ১০,০০০ | |
| ৯% বিনিয়োগ (০১-০১-২০২২) | ১,০০,০০০ | |
| অনুপার্জিত কমিশন | | ১০,০০০ |
| বিমা সেলামি | ১৫,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | |
| বিক্রয় | | ১,৩০,০০০ |
| | ৩,২০,০০০ | ৩,২০,০০০ |

**সমন্বয়সমূহ :**

(১) অগ্রিম ভাড়ার ৩০,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
(২) যন্ত্রপাতি ও আসবাবপত্রের উপর ৪% অবচয় ধরতে হবে।
(৩) উত্তোলনের ১,০০০ টাকা সুদ হিসাব করতে হবে।

ক. সৌমেন এন্ড কোং এর চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. নিট মুনাফা ৮৬,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব পরিবর্তন বিবরণী তৈরি করো। ৪
গ. সৌমেন এন্ড কোং এর আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

[রা. বো. ২০২৩]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** মোট চলতি দায় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যাংক জমাতিরিক্ত | ৩০,০০০ | |
| অনুপার্জিত কমিশন | ১০,০০০ | |
| **মোট চলতি দায়** | | **৪০,০০০** |

∴ মোট চলতি দায় ৪০,০০০ টাকা।

**খ**

সৌমেন এন্ড কোং
মালিকানাস্বত্বে পরিবর্তন বিবরণী
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মূলধন | ১,৫০,০০০ | |
| (+) নিট মুনাফা | ৮৬,০০০ | |
| **বাদ :** | | ২,৩৬,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| উত্তোলনে সুদ | ১,০০০ | (১১,০০০) |
| **মালিকানাস্বত্ব (সমাপনী উদ্বৃত্ত)** | | **২,২৫,০০০** |

∴ মালিকানাস্বত্ব সমাপনী উদ্বৃত্ত ২,২৫,০০০ টাকা।

**গ**

সৌমেন এন্ড কোং
আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| আসবাবপত্র | | ১,০০,০০০ | |
| (−) পুঞ্জিভূত অবচয় | | (৪,০০০) | |
| | | | ৯৬,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | | ৫০,০০০ | |
| (−) অবলোপন $\left(৫০০০০ \times \frac{১}{১০}\right)$ | | (৫,০০০) | ৪৫,০০০ |
| মোট স্থায়ী সম্পদ | | | ১,৪১,০০০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ :** | | | |
| ৯% বিনিয়োগ (০১.০১.২০২২) | | | ১,০০,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| অগ্রিম ভাড়া | ৪০,০০০ | | |
| (−) মেয়াদ উত্তীর্ণ ভাড়া | (৩০,০০০) | | |
| | | ১০,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ৯,০০০ | |
| মোট চলতি সম্পদ | | | ১৯,০০০ |
| **অলীক সম্পদ :** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | | ৫,০০০ |
| **মোট সম্পদ** | | | **২,৬৫,০০০** |

∴ মোট সম্পদের পরিমাণ ২,৬৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৩** ২০২০ সালের জুলাই মাসে এম ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়।

জুলাই ০১ ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ০৫ সুমনের নিকট থেকে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১৩ মালিক ব্যক্তিগত মোটরসাইকেল বিক্রয় করে মেয়ের বিয়েতে খরচ করলেন ৫৫,০০০ টাকা।
" ১৫ বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ১৮ সুমনকে পরিশোধ ৭,০০০ টাকা।
" ২৮ জামান সাহেবকে ম্যানেজার নিয়োগ, যার বেতন ধার্য করা হয় ৩০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য থেকে লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে এম ট্রেডার্সের লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিন্যাস করো। ৪
গ. উপর্যুক্ত প্রতিষ্ঠানের হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

[রা. বো. ২০২৩]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২০ | | | |
| জুলাই-১৩ | ব্যক্তিগত মোটরসাইকেল বিক্রি করে মেয়ের বিয়েতে খরচ করলেন | ৫৫,০০০ | |
| " ২৮ | জামান সাহেবকে ম্যানেজার নিয়োগ এবং তার বেতন ধার্য করলেন | ৩০,০০০ | |
| | **মোট** | | **৮৫,০০০** |

∴ পরিমাণ নির্ণয় ৮৫,০০০ টাকা।

**খ** উপর্যুক্ত তথ্যের আলোকে এম ট্রেডার্স এর লেনদেনসমূহ নিম্নে শ্রেণিবিন্যাস করা হলো :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব/পক্ষ | হিসাবের শ্রেণিবিন্যাস |
|---|---|---|
| ২০২০ | | |
| জুলাই-১ | নগদান হিসাব | সম্পদ |
| | মূলধন হিসাব | মালিকানাস্বত্ব |
| ” ৫ | ক্রয় হিসাব | ব্যয় |
| | প্রদেয় হিসাব | দায় |
| ” ১৫ | প্রাপ্য হিসাব | সম্পদ |
| | বিক্রয় হিসাব | আয় |
| ” ১৮ | পাওনাদার হিসাব | দায় |
| | নগদান হিসাব | সম্পদ |

**গ** এম ট্রেডার্স

এম ট্রেডার্স এর লেনদেনসমূহের প্রভাব হিসাব সমীকরণের বিবরণী ছকে দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানাস্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | দেনাদার | | পাওনাদার | | | |
| ২০২২ জানু.-১ | | ২,০০,০০০ | | = | | + | ২,০০,০০০ | মূলধন আনায়ন |
| | উদ্বৃত্ত | ২,০০,০০০ | | = | | + | ২,০০,০০০ | ক্রয় |
| ” ৫ | | | | | ২০,০০০ | | (২০,০০০) | খরচ |
| | উদ্বৃত্ত | ২,০০,০০০ | | = | | | ১,৮০,০০০ | বিক্রয় |
| ” ১৫ | | | ৪০,০০০ | = | ২০,০০০ | + | ৪০,০০০ | আয় |
| | উদ্বৃত্ত | ২,০০,০০০ | ৪০,০০০ | = | ২০,০০০ | + | ২,২০,০০০ | |
| ” ১৮ | | (৭,০০০) | | = | (৭,০০০) | | | |
| | উদ্বৃত্ত | ১,৯৩,০০০ | ৪০,০০০ | = | ১৩,০০০ | + | ২,২০,০০০ | |
| | মোট | ২,৩৩,০০০ | | = | ২,৩৩,০০০ | | | |

∴ হিসাব সমীকরণের যোগফল ২,৩৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৪** এবিবি এন্টারপ্রাইজ ঢাকা মার্চ ২০২১ এ 'সুফল ট্রেডার্স, চট্টগ্রাম' এর নিকট নিম্নোক্ত পণ্য বিক্রয় করে :

মার্চ ০১ নগদে ৭০ টাকা দরে ২,৫০০ কেজি চাল।

” ২৬ প্রতি বস্তা ৪,০০০ টাকা দরে ২০ বস্তার মসুর ডাল। এবিবি এন্টারপ্রাইজ মোট বিক্রয়ের উপর ১০% কারবারি বাট্টা মঞ্জুর করে।

ক. এবিবি এন্টারপ্রাইজের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের মার্চ-১ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের মার্চ-২৬ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত করো। ৪

[রা. বো. ২০২৩]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** এবিবি এন্টারপ্রাইজ এর মোট বিক্রয়ের পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| মার্চ-১ | নগদে চাল বিক্রয় (২,৫০০ × ৭০) | ১,৭৫,০০০ | |
| ” ২৬ | মসুর ডাল বিক্রয় (৪,০০০ × ২০) | ৮০,০০০ | |
| | | ২,৫৫,০০০ | |
| | বাদ : কারবারি বাট্টা ১০% | (২৫,৫০০) | |
| | মোট বিক্রয় | | ২,২৯,৫০০ |

∴ বিক্রয়ের পরিমাণ ২,২৯,৫০০ টাকা।

**খ** মার্চ–১ তারিখের লেনদেনের ভিত্তিতে ক্যাশমেমো তৈরি করা হলো :

ভাউচার নং : **এবিবি এন্টারপ্রাইজ** তারিখ : ১ মার্চ, ২০২১

**ঢাকা**

ক্রেতার নাম : সুফল ট্রেডার্স **ক্যাশমেমো**

ঠিকানা : চট্টগ্রাম

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | চাল<br>বাদ : কারবারি বাট্টা (১০%) | ৭০ | ২,৫০০ কেজি | ১,৭৫,০০০<br>(১৭,৫০০)<br>১,৫৭,৫০০ |

**টাকা (কথায়) :** এক লক্ষ সাতান্ন হাজার পাঁচশত টাকা মাত্র।

ক্রেতার স্বাক্ষর বিক্রেতার স্বাক্ষর

[**বি.দ্র. :** বিক্রীত পণ্য ফেরত নেওয়া হয় না।

**গ** মার্চ–২৬ তারিখের লেনদেন হতে প্রস্তুতকৃত চালান নিম্নরূপ :

চালান নং : **এবিবি এন্টারপ্রাইজ** তারিখ : ২৬ মার্চ, ২০২১

**ঢাকা**

ক্রেতার নাম : সুফল ট্রেডার্স **চালান**

ঠিকানা : চট্টগ্রাম

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | মসুর ডাল<br>বাদ : কারবারি বাট্টা (১০%) | ৪,০০০ | ২০ বস্তা | ৮০,০০০<br>(৮,০০০)<br>**৭২,০০০** |

**টাকা (কথায়) :** বাহাত্তর হাজার টাকা মাত্র।

বিক্রিত শর্ত : ........................................ বিক্রেতার স্বাক্ষর

[**বি.দ্র. :** ভুল ত্রুটি সংশোধনযোগ্য।

**প্রশ্ন ▶ ০৫** মিম ট্রেডার্সের ২০২০ সালের জুলাই মাসে সংঘটিত ঘটনাসমূহ নিম্নরূপ :

জুলাই ০১ ফ্রিজ বিক্রয় ৩,৫০,০০০ টাকা।
" ১২ ধারে পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা।
" ১৪ মালিকের পৈত্রিক সম্পত্তি বিক্রয় করে ব্যবসায়ে প্রদান ২,০০,০০০ টাকা।
" ২০ ঋণ গ্রহণ ৭০,০০০ টাকা।
" ৩০ আন্তঃফেরত ১০,০০০ টাকা।

ক. মিম ট্রেডার্সের জুলাই মাসের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২
খ. মিম ট্রেডার্সের জুলাই ১, ১৪, ২০ ও ৩০ তারিখের ঘটনাসমূহ লেনদেন হওয়ার কারণ আধুনিক পদ্ধতিতে ব্যাখ্যা করো। ৪
গ. মিম ট্রেডার্সের ৩০ তারিখের ঘটনা ছাড়া অবশিষ্ট ঘটনার সাথে জড়িত হিসাবের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

[রা. বো. ২০২৩]

## ৫নং প্রশ্নের সমাধান

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২০ | | | |
| জুলাই-১ | মালিকের পৈত্রিক সম্পত্তি বিক্রয় করে ব্যবসায়ে প্রদান (মূলধন আনয়ন) | ২,০০,০০০ | |
| " ১৪ | ঋণ গ্রহণ | ৭০,০০০ | |
| " ২০ | ফ্রিজ বিক্রয় | ৩,৫০,০০০ | |
| | **মূলধন জাতীয় প্রাপ্তি** | | **৬,২০,০০০** |

∴ মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৬,২০,০০০ টাকা।

**খ** মিম ট্রেডার্স এর লেনদেনসমূহ আধুনিক পদ্ধতিতে ব্যাখ্যা করা হলো :

| তারিখ | লেনদেন কি না | আধুনিক পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০২০ জুলাই-১ | লেনদেন | এখানে ফ্রিজ বিক্রয় করায় নগদ সম্পদ (A) ও মালিকানাস্বত্ব (**O**E) বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ, A = L + **O**E হিসাব সমীকরণে A (সম্পদ) ও **O**E (মালিকানাস্বত্ব) বৃদ্ধি পেয়েছে। |
| " ১৪ | লেনদেন | পৈত্রিক সম্পত্তি বিক্রয়ের ফলে সম্পদ A ও মালিকানা OE উভয়ই বৃদ্ধি পেয়েছে। ফলে হিসাব সমীকরণের A = L + OE এর (A) ও (**O**E) উপাদানের বৃদ্ধি ঘটে। |
| " ২০ | লেনদেন | ঋণ গ্রহণের ফলে নগদ সম্পদ (A) ও L (দায়) বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ A = L + OE হিসাব সমীকরণের A ও L উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| " ৩০ | লেনদেন | পণ্য ফেরত আসায় দেনাদার (A) হ্রাস ও মালিকানাস্বত্ব (OE) হ্রাস পেয়েছে। অর্থাৎ A = L + OE হিসাব সমীকরণে A ও OE উভয়হ্রাস পেয়েছে। |

**গ** জুলাই মাসের ১, ১৪, ২০ ও ৩০ তারিখের ঘটনাসমূহের কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করা হলো :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব খাত | ডেবিট/ক্রেডিট | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| জুলাই-১ | নগদান হিসাব | ডেবিট | ৩,৫০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | অফিস সরঞ্জাম হিসাব | ক্রেডিট | ৩,৫০,০০০ | সম্পদহ্রাস |
| " ১২ | প্রাপ্য বা দেনাদার হিসাব | ডেবিট | ১,২০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ১,২০,০০০ | আয় বৃদ্ধি |
| " ১৪ | নগদান হিসাব | ডেবিট | ২,০০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ২,০০,০০০ | মালিকানাস্বত্ব বৃদ্ধি |
| " ২০ | নগদান হিসাব | ডেবিট | ৭০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | ঋণ হিসাব | ক্রেডিট | ৭০,০০০ | দায় বৃদ্ধি |

**প্রশ্ন ▶ ০৬** শামীম ব্রাদার্সের ব্যবসায় প্রতিষ্ঠানের ২০২২ সালের মে মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মে ০৩ আসাদের নিকট থেকে পণ্য ক্রয় ৬০,০০০ টাকা।
" ০৫ আসবাবপত্র ক্রয় ১,২০,০০০ টাকা।
" ০৭ আপ্যায়ন খরচ ২,৫০০ টাকা।
" ১৩ ধারে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৭ বিদ্যুৎ বিল প্রদান ২,০০০ টাকা।
" ২০ বিনিয়োগের সুদ প্রাপ্তি ১২,০০০ টাকা।
" ২২ দোকানের জন্য ফ্রিজ ক্রয় ৫৫,০০০ টাকা।
" ২৬ নগদে ভাড়া প্রদান ৭,০০০ টাকা।
" ২৮ কমিশন প্রাপ্তি ৩,৫০০ টাকা।
" ৩০ লভ্যাংশ প্রাপ্তি ২,৫০০ টাকা।

ক. শামীম ব্রাদার্সের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. শামীম ব্রাদার্সের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

[রা. বো. ২০২৩]

## ৬নং প্রশ্নের সমাধান

**ক** শামীম ব্রাদার্স এর মূলধন জাতীয় ব্যয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আসবাবপত্র ক্রয় | ১,২০,০০০ | |
| ফ্রিজ বিক্রয় | ৫৫,০০০ | |
| **মূলধন জাতীয় ব্যয়** | | **১,৭৫,০০০** |

∴ মূলধন জাতীয় ব্যয় ১,৭৫,০০০ টাকা।

**খ** শামীম ব্রাদার্স এর মুনাফা জাতীয় ব্যয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| পণ্য ক্রয় | ৬০,০০০ | |
| আপ্যায়ন খরচ | ২,৫০০ | |
| বিদ্যুৎ বিল প্রদান | ২,০০০ | |
| ভাড়া প্রদান | ৭,০০০ | |
| **মুনাফা জাতীয় ব্যয়** | | **৭১,৫০০** |

∴ মুনাফা জাতীয় ব্যয় ৭১,৫০০ টাকা।

**গ** শামীম ব্রাদার্স এর মুনাফা জাতীয় আয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| ধারে পণ্য বিক্রয় | ২৫,০০০ | |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ১২,০০০ | |
| কমিশন প্রাপ্তি | ৩,৫০০ | |
| লভ্যাংশ প্রাপ্তি | ২,৫০০ | |
| **মুনাফা জাতীয় আয়** | | **৪৩,০০০** |

∴ মুনাফা জাতীয় আয় ৪৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৭** রিয়া এন্টারপ্রাইজের ২০২২ সালের ১ জানুয়ারি তারিখের মূলধন, ঋণ ও বকেয়া খরচ ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা ও ২০,০০০ টাকা এবং ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের সম্পদ ও দায়ের তথ্য নিম্নরূপ :

ইজার সম্পত্তি ২,০০,০০০ টাকা, ঋণ ৭০,০০০ টাকা, জমি ও দালানকোঠা ৫,০০,০০০ টাকা, পাওনাদার ৪০,০০০ টাকা, নগদ জমা ৮০,০০০ টাকা, মজুদ পণ্য ৫০,০০০ টাকা।

তাছাড়া উক্ত প্রতিষ্ঠানের মালিক ব্যবসায় থেকে ১৫,০০০ টাকার পণ্য পরিবারে ব্যবহার করেন ও প্রতি মাসে ৫,০০০ টাকা করে ব্যবসায় থেকে জীবন বিমা কিস্তি দেন এবং ব্যক্তিগত অর্থে ৩০,০০০ টাকা ব্যবসায়ের ঋণ পরিশোধ করেন।

ক. রিয়া এন্টারপ্রাইজের প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত প্রতিষ্ঠানের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. রিয়া এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে সমাপ্ত বছরের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

[রা. বো. ২০২৩]

## ৭নং প্রশ্নের সমাধান

**ক** প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় :

প্রারম্ভিক সম্পদ = প্রারম্ভিক মূলধন + প্রারম্ভিক মোট দায়

= ৩,০০,০০০ + (১,০০,০০০ + ২০,০০০)

= ৩,০০,০০০ + ১,২০,০০০

= ৪,২০,০০০ টাকা

**খ** রিয়া এন্টারপ্রাইজ এর সমাপনী মূলধন :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদ :** | | |
| ইজারা সম্পত্তি | ২,০০,০০০ | |
| জমি ও দালানকোঠা | ৫,০০,০০০ | |
| নগদ জমা | ৮০,০০০ | |
| সমপনী মজুদ পণ্য | ৫০,০০০ | |
| মোট | | ৮,৩০,০০০ |
| **বাদ : সমাপনী দায় :** | | |
| ঋণ | ৭০,০০০ | |
| পাওনাদার | ৪০,০০০ | |
| মোট | | (১,৩০,০০০) |
| **সমাপনী মূলধন** | | ৭,২০,০০০ |

∴ সমাপনী মূলধন ৭,২০,০০০ টাকা।

**গ** রিয়া এন্টারপ্রাইজ এর ৩১ ডিসেম্বর ২০২২ এর সমাপ্ত বছরের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= {(৭,২০,০০০ + ৭৫,০০০) + (৩,০০,০০০ + ৩০,০০০)}
= {(৭,২০,০০০ + ৭৫,০০০) − (৩,০০,০০০ + ৩০,০০০)}
= (৭,৯৫,০০০ − ৩,৩০,০০০)

∴ লাভের পরিমাণ ৪,৬৫,০০০ টাকা।

**উত্তর :** লাভ ৪,৬৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৮** জীবন ফার্মেসির ২০২০ সালের জানুয়ারি মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জানুয়ারি ০১ ট্রেড লাইসেন্স ফি প্রদান ২৫,০০০ টাকা।
" ০৫ সুজন ফার্মা থেকে ২,০০,০০০ টাকার ওষুধ ক্রয়।
" ০৭ নতুন কম্পিউটার ক্রয় ৪৫,০০০ টাকা।
" ১০ অবন্তী ফার্মা থেকে ১,৫০,০০০ টাকায় ঔষুধ ও অন্যান্য সামগ্রি ক্রয়।
" ১১ সুজন ফার্মেসিকে প্রতি কার্টন ৭০০ টাকা দরে ৫০ কার্টন ওষুধ ত্রুটিযুক্ত থাকায় ফেরত প্রদান। বাট্টা ১৫%। ডেবিট নোট নং ১৫৫।
" ১৮ অবন্তী ফার্মা থেকে ক্রীত ১০০ টাকা দরে ৮০০ ব্যাগ স্যালাইন ফরমায়েস অনুযায়ী না হওয়ায় ফেরত প্রদান। কারবারি বাট্টা ১০%। ডেবিট নোট নং- ২৮৫।

ক. ১ ও ৭ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪
গ. জীবন ফার্মেসির সহকারী খতিয়ানসহ তৈরি করো। ৪

[রা. বো. ২০২৩]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক**

জীবন ফার্মেসির
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| জানুয়ারি-১ | ট্রেড লাইসেন্স ফি হিসাব | ডেবিট | | ২৫,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২৫,০০০ |
| | [ট্রেড লাইসেন্স ফি প্রদান করা হলো] | | | | |
| " ৭ | অফিস সরঞ্জাম হিসাব | ডেবিট | | ৪৫,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৪৫,০০০ |
| | [অফিস সরঞ্জাম ক্রয় করা হলো] | | | | |
| | **মোট =** | | | ৭০,০০০ | ৭০,০০০ |

∴ সাধারণ জাবেদার যোগফল ৭০,০০০ টাকা।

**খ** জীবন ফার্মেসি এর

ক্রয় ফেরত জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | ডেবিট নোট নং | সূত্র | পাওনাদার হিসাব ক্রয় ফেরত হিসাব | ডেবিট ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| জানুয়ারি-১১ | সুজন ফার্মেসি (গণনাকার্য-০১) | ১৫৫ | ✓ | ২৯,৭৫০ | |
| " ১৮ | অবন্তী ফার্মা (গণনাকার্য-০২) | ২৮৫ | ✓ | ৭২,০০০ | |
| | | | | ১,০১,৭৫০ | |

∴ ক্রয় ফেরত জাবেদার যোগফল ১,০১,৭৫০ টাকা।

**গণনাকার্য-০১ :** সুজন ফার্মেসি = (৫০ × ৭০০) − (৫০ × ৭০০ × ১৫%) = ৩৫,০০০ − ৫,২৫০) = ২৯,৭৫০ টাকা।

**গণনাকার্য-০২ :** অবন্তী ফার্মা = (৮০০ × ১০০) − (৮০০ × ১০০০ × ১০%) = (৮০,০০০ − ৮,০০০) = ৭২,০০০ টাকা।

**গ** জীবন ফার্মেসির

সহকারী খতিয়ান বই (চলমান জের ছক)

সুজন ফার্মেসি হিসাব — হিসাবের কোড নং...........

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২০ | | | | | | |
| জানুয়ারি-০৫ | ক্রয় হিসাব | | | ২,০০,০০০ | | ২,০০,০০০ |
| " ১১ | ক্রয় ফেরত হিসাব | | ২৯,৭৫০ | | | ১,৭০,২৫০ |

অবন্তী ফার্মা হিসাব — হিসাবের কোড নং...........

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২০ | | | | | | |
| জানুয়ারি-১০ | ক্রয় হিসাব | | | ১,৫০,০০০ | | ১,৫০,০০০ |
| " ১৮ | ক্রয় ফেরত হিসাব | | ৭২,০০০ | | | ৭৮,০০০ |

∴ সুজন ফার্মেসি হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ১,৭০,২৫০ টাকা এবং অবন্তী ফার্মা হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ৭৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** আঁখি হার্ডওয়্যারের ২০২১ সালের জুন মাসের লেনদেন নিম্নরূপ :

জুন ০১ নগদ ৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,২০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকার পণ্যসামগ্রী নিয়ে ব্যবসায় শুরু করে।
" ০৫ 'X' কোম্পানির নিকট ২০০ টাকা দরে ১,০০০ পিস ব্রাশ ২% বাট্টায় বিক্রয়।
" ০৮ পণ্য ক্রয় করে চেক প্রদান ৫০,০০০ টাকা।
" ১২ কাগজ ও কলম ক্রয় ১,৫০০ টাকা।
" ১৭ ৫% বাট্টায় কল্লোল ট্রেডার্সের নিকট পাইপ বিক্রয় প্রতি ফুট ২২০ টাকা দরে ৫০০ ফুট। চালান নং- ৫০২, প্যাকিং খরচ ২,৫০০ টাকা।
" ২৫ অগ্রিম ভাড়া পরিশোধ ১৫,০০০ টাকা।
" ২৯ পাওনাদারকে পরিশোধ ২৫,০০০ টাকা।

ক. আঁখি হার্ডওয়্যারের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি বিক্রয় জাবেদা তৈরি করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের জুন মাসের ৮, ১২, ২৫ ও ২৯ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

[রা. বো. ২০২৩]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** আঁখি হার্ডওয়্যারের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নিচে নির্ণয় করা হলো :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদান হিসাব | ৫,০০,০০০ | |
| আসবাবপত্র হিসাব | ১,২০,০০ | |
| ক্রয় হিসাব | ১,০০,০০০ | |
| **প্রারম্ভিক মূলধন** | | ৭,২০,০০০ |

∴ প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৭,২০,০০০ টাকা।

**খ** আঁখি হার্ডওয়্যারের

বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নং | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২১<br>জুন-০৫<br>" ১৭ | X কোম্পানি (গণনাকার্য-০১)<br>কল্লোল ট্রেডার্স (গণনাকার্য-০২) | ৫০২ | ✓ | ১,৯৬,০০০<br>১,০৭,০০০<br>৩,০৩,০০০ |

**গণনাকার্য-০১ :** X কোম্পানি (১,০০০ × ২০০) − (১,০০০ × ২০০ × ২%) = ২,০০,০০০ − ৪,০০০) = ১,৯৬,০০০

**গণনাকার্য-০২ :** কল্লোল ট্রেডার্স = {(৫০০ × ২২০) − (৫০০ × ২২০ × ৫%)} + ২,৫০০ = ১,১০,০০০ − ৫,৫০০ + ২,৫০০ = ১,০৭,০০০

**গ** উপর্যুক্ত তথ্যের জুন মাসের ৮, ১২, ২৫ ও ২৯ তারিখের লেনদেনগুলোর সাধারণ জাবেদা :

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০২১<br>জুন-৮ | ক্রয় হিসাব ডেবিট<br>ব্যাংক হিসাব ক্রেডিট<br>[চেকে পণ্য ক্রয় করা হলো] | | ৫০,০০০ | ৫০,০০০ |
| " ১২ | মনিহারি হিসাব ডেবিট<br>নগদান হিসাব ক্রেডিট<br>[কাগজ ও কলম ক্রয় করা হলো] | | ১,৫০০ | ১,৫০০ |
| " ২৫ | অগ্রিম ভাড়া হিসাব ডেবিট<br>নগদান হিসাব ক্রেডিট<br>[অগ্রিম পরিশোধ করা হলো] | | ১৫,০০০ | ১৫,০০০ |
| " ২৯ | পাওনাদার হিসাব ডেবিট<br>নগদান হিসাব ক্রেডিট<br>[পাওনাদারকে পরিশোধ করা হলো] | | ২৫,০০০ | ২৫,০০০ |
| | **মোট =** | | **৯১,৫০০** | **৯১,৫০০** |

∴ জাবেদার যোগফল ৯১,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ১০** জোহুরা এন্টারপ্রাইজের ২০২০ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ০৪ অমি ব্রাদার্সের নিকট থেকে পণ্য ক্রয় ১,২০,০০০ টাকা।
" ১০ সহোদর ট্রেডার্সের নিকট থেকে নগদে পণ্য বিক্রয় ১,৮০,০০০ টাকা।
" ১৭ বেতন প্রদান ২৫,০০০ টাকা।
" ২৫ ধারে পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা।
" ৩০ অমি ব্রাদার্সকে পণ্য ফেরত দেওয়া হলো ২০,০০০ টাকা।
" ৩১ ১৫,০০০ টাকা বেতন অপরিশোধিত রয়েছে।

ক. জোহুরা এন্টারপ্রাইজের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে পাওনাদার হিসাব ও নগদান হিসাব T ছকে প্রস্তুত করো। ৪
গ. জোহুরা এন্টারপ্রাইজের বিক্রয় হিসাব ও বেতন হিসাব চলমান জের ছকে প্রস্তুত করো। ৪

[রা. বো. ২০২৩]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** জোহুরা এন্টারপ্রাইজ এর নিট ক্রয়ের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় | ১,২০,০০০ | |
| (−) পণ্য ফেরত | (২০,০০০) | |
| **নিট ক্রয়** | | **১,০০,০০০** |

∴ নিট ক্রয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা।

**খ**

জোহুরা এন্টারপ্রাইজ এর
খতিয়ান বই (T-ছক)
এমি ব্রাদার্স হিসাব (পাওনাদার)

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২০ | | | | | | | |
| মার্চ-৪ | ক্রয় ফেরত | | ২০,০০০ | মার্চ-৪ | ক্রয় হিসাব | | ১,২০,০০০ |
| ” ৩১ | ব্যালেন্স C/D | | ১,০০,০০০ | | | | |
| | | | ১,২০,০০০ | | | | ১,২০,০০০ |
| | | | | এপ্রিল-১ | ব্যালেন্স B/D | | ১,০০,০০০ |

নগদান হিসাব

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২০ | | | | ২০২০ | | | |
| মার্চ-১০ | বিক্রয় হিসাব | | ১,৮০,০০০ | মার্চ-১৭ | বেতন | | ২৫,০০০ |
| | | | | ” ৩১ | ব্যালেন্স C/D | | ১,৫৫,০০০ |
| | | | ১,৮০,০০০ | | | | ১,৮০,০০০ |
| এপ্রিল-১ | ব্যালেন্স B/D | | ১,৫৫,০০০ | | | | |

∴ এমি ব্রাদার্স হিসাব (পাওনাদার) ক্রেডিট উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা এবং নগদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত ১,৫৫,০০০ টাকা।

**গ**

জোহুরা এন্টারপ্রাইজ এর
খতিয়ান বহি (চলমান জের ছক)

বিক্রয় হিসাব হিসাবের কোর্ড নং..........

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২০ | | | | | | |
| মার্চ–১০ | নগদান হিসাব | | | ১,৮০,০০০ | | ১,৮০,০০০ |
| ” ২৫ | দেনাদার হিসাব | | | ১,০০,০০০ | | ২,৮০,০০০ |

বেতন হিসাব হিসাবের কোর্ড নং..........

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২০ | | | | | | |
| মার্চ–১৭ | নগদান হিসাব | | ২৫,০০০ | | ২,৫০,০০ | |
| ” ৩১ | বকেয়া বেতন হিসাব | | ১৫,০০০ | | ৪০,০০০ | |

∴ বিক্রয় হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ২,৮০,০০০ টাকা এবং বেতন হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৪০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ১১** ‘তুর্য এন্টারপ্রাইজের’ ২০২১ সালের ডিসেম্বর মাসের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ :
মূলধন ১,২০,০০০ টাকা, হাতে নগদ (০১-০১-২০২১) ২৫,০০০ টাকা, দেনাদার ৩৫,০০০ টাকা, পাওনাদার ১৫,০০০ টাকা, উত্তোলন ১০,০০০ টাকা, ক্রয় ৫০,০০০ টাকা, বিক্রয় ৬৫,০০০ টাকা, বিনিয়োগের সুদ ৫,৫০০ টাকা, বিমা সেলামি ১২,০০০ টাকা, মজুদ পণ্য (৩১–১২–২০২১) ৪৫,০০০ টাকা, অনুপার্জিত কমিশন ৩,৫০০ টাকা, বিনিয়োগ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩৪,০০০ টাকা, মজুদ পণ্য (০১-০১-২০২১) ২৫,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত (৩১–১২–২০২১) ৭,০০০ টাকা।

ক. রেওয়ামিলে উপর্যুক্ত তথ্যের কোন কোন দফা অন্তর্ভুক্ত হবে না, তার মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. তুর্য এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত করো। ৪
গ. ‘তুর্য এন্টারপ্রাইজের’ সমাপনী মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

[রা. বো. ২০২৩]

## ১১নং প্রশ্নের সমাধান

**ক** যে যে দফা রেওয়ামিলে আসবে না তার মোট পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| হাতে নগদ (০১-০১-২০২১) | ২৫,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-১০২১) | ৪৫,০০০ | |
| মোট | | ৭০,০০০ |

∴ রেওয়ামিলে আসবে না তার মোট পরিমাণ ৭০,০০০ টাকা।

**খ**

তুর্য এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ১,২০,০০০ |
| ২ | দেনাদার | | ৩৫,০০০ | |
| ৩ | পাওনাদার | | | ১৫,০০০ |
| ৪ | উত্তোলন | | ১০,০০০ | |
| ৫ | ক্রয় | | ৫০,০০০ | |
| ৬ | বিক্রয় | | | ৬৫,০০০ |
| ৭ | বিনিয়োগের সুদ | | | ৫,৫০০ |
| ৮ | বিমা সেলামি | | ১২,০০০ | |
| ৯ | অনুপার্জিত কমিশন | | | ৩,৫০০ |
| ১০ | বিনিয়োগ | | ৫০,০০০ | |
| ১১ | আসবাবপত্র | | ৩৪,০০০ | |
| ১২ | মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| ১৩ | ব্যাংক জমাতিরিক্ত | | | ৭,০০০ |
| | **মোট =** | | **২,১৬,০০০** | **২,১৬,০০০** |

∴ রেওয়ামিলের যোগফল ২,১৬,০০০ টাকা।

**গ** তুর্য এন্টারপ্রাইজের মোট সমাপনী সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদ :** | | |
| দেনাদার | ৩৫,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-২০২১) | ৪৫,০০০ | |
| বিনিয়োগ | ৫০,০০০ | |
| আসবাবপত্র | ৩৪,০০০ | |
| **মোট সমাপনী সম্পদ** | | ১,৬৪,০০০ |
| **সমাপনী দায় :** | | |
| পাওনাদার | ১৫,০০০ | |
| অনুপার্জিত কমিশন | ৩,৫০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৭,০০০ | |
| **মোট সমাপনী সম্পদ** | | **২৫,৫০০** |

∴ সমাপনী সম্পদ ও মোট দায়ের পরিমাণ ২৫,৫০০ টাকা।

# কুমিল্লা বোর্ড– ২০২৩

সেট : গ

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 146

সময় : ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. হিসাবের কোন বৈশিষ্ট্যটি 'T' ছক এবং 'চলমান জের' ছক উভয়েরই আছে?**
ক মোট ৪টি টাকার কলাম খ নির্দিষ্ট সময় পরপর উদ্বৃত্ত নির্ণয়
গ একটি শিরোনাম ঘ প্রতিটি লেনদেনের পর উদ্বৃত্ত নির্ণয়

**২. নিচের কোনটি বহুঘরবিশিষ্ট বিবরণী?**
ক খতিয়ান খ কার্যপত্র
গ রেওয়ামিল ঘ আর্থিক বিবরণী

**৩. পাওনা টাকা দ্রুত নিষ্পত্তির সাথে জড়িত কোনটি?**
ক বিক্রয় বাট্টা খ প্রাপ্ত কারবারি বাট্টা
গ প্রদত্ত কমিশন ঘ প্রদত্ত বাট্টা

**৪. আন্তঃচালানের ভিত্তিতে কোন প্রাথমিক বইতে লেনদেন লেখা হয়?**
ক সাধারণ জাবেদায় খ বিক্রয় জাবেদায়
গ ক্রয় জাবেদায় ঘ সহকারী খতিয়ানে

**৫. চেক দ্বারা পণ্য ক্রয় ১৫,০০০ টাকা– এই লেনদেনটি খতিয়ানে পোস্টিং হলে–**
i. ক্রয় হিসাব ১৫,০০০ টাকা বৃদ্ধি পাবে ii. ব্যাংক জমা ১৫,০০০ টাকা হ্রাস পাবে
iii. ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**☐ নিচের উদ্দীপকটি পড় এব ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
বীণা ট্রেডার্সের ২০২২ সালের আর্থিক বিবরণী থেকে নিম্নোক্ত তথ্য পাওয়া গেলো : চলতি সম্পদ ২,২৫,০০০ টাকা, মজুদ পণ্য ২৫,০০০ টাকা, বিনিয়োজিত মূলধন ৩,০০,০০০ টাকা, তারল্য অনুপাত ২ ঃ ১ এবং বিনিয়োজিত মূলধনের আয় হার ২২.৫%।

**৬. বীণা ট্রেডার্সের নিট মুনাফা কত?**
ক ৫০,০০০ টাকা খ ৬৭,৫০০ টাকা
গ ১,১২,৫০০ টাকা ঘ ২,০০,০০০ টাকা

**৭. উদ্দীপকের আলোকে বলা যায় বীণা ট্রেডার্সের–**
i. চলতি দায় ১,০০,০০০ টাকা ii. চলতি সম্পদ, চলতি দায়ের ২.২৫ গুণ
iii. চলতি সম্পদ, চলতি দায়ের দ্বিগুণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. মুনাফা জাতীয় প্রদানের অন্তর্ভুক্ত কোনটি?**
ক মেশিনের সংস্থাপন মজুরি প্রদান খ ব্যাংক ঋণ পরিশোধ
গ বাকিতে পণ্য ক্রয় ঘ অগ্রিম ভাড়া প্রদান

**৯. কোনটিকে রেওয়ামিলের সীমাবদ্ধতা বলে?**
ক উদ্বৃত্ত নির্ণয়ের ভুলকে খ পরিপূরক ভুলকে
গ স্থানান্তরের ভুলকে ঘ যোগফল নির্ণয়ের ভুলকে

**১০. আর্থিক বিবরণীতে কোনটি সমন্বয় করলে নিট মুনাফা বৃদ্ধি পায়?**
ক সমাপনী মজুদ পণ্য খ অলিখিত ক্রয়
গ কুঋণ সঞ্চিতি ঘ ব্যাংক হতে উত্তোলন

**১১. হিসাবের ক্ষেত্রে কোনটির অর্থ 'ডান'?**
ক ডেবিট খ ক্রেডিট গ ডেটর ঘ ক্রেডিটর

**১২. কোনো হিসাবের উদ্বৃত্ত শূন্য হলে তাকে কী বলে?**
ক ত্রুটিযুক্ত হিসাব খ মালিকানাস্বত্ব হিসাব
গ সমতাপ্রাপ্ত হিসাব ঘ মূল হিসাব

**১৩. রেওয়ামিল প্রস্তুতের সময় প্রারম্ভিক মজুদ পণ্যকে কী হিসেবে বিবেচনা করা হয়?**
ক সম্পদ খ দায় গ আয় ঘ ব্যয়

**১৪. আসবাবপত্রের উপর অবচয় ধার্য করলে কোন হিসাবটি ক্রেডিট হবে?**
ক আসবাবপত্র হিসাব খ অবচয় হিসাব
গ পুঞ্জীভূত অবচয় হিসাব ঘ পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র) হিসাব

**১৫. নিচের কোনটি দ্রুত নগদ অর্থে রূপান্তর করা যায় না?**
ক মজুদ পণ্য খ দেনাদার গ ব্যাংক জমা ঘ প্রাপ্য বিল

**১৬. একটি ব্যবসায়ের নগদ তহবিলের সাথে নিচের কোনটির বিপরীত সম্পর্ক হয়?**
ক অফিস সরঞ্জামের খ প্রপ্য হিসাবের
গ পাওনাদারের ঘ ব্যাংক জমার

**☐ নিচের উদ্দীপকটি পড়ে ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
অনন্যা ট্রেডার্সের ২০২২ সালের ১ জানুয়ারি মোট সম্পদ ৩,৫০,০০০ টাকা এবং তৃতীয় পক্ষের দাবির পরিমাণ ১,২৫,০০০ টাকা।

**১৭. অনন্যা ট্রেডার্সের মালিকের দাবি কত?**
ক ১,২৫,০০০ টাকা খ ২,২৫,০০০ টাকা
গ ৩,৫০,০০০ টাকা ঘ ৪,২৫,০০০ টাকা

**☐ নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
পদ্মা ফার্নিচার ২০২২ সালে মোট আসবাবপত্র ক্রয় করে ৩,০০,০০০ টাকা এবং পরিবহন খরচ প্রদান করে ৪০,০০০ টাকা। উক্ত আসবাবপত্র ১,০০,০০০ টাকা লাভে বিক্রয় করে ৫০% নগদে পায়।

**১৮. পদ্মা ফার্নিচারের ২০২২ সালের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত?**
ক ৪০,০০০ টাকা খ ২,৪০,০০০ টাকা
গ ৩,০০,০০০ টাকা ঘ ৩,৪০,০০০ টাকা

**১৯. উদ্দীপকের আলোকে পদ্মা ফার্নিচারের মুনাফা জাতীয়–**
i. আয় হবে ১,০০,০০০ টাকা ii. প্রাপ্তি হবে ২,২০,০০০ টাকা
iii. আয় বে ৪,৪০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. ঔষধ ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান কোন লেনদেনটির জন্য 'অফিস সরঞ্জাম' হিসাব লিখবে?**
ক ইনজেকশনের সূচ ক্রয় খ বাকিতে ফ্রিজ ক্রয়
গ বিক্রয়ের জন্য মাপযন্ত্র ক্রয় ঘ ব্যবহারের জন্য স্ট্যাপলার ক্রয়

**২১. ব্যবসায়ের মালিকানাধীন যা কিছু মুনাফা অর্জনে ব্যবহৃত হয় তাকে কী বলে?**
ক সম্পদ খ দায় গ ব্যয় ঘ মূলধন

**২২. T ছকে যোগফলের নিচে দুটি সমান্তরাল রেখা টানার উদ্দেশ্য কী?**
ক হিসাবের জের টানা খ হিসাব বন্ধ করা
গ যোগফলের প্রতি গুরুত্ব আরোপ করা ঘ সমাপনী জের দেখানো

**২৩. রেওয়ামিলে "পাওনাদার" হিসাবে বিবেচনা করা হয় কোনটিকে?**
ক ক্রয় খতিয়ানের জেরকে খ বিক্রয় খতিয়ানের জেরকে
গ বহিঃফেরত হিসাবকে ঘ আন্তঃফেরত হিসাবকে

**২৪. সমন্বিত ক্রয়ের মধ্যে কোনটি অন্তর্ভুক্ত থাকে?**
ক বহিঃফেরত খ আন্তঃপরিবহণ
গ প্রারম্ভিক মজুদ পণ্য ঘ সমাপনী মজুদপণ্য

**২৫. বাট্টা প্রাপ্তি ১,০০০ টাকা এই লেনদেনে ডেবিট হিসাব কোনটি?**
ক পাওনাদার ১,০০০ টাকা খ দেনাদার ১,০০০ টাকা
গ নগদান ১,০০০ টাকা ঘ বাট্টা ১,০০০ টাকা

**☐ নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
২০২২ সালের ১০ মার্চ তারিখে গামা ট্রেডার্স আলফা ব্রাদার্সের নিকট থেকে ১১১ নং ডেবিট নোট পেল এবং ১১ মার্চ তারিখে ২২২ নং একটি নোট প্রেরণ করলো।

**২৬. উদ্দীপকের ভিত্তিতে আলফা ব্রাদার্সের লেনদেন কোনটি?**
ক আন্তঃফেরত খ নগদে বিক্রিত পণ্য ফেরত
গ বাকিতে বিক্রিত পণ্য ফেরত ঘ বাকিতে ক্রীত পণ্য ফেরত

**২৭. উপর্যুক্ত ২২২ নং নোটটি দ্বারা–**
i. বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত হবে ii. আলফা ব্রাদার্সকে ক্রেডিট করা হবে
iii. গামা টেডার্সকে ডেবিট করা হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৮. নিচের কোনটি দ্বারা হিসাবসমীকরণের শুধু একটি উপাদান হ্রাস-বৃদ্ধি পাবে?**
ক ধারে পণ্য ক্রয় খ ব্যাংক থেকে ঋণ গ্রহণ
গ বিনামূল্যে পণ্য বিতরণ ঘ জীবন বিমা প্রিমিয়াম প্রদান

**২৯. নিচের কোনটিকে সাধারণ খতিয়ান এবং মূল হিসাব উভয়ই বলা হয়?**
ক নগদান হিসাব খ পাওনাদার হিসাব
গ ক্রয় হিসাব ঘ প্রদেয় বিল হিসাব

**৩০. অনিয়মিত প্রাপ্তি কোনটি?**
ক ব্যাংক হতে উত্তোলন খ দেনাদার হতে চেক প্রাপ্তি
গ বাকিতে পণ্য বিক্রয় ঘ পুরাতন যন্ত্রপাতি বিক্রয়

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা বোর্ড– ২০২৩

সেট : ০১

**হিসাববিজ্ঞান** (সৃজনশীল) বিষয় কোড 146

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। **ক বিভাগ** হতে দুটি (আবশ্যিক) এবং **খ বিভাগ হতে পাঁচটিসহ** সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক–বিভাগ

১। বর্ণিল ট্রেডার্সের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৭০,০০০ | ১,৪০,০০০ |
| বেতন | ৭,৫০০ | |
| বিমা সেলামি | ৮৫০ | |
| ফেরত | ৩,২০০ | ৪,৫০০ |
| বিদ্যুৎ খরচ | ২,২০০ | |
| আন্তঃপরিবহণ | ২,৭৫০ | |
| বিজ্ঞাপন খরচ | ৪,৫০০ | |
| উপভাড়া | | ১,৫০০ |
| কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | | ২,০০০ |
| বিবিধ দেনাদার | ৩২,০০০ | |
| | ১,৪৮,০০০ | ১,৪৮,০০০ |

**সমন্বয়সমূহ :**
১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১৭,৫০০ টাকা কিন্তু বাজার মূল্য ২০,০০০ টাকা।
২. পণ্য ক্রয় ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৩. দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী দেনা সঞ্চিতি ধার্য করো।

(ক) নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বর্ণিল ট্রেডার্সের মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় করো। ৪
(গ) মোট মুনাফা ৪৫,৫০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

২। দীপ্ত এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৫০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,২৫,০০০ | ১,৬০,০০০ |
| বিবিধ দেনাদার | ২০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৮০,০০০ | |
| বেতন (৯ মাসের) | ১০,৮০০ | |
| অফিস খরচ | ১৮,২০০ | |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| কমিশন | ৬,০০০ | ৭,০০০ |
| বিবিধ পাওনাদার | | ২৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩২,০০০ | |
| | ৩,৪২,০০০ | ৩,৪২,০০০ |

**সমন্বয়সমূহ :**
১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬০,০০০ টাকা।
২. আসবাবপত্রের উপর ১০% অবচয় ধরতে হবে।
৩. প্রাপ্য কমিশন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(ক) উপর্যুক্ত তথ্য হতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২
(খ) মোট মুনাফা ৬৩,০০০ টাকা ধরে প্রতিষ্ঠানটির নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪
(গ) সমাপনী মালিকানাস্বত্ব ১,৮৭,৪০০ টাকা ধরে দীপ্ত এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## খ–বিভাগ

৩। মিঃ নাফিসের ব্যবসায়ে ২০২২ সালের জুন মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :

জুন ১ নগদ ২,৫০,০০০ টাকা এবং ২,০০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
” ৫ জনি ট্রেডার্সের নিকট ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান।
” ১০ নগদ বিক্রয় ৭৫,০০০ টাকা।
” ১৫ ধারে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
” ২০ মাসে ১৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।
” ২৫ বিজ্ঞাপন বাবদ চেক প্রদান ১২,০০০ টাকা।

(ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
(খ) ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে কারণ ব্যাখ্যা করো। ৪
(গ) হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৪। সুপ্তি ট্রেডার্স ২০২২ সালের ১লা জুলাই তারিখে নগদ ১,২৫,০০০ টাকা এবং ১,১৮,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করে।

জুলাই ৬ নবীন ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ৪৫,০০০ টাকা।
” ১২ অতিরিক্ত মূলধন আনয়ন ২৫,০০০ টাকা।
” ২০ পাওনাদারকে পরিশোধ ৪০,০০০ টাকা।
” ২৫ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৩,৫০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য হতে আসবাবপত্রের নিট মূল্যের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জুলাই ৬ থেকে ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪
(গ) সুপ্তি ট্রেডার্সের মূলধন হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো। ৪

৫। গাজীপুরের নিলয় ফার্মার ২০২২ সালের আগস্ট মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

আগস্ট ৩ কুমিল্লার সবুজ ফার্মেসির নিকট ২২০ নং চালানের ভিত্তিতে প্রতি কার্টুন ২,০০০ টাকা দরে ২৫০ কার্টুন ঔষধ বিক্রয়। কারবারি বাট্টা ৫%।
” ২০ মেয়াদ উত্তীর্ণের কারণে কিশোরগঞ্জের সিয়াম ফার্মার নিকট হতে প্রতি কার্টুন ১,৫০০ টাকা দরে ১২ কার্টুন সিরাপ ফেরত আসলো। কারবারি বাট্টা ৪%। ক্রেডিট নোট নং- ১০৫।
” ২৫ কুমিল্লার সবুজ ফার্মেসি থেকে ত্রুটিযুক্ত হওয়ায় ৩০ কার্টুন ঔষধ ফেরত আসলো। ক্রেডিট নোট নং- ১০৯।

(ক) আগস্ট ৩ তারিখে বিক্রয়কৃত ঔষধের মূল্য নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে নিলয় ফার্মার আন্তঃফেরত জাবেদা প্রস্তুত করো। ৪
(গ) আগস্ট ২০ ও ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে সহকারী খতিয়ান প্রস্তুত করো। ৪

৬। জনাব সাগর তার ব্যবসায় প্রতিষ্ঠান 'সাগর এন্টারপ্রাইজ' এ দু'তরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করে হিসাব সংরক্ষণ করেন না। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায়ে ছিল নগদ তহবিল ১,৯৫,০০০ টাকা, পাওনাদার ৬৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ৭৫,০০০ টাকা, দালান

কোঠা ৩,৫০,০০০ টাকা এবং আসবাবপত্র ১,২০,০০০ টাকা টাকা। মিঃ সাগর ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় থেকে প্রতিমাসে নগদ ২,৫০০ টাকা করে উত্তোলন করেন এবং মোট ৬,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। তাছাড়া তিনি তার ব্যক্তিগত ব্যবহারের ৩০,০০০ টাকা মূল্যের আলমারি ব্যবসায়ে আনয়ন করেন। বছর শেষে তার ব্যবসায়ের সম্পদ ও দায়ের পরিমাণ হলো হাতে নগদ ২,৫০,০০০ টাকা, দালানকোঠা ৩,২০,০০০ টাকা, আসবাবপত্র ১,৫০,০০০ টাকা, পাওনাদার ৭৫,০০০ টাকা, মজুদ পণ্য ৯৫,০০০ টাকা, প্রদেয় ভাড়া ২৫,০০০ টাকা ও ব্যাংক ঋণ ৫৫,০০০ টাকা।

(ক) জনাব সাগরের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) বছর শেষে সাগর এন্টারপ্রাইজের মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

(গ) সাগর এন্টারপ্রাইজের সমাপনী মূলধন ৭,১০,০০০ টাকা ধরে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৭। সৈকত ট্রেডার্সের ২০২২ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মাচ | ১ | নগদে মূলধন আনায়ন ৮৫,০০০ টাকা। |
| ” | ৬ | বাকিতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ১২ | ব্যবসায় হতে জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৮,০০০ টাকা। |
| ” | ২০ | বিক্রয়কর্মী আশিককে বেতন প্রদান ৭,০০০ টাকা। |

(ক) উপর্যুক্ত তথ্য হতে ব্যবসায়ের মোট ব্যয় হিসাবের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) মার্চ ২০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ভাউচার প্রস্তুত করো। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো।৪

৮। রাজশাহীর রহমান ট্রেডার্স ২০২২ সালের ১ জুলাই তারিখে নগদ ২,৫০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৭৫,০০০ টাকা, দেনাদার ১,০০,০০০ টাকা এবং ১,৩৫,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসা আরম্ভ করে। ঐ মাসের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুলাই | ৭ | ফাহাদ এন্টারপ্রাইজ হতে চেক প্রাপ্তি ১৫,০০০ টাকা। |
| ” | ১২ | পুরাতন ফাইল কেবিনেট বিক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ২০ | অফিসের জন্য কাগজ, কালি ও পেন্সিল ক্রয় ৯৫০ টাকা। |
| ” | ২৫ | কুঋণ অবলোপন হলো ২,৫০০ টাকা। |
| ” | ২৮ | কুষ্টিয়ার আবির ট্রেডার্সের নিকট থেকে ৫% বাট্টায় প্রতি বস্তা |

২,০০০ টাকা দরে ১০০ বস্তা ময়দা ক্রয়। ক্রয় চালান নং- ৩২২, শর্ত : $\frac{২}{১০}$, নিট ২০

(ক) রহমান ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) জুলাই ২৮ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান প্রস্তুত করো। ৪

(গ) জুলাই ৭, ১২, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ করো। ৪

৯। জুঁই এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| **হিসাবের নাম** | **টাকা** |
|---|---|
| মূলধন | ৮০,০০০ |
| নগদ তহবিল | ২৫,০০০ |
| বিক্রয় | ৮৫,০০০ |
| প্রদেয় বিজ্ঞাপন | ৭,৫০০ |
| অগ্রিম বিমা | ৬,০০০ |
| বকেয়া ভাড়া | ৪,৫০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৫৫,০০০ |
| ক্রয় | ৭৫,০০০ |
| আন্তঃফেরত | ৮,৫০০ |
| প্রদেয় হিসাব | ১৮,০০০ |
| সমাপনী ব্যাংক জমা | ৮৫,৫০০ |

(ক) উপর্যুক্ত তথ্য হতে সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) জুঁই এন্টারপ্রাইজের সমাপনী চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

(গ) উল্লিখিত খতিয়ানের উদ্বৃত্তগুলো দ্বারা জুঁই এন্টারপ্রাইজের একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

১০। মীম ট্রেডার্সের ২০২২ সালের এপ্রিল মাসের ব্যবসায়িক লেনদেনগুলো নিম্নরূপ :

| | | | |
|---|---|---|---|
| এপ্রিল | ২ | ব্যবসায় স্থানান্তর ব্যয় | ২২,০০০ টাকা |
| ” | ৫ | প্রচারণা বাবদ ব্যয় | ৭,৫০০ টাকা |
| ” | ৭ | কর্মচারীদের বেতন প্রদান | ২৭,০০০ টাকা |
| ” | ৯ | পণ্য বিক্রয় (৫০% ধারে) | ১,৮০,০০০ টাকা |
| ” | ১২ | পণ্যের গবেষণা ব্যয় | ২৩,০০০ টাকা |
| ” | ১৫ | কমিশন প্রাপ্তি | ৬,৫০০ টাকা |
| ” | ১৭ | বিদ্যুৎ বিল পরিশোধ | ৯,৫০০ টাকা |
| ” | ২১ | বিনিয়োগের সুদ প্রাপ্তি | ১৩,০০০ টাকা |
| ” | ২৫ | ঋণের সুদ প্রদান | ৮,৫০০ টাকা |
| ” | ৩০ | লভ্যাংশ প্রাপ্তি | ৩,৫০০ টাকা |

(ক) উপর্যুক্ত তথ্যাদি হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ২

(খ) মীম ট্রেডার্সের মুনাফা জাতীয় আয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ৪

(গ) উক্ত প্রতিষ্ঠানের মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ৪

১১। জনাব শাহজাদা একজন ব্যবসায়ী। ২০২২ সালের আগস্ট মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| আগস্ট | ৩ | প্রিয়া ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা। |
| ” | ৮ | শিউলি ব্রাদার্সের নিকট নগদ বিক্রয় ১,২৫,০০০ টাকা। |
| ” | ২০ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা। |
| ” | ২৫ | ব্যবসায়ে ব্যবহারের জন্য ৩টি ঘড়ি ও ২টি ক্যালকুলেটর ক্রয় ৭,৫০০ টাকা। |
| ” | ৩১ | ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা। |

(ক) উপর্যুক্ত তথ্য হতে নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) 'T' ছকে নগদান হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

(গ) চলমান জের ছকে উত্তোলন হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** বর্ণিল ট্রেডার্সের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৭০,০০০ | ১,৪০,০০০ |
| বেতন | ৭,৫০০ | |
| বিমা সেলামি | ৮৫০ | |
| ফেরত | ৩,২০০ | ৪,৫০০ |
| বিদ্যুৎ খরচ | ২,২০০ | |
| আন্তঃপরিবহণ | ২,৭৫০ | |
| বিজ্ঞাপন খরচ | ৪,৫০০ | |
| উপভাড়া | | ১,৫০০ |
| কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | | ২,০০০ |
| বিবিধ দেনাদার | ৩২,০০০ | |
| | ১,৪৮,০০০ | ১,৪৮,০০০ |

**সমন্বয়সমূহ :**

১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১৭,৫০০ টাকা কিন্তু বাজারমূল্য ২০,০০০ টাকা।
২. পণ্য ক্রয় ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৩. দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী দেনা সঞ্চিতি ধার্য করো।

ক. নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বর্ণিল ট্রেডার্সের মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় করো। ৪
গ. মোট মুনাফা ৪৫,৫০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৩]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** নিট দেনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| দেনাদার | ৩২,০০০ | |
| (−) সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি (৩২,০০০ × ৫%) | (১,৬০০) | |
| নিট দেনাদার | | ৩০,৪০০ |

∴ নিট দেনাদারের পরিমাণ ৩০,৪০০ টাকা।

**খ**

**বর্নিল ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী**
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১,৪০,০০০ | |
| (−) ফেরত | | (৩,২০০) | |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয়** | | | ১,৩৬,৮০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| ক্রয় | ৭০,০০০ | | |

| | | | |
|---|---|---|---|
| (+) অলিখিত ক্রয় | ১৫,০০০ | | |
| | ৮৫,০০০ | | |
| (−) ফেরত | (৪,৫০০) | | |
| | | ৮০,৫০০ | |
| আন্তঃ পরিবহণ | | ২,৭৫০ | |
| | | ১,০৮,২৫০ | |
| (−) সমাপনী মজুদ পণ্য | | (১৭,৫০০) | |
| | | | (৯০,৭৫০) |
| **মোট মুনাফা** | | | **৪৬,০৫০** |

∴ মোট মুনাফা ৪৬,০৫০ টাকা।

**গ**

**বর্নিল ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী**
**২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য**

| **বিবরণ** | **টাকা** | **টাকা** | |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৪৫,৫০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | | ৭,৫০০ | |
| বিমা সেলামি | | ৮৫০ | |
| বিদ্যুৎ খরচ | | ২,২০০ | |
| বিজ্ঞাপন খরচ | | ৪,৫০০ | |
| সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | ১,৬০০ | | |
| (−) প্রারম্ভিক কুঋণ ও সন্দেহজনক দেনা | (২,০০০) | | |
| | | (৪০০) | |
| | | | (১৪,৬৫০) |
| **পরিচালন মুনাফা** | | | ৩০,৮৫০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| উপভাড়া | | | ১,৫০০ |
| **নিট মুনাফা** | | | **৩২,৩৫০** |

∴ নিট মুনাফা ৩২,৩৫০ টাকা।

**প্রশ্ন ▸ ০২** দীপ্ত এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

| **হিসাবের নাম** | **ডেবিট টাকা** | **ক্রেডিট টাকা** |
|---|---|---|
| মূলধন | | ১,৫০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,২৫,০০০ | ১,৬০,০০০ |
| বিবিধ দেনাদার | ২০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৮০,০০০ | |
| বেতন (৯ মাসের) | ১০,৮০০ | |
| অফিস খরচ | ১৮,২০০ | |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| কমিশন | ৬,০০০ | ৭,০০০ |
| বিবিধ পাওনাদার | | ২৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩২,০০০ | |
| | ৩,৪২,০০০ | ৩,৪২,০০০ |

**সমন্বয়সমূহ :**

১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬০,০০০ টাকা।
২. আসবাবপত্রের উপর ১০% অবচয় ধরতে হবে।
৩. প্রাপ্য কমিশন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. উপর্যুক্ত তথ্য হতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২
খ. মোট মুনাফা ৬৩,০০০ টাকা ধরে প্রতিষ্ঠানটির নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪
গ. সমাপনী মালিকানাস্বত্ব ১,৮৭,৪০০ টাকা ধরে দীপ্ত এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৩]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩২,০০০ | |
| (+) ক্রয় | ১,২৫,০০০ | |
| | ১,৫৭,০০০ | |
| (−) সমাপনী মজুদ পণ্য | (৬০,০০০) | |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | **৯৭,০০০** |

∴ বিক্রীত পণ্যের ব্যয় ৯৭,০০০ টাকা।

**খ**

**দীপ্ত এন্টারপ্রাইজ**
**বিশদ আয় বিবরণী**
**২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৬৩,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | ১০,৮০০ | | |
| (+) বকেয়া বেতন $\left(১০,৮০০ \times \frac{৩}{৯}\right)$ | ৩,৬০০ | | |
| | | ১৪,৪০০ | |
| অফিস খরচ | | ১৮,২০০ | |
| আসবাবপত্রের অবচয় (৫০,০০০ × ১০%) | | ৫,০০০ | |
| কমিশন প্রদান | | ৬,০০০ | |
| | | | (৪৩,৬০০) |
| পরিচালন মুনাফা | | | ১৯,৪০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| বিনিয়োগের সুদ (৮০,০০০ × ১০%) | | ৮,০০০ | |
| প্রাপ্ত কমিশন | ৭,০০০ | | |
| (+) প্রাপ্য কমিশন | ৩,০০০ | | |
| | | ১০,০০০ | |
| | | | ১৮,০০০ |
| **নিট মুনাফা** | | | **৩৭,৪০০** |

∴ নিট মুনাফা ৩৭,৪০০০ টাকা।

**গ**

**দীপ্ত এন্টারপ্রাইজ**
**আর্থিক অবস্থার বিবরণী**
**২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে**

| বিবরণ | টাকা | টাকা | |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| আসবাবপত্র | | ৫০,০০০ | |
| (−) পুঞ্জিভূত অবচয় | | (৫,০০০) | |
| মোট স্থায়ী সম্পদ | | | ৪৫,০০০ |

| | | | |
|---|---|---|---|
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ :** | | | |
| ১০% বিনিয়োগ | | | ৮০,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| দেনাদার | | ২০,০০০ | |
| প্রাপ্য কমিশন | | ৩,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৬০,০০০ | |
| প্রাপ্য বিনিয়োগের সুদ | | ৮,০০০ | |
| মোট চলতি সম্পদ | | | ৯১,০০০ |
| **মোট সম্পদ** | | | **২,১৬,০০০** |
| **মালিকানাস্বত্ব ও দায়সমূহ :** | | | |
| সমাপনী মালিকানাস্বত্ব (প্রশ্নে প্রদত্ত) | | | ১,৮৭,৪০০ |
| **স্বল্পমেয়াদি দায় :** | | | |
| বিবিধ পাওনাদার | | ২৫,০০০ | |
| বকেয়া বেতন | | ৩,৬০০ | |
| মোট চলতি দায় | | | ২৮,৬০০ |
| **মালিকানা স্বত্ব ও মোট দায়** | | | **২,১৬,০০০** |

∴ আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,১৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৩** মিঃ নাফিসের ব্যবসায়ে ২০২২ সালের জুন মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :

জুন ১ নগদ ২,৫০,০০০ টাকা এবং ২,০০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৫ জনি ট্রেডার্সের নিকট ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান।
" ১০ নগদ বিক্রয় ৭৫,০০০ টাকা।
" ১৫ ধারে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ২০ মাসে ১৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।
" ২৫ বিজ্ঞাপন বাবদ চেক প্রদান ১২,০০০ টাকা।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে কারণ ব্যাখ্যা করো। ৪
গ. হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

[কু. বো. ২০২৩]

### ৩নং প্রশ্নের সমাধান

**ক** লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|
| ২০২২ | | |
| জুন–৫ | জনি ট্রেডার্সের নিকট পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান | ৫,০০০ |
| " ২০ | ম্যানেজার নিয়োগ দেওয়া হলো | ১৮,০০০ |
| | | **২৩,০০০** |

∴ লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ ২৩,০০০ টাকা।

**খ** ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে কারণ ব্যাখ্যা :

| তারিখ | লেনদেন কি না | সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০২২ জুন–১ | লেনদেন | নগদ অর্থ ও ব্যাংক জমা মূলধনস্বরূপ আনয়ন করায় ব্যবসায়ের হিসাব সমীকরণের A (সম্পদ) এবং OE (মালিকানাস্বত্ব) উভয় উপাদান বৃদ্ধি পেয়েছে। এখানে, A = L + OE এর A ও OE উপাদানের বৃদ্ধি ঘটে। |
| " ১০ | লেনদেন | নগদে পণ্য বিক্রয়ের ফলে নগদ অর্থ ও বিক্রয় বাবদ আয় বৃদ্ধি পেয়েছে। এখানে, A = L + OE হিসাব সমীকরণের A (সম্পদ) ও OE (মালিকানাস্বত্ব) উভয়ই বৃদ্ধি পেয়েছে। |
| " ১৫ | লেনদেন | ধারে পণ্য ক্রয়ের ফলে প্রতিষ্ঠানের ব্যয় ও পাওনাদারের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। এখানে, A = L + OE হিসাব সমীকরণের L (দায়) বৃদ্ধি এবং OE (মালিকানাস্বত্ব) হ্রাস পেয়েছে। |
| " ২৫ | লেনদেন | বিজ্ঞাপন ব্যয় চেকে পরিশোধ করায় প্রতিষ্ঠানের ব্যয় বৃদ্ধি এবং ব্যাংক জমা হ্রাস পেয়েছে। এখানে, A = L + OE হিসাব সমীকরণের A (সম্পদ) হ্রাস এবং OE (মালিকানাস্বত্ব) হ্রাস পেয়েছে। |

**গ** ২০২২ সালের জুন মাসের লেনদেনসমূহের প্রভাব হিসাব সমীকরণে দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | | পাওনাদার | | | |
| ২০২২ জুন-১ | | ২,৫০,০০০ | ২,০০,০০০ | = | | + | ৪,৫০,০০০ | মূলধন আনয়ন |
| " ১০ | উদ্বৃত্ত | ২,৫০,০০০<br>৭৫,০০০ | ২,০০,০০০ | =<br>= | | + | ৪,৫০,০০০<br>৭৫,০০০ | বিক্রয়<br>আয় |
| " ১৫ | উদ্বৃত্ত | ৩,২৫,০০০ | ২,০০,০০০ | =<br>= | ২৫,০০০ | + | ৫,২৫,০০০<br>(২৫,০০০) | ক্রয়<br>ব্যয় |
| " ২৫ | উদ্বৃত্ত | ৩,২৫,০০০ | ২,০০,০০০<br>(১২,০০০) | =<br>= | ২৫,০০০ | + | ৫,০০,০০০<br>(১২,০০০) | বিজ্ঞাপন<br>ব্যয় |
| | | ৩,২৫,০০০ | ১,৮৮,০০০ | | ২৫,০০০ | + | ৪,৮৮,০০০ | |
| মোট | | ৫,১৩,০০০ | | = | ৫,১৩,০০০ | | | |

∴ হিসাব সমীকরণের যোগফল ৫,১৩,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৪** সুপ্তি ট্রেডার্স ২০২২ সালের ১লা জুলাই তারিখে নগদ ১,২৫,০০০ টাকা এবং ১,১৮,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করে।

জুলাই ৬ নবীন ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ৪৫,০০০ টাকা।
" ১২ অতিরিক্ত মূলধন আনয়ন ২৫,০০০ টাকা।
" ২০ পাওনাদারকে পরিশোধ ৪০,০০০ টাকা।
" ২৫ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৩,৫০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে আসবাবপত্রের নিট মূল্যের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জুলাই ৬ থেকে ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. সুপ্তি ট্রেডার্সের মূলধন হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৩]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** আসবাবপত্রের নিট মূল্যের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ জুলাই-১ | আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ<br>(−) আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো | ১,১৮,০০০<br>(৩,৫০০) | |
| | নিট মূল্য | | ১,১৪,৫০০ |

∴ আসবাবপত্রের নিট মূল্যের পরিমাণ ১,১৪,৫০০ টাকা।

**খ**

### সুপ্তি ট্রেডার্স
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খঃপৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ জুলাই-৬ | ক্রয় হিসাব | ডেবিট | | ৪৫,০০০ | |
| | পাওনাদার হিসাব | ক্রেডিট | | | ৪৫,০০০ |
| | (ধারে পণ্য ক্রয় করা হলো) | | | | |
| " ১২ | নগদান হিসাব | ডেবিট | | ২৫,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ২৫,০০০ |
| | (অতিরিক্ত মূলধন আনয়ন করা হলো) | | | | |
| " ২০ | পাওনাদার হিসাব | ডেবিট | | ৪০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৪০,০০০ |
| | (পাওনাদারকে নগদে পরিশোধ করা হলো) | | | | |
| " ২৫ | অবচয় হিসাব | ডেবিট | | ৩,৫০০ | |
| | পুঞ্জিভূত অবচয় (আসবাবপত্র) হিসাব | ক্রেডিট | | | ৩,৫০০ |
| | (আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো) | | | | |
| | মোট | | | ১,১৩,৫০০ | ১,১৩,৫০০ |

∴ জাবেদার যোগফল ১,১৩,৫০০ টাকা।

**গ**

## সুপ্তি ট্রেডার্স

### সাধারণ খতিয়ান (চলমান জের ছক)

মূলধন হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত ডেবিট টাকা | উদ্বৃত্ত ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | |
| জুলাই-১ | নগদান হিসাব | | | ১,২৫,০০০ | | ১,২৫,০০০ |
| " ১ | আসবাবপত্র হিসাব | | | ১,১৮,০০০ | | ২,৪৩,০০০ |
| " ১২ | নগদান হিসাব | | | ২৫,০০০ | | ২,৬৮,০০০ |

পাওনাদার হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত ডেবিট টাকা | উদ্বৃত্ত ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | |
| জুলাই–৬ | ক্রয় হিসাব | | | ৪৫,০০০ | | ৪৫,০০০ |
| " ২০ | নগদান হিসাব | | ৪০,০০০ | | | ৫,০০০ |

∴ মূলধন হিসাবের উদ্বৃত্ত ২,৬৮,০০০ টাকা এবং পাওনাদার হিসাবের উদ্বৃত্ত ৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৫** গাজীপুরের নিলয় ফার্মার ২০২২ সালের আগস্ট মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

আগস্ট ৩ কুমিল্লার সবুজ ফার্মেসির নিকট ২২০ নং চালানের ভিত্তিতে প্রতি কার্টুন ২,০০০ টাকা দরে ২৫০ কার্টুন ঔষধ বিক্রয়। কারবারি বাট্টা ৫%।

" ২০ মেয়াদ উত্তীর্ণের কারণে কিশোরগঞ্জের সিয়াম ফার্মার নিকট হতে প্রতি কার্টুন ১,৫০০ টাকা দরে ১২ কার্টুন সিরাপ ফেরত আসলো। কারবারি বাট্টা ৪%। ক্রেডিট নোট নং- ১০৫।

" ২৫ কুমিল্লার সবুজ ফার্মেসি থেকে ত্রুটিযুক্ত হওয়ায় ৩০ কার্টুন ঔষধ ফেরত আসলো। ক্রেডিট নোট নং- ১০৯।

ক. আগস্ট ৩ তারিখে বিক্রয়কৃত ঔষধের মূল্য নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে নিলয় ফার্মার আন্তঃফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

গ. আগস্ট ২০ ও ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে সহকারী খতিয়ান প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৩]

### ৫নং প্রশ্নের সমাধান

**ক** ৩ আগস্ট তারিখে বিক্রয়কৃত ঔষধের (পণ্য) মূল্য নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| আগস্ট-৩ | ঔষধ বিক্রয় (২,০০০ × ২৫০) | ৫,০০,০০০ | |
| | বাদ : কারবারি বাট্টা (৫%) | (২৫,০০০) | |
| | | | ৪,৭৫,০০০ |

∴ বিক্রয়কৃত ঔষধের মূল্য ৪,৭৫,০০০ টাকা।

**খ**

## নিলয় ফার্মার

### আন্তঃফেরত বা বিক্রয় ফেরত জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | ক্রেডিট নোট নম্বর | সূত্র | বিক্রয় ফেরত হিসাব ডেবিট / দেনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| আগস্ট–২০ | সিয়াম ফার্মা (গণনাকার্য-০১) | ১০৫ | ✓ | ১৭,২৮০ |
| " ২৫ | সবুজ ফার্মেসি (গণনাকার্য-০২) | ১০৯ | ✓ | ৫৭,০০০ |
| | | | | ৭৪,২৮০ |

∴ বিক্রয় ফেরত জাবেদার যোগফল ৭৪,২৮০ টাকা।

**গণনাকার্য–১ :**

২০২২

| | | | |
|---|---|---|---|
| আগস্ট–২০ | সিয়াম ফার্মার নিকট থেকে বিক্রয় ফেরত (১,৫০০ × ১২) | = | ১৮,০০০ টাকা |
| | **বাদ :** কারবারি বাট্টা ৪% | = | ৭২০ টাকা |
| | | | ১৭,২৮০ টাকা |

**গণনাকার্য–২ :**

| | | | |
|---|---|---|---|
| আগস্ট–২৫ | সবুজ ফার্মেসির নিকট থেকে বিক্রয় ফেরত (২,০০০ × ৩০) | = | ৬০,০০০ টাকা |
| | **বাদ :** কারবারি বাট্টা ৫% | = | ৩,০০০ টাকা |
| | | | ৫৭,০০০ টাকা |

**গ** **নিলয় ফার্মা**

সহকারী খতিয়ান (চলমান জের ছক)

সিয়াম ফার্মা — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ আগস্ট-২০ | বিক্রয় ফেরত হিসাব | | | ১৭,২৮০ | | ১৭,২৮০ |

সবুজ ফার্মেসি — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ আগস্ট–২৫ | বিক্রয় ফেরত হিসাব | | | ৫৭,০০০ | | ৫৭,০০০ |

∴ সিয়াম ফার্মার ক্রেডিট উদ্বৃত্ত ১৭,২৮০ টাকা এবং সবুজ ফার্মেসির ক্রেডিট উদ্বৃত্ত ৫৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** জনাব সাগর তার ব্যবসায় প্রতিষ্ঠান 'সাগর এন্টারপ্রাইজ' এ দু'তরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করে হিসাব সংরক্ষণ করেন না। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায়ে ছিল নগদ তহবিল ১,৯৫,০০০ টাকা, পাওনাদার ৬৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ৭৫,০০০ টাকা, দালানকোঠা ৩,৫০,০০০ টাকা এবং আসবাবপত্র ১,২০,০০০ টাকা। মিঃ সাগর ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় থেকে প্রতিমাসে নগদ ২,৫০০ টাকা করে উত্তোলন করেন এবং মোট ৬,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। তাছাড়া তিনি তার ব্যক্তিগত ব্যবহারের ৩০,০০০ টাকা মূল্যের আলমারি ব্যবসায়ে আনয়ন করেন। বছর শেষে তার ব্যবসায়ের সম্পদ ও দায়ের পরিমাণ হলো হাতে নগদ ২,৫০,০০০ টাকা, দালানকোঠা ৩,২০,০০০ টাকা, আসবাবপত্র ১,৫০,০০০ টাকা পাওনাদার ৭৫,০০০ টাকা, মজুদ পণ্য ৯৫,০০০ টাকা, প্রদেয় ভাড়া ২৫,০০০ টাকা ও ব্যাংক ঋণ ৫৫,০০০ টাকা।

ক. জনাব সাগরের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. বছর শেষে সাগর এন্টারপ্রাইজের মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সাগর এন্টারপ্রাইজের সমাপনী মূলধন ৭,১০,০০০ টাকা ধরে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

[কু. বো. ২০২৩]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব সাগরের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

**৩১শে ডিসেম্বর ২০২১**

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| নগদ উত্তোলন (২,৫০০ × ১২) | ৩০,০০০ | |
| পণ্য উত্তোলন | ৬,০০০ | |
| **মোট** | | **৩৬,০০০** |

∴ মোট উত্তোলনের পরিমাণ ৩৬,০০০ টাকা।

**খ** বছর শেষে সাগর এন্টারপ্রাইজের মূলধনের পরিমাণ নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ − সমাপনী মোট দায়
= {(২,৫০,০০০ + ৩,২০,০০০ + ১,৫০,০০০ + ৯৫,০০০)} − {(৭৫,০০০ + ২৫,০০০ + ৫৫,০০০)}
= ৮,১৫,০০০ + ১,৫৫,০০০
= ৬,৬০,০০০ টাকা

∴ সমাপনী মূলধনের পরিমাণ ৬,৬০,০০০ টাকা।

**গ** সাগর এন্টারপ্রাইজের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় :

নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)
= {(৭,১০,০০০ + ৩৬,০০০) − (৫,২৫,০০০ + ৩০,০০০)}
= ৭,৪৬,০০০ + ৫,৫৫,০০০
= ১,৯১,০০০ টাকা (লাভ)

∴ লাভ = ১,৯১,০০০ টাকা।

এখানে,

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ − প্রারম্ভিক মোট দায়
= (১,৯৫,০০০ + ৩,৫০,০০০ + ১,২০,০০০) − (৬৫,০০০ + ৭৫,০০০)
= ৬,৬৫,০০০ + ১,৪০,০০০
= ৫,২৫,০০০ টাকা

সমাপনী মূলধন = ১০,০০০ টাকা (প্রশ্নে প্রদত্ত)

উত্তোলন = ৩৬,০০০ টাকা

অতিরিক্ত মূলধন = ৩০,০০০ টাকা

**প্রশ্ন ▸ ০৭** সৈকত ট্রেডার্সের ২০২২ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মাচ ১ নগদে মূলধন আনয়ন ৮৫,০০০ টাকা।
" ৬ বাকিতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ১২ ব্যবসায় হতে জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৮,০০০ টাকা।
" ২০ বিক্রয়কর্মী আশিককে বেতন প্রদান ৭,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে ব্যবসায়ের মোট ব্যয় হিসাবের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মার্চ ২০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ভাউচার প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

[কু. বো. ২০২৩]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** মোট ব্যয় হিসাবের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ মার্চ–৬ | ক্রয় হিসাব | ২৫,০০০ | |
| " ২০ | বেতন হিসাব | ৭,০০০ | |
| | মোট | | ৩২,০০০ |

∴ মোট ব্যয় হিসাবের পরিমাণ ৩২,০০০ টাকা।

**খ** ২০ তারিখের লেনদেনের ভিত্তিতে ডেবিট ভাউচার তৈরি করা হলো :

**সৈকত ট্রেডার্স**

ঠিকানা : ........................... তারিখ : ২০ মার্চ, ২০২২

ডেবিট ভাউচার নম্বর : গ্রহণকারীর নাম :

হিসাব খাতের নাম : বেতন হিসাব ঠিকানা :

| ক্রমিক নং | খরচের বিবরণ | টাকা |
|---|---|---|
| ১ | বিক্রয়কর্মীর বেতন প্রদান | ৭,০০০ |
| | | ৭,০০০ |

**টাকা (কথায়) :** সাত হাজার টাকা মাত্র।

ক্যাশিয়ারের স্বাক্ষর | হিসাবরক্ষকের স্বাক্ষর | ব্যবস্থাপকের স্বাক্ষর | গ্রহীতার স্বাক্ষর

**গ** লেনদেনের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় :

| তারিখ | বিবরণ | ডেবিট/ক্রেডিট | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| ২০২২<br>মার্চ–১ | নগদান হিসাব<br>মূলধন হিসাব | ডেবিট<br>ক্রেডিট | ৮৫,০০০<br>৮৫,০০০ | সম্পদ বৃদ্ধি<br>মালিকানাস্বত্ব বৃদ্ধি |
| " ৬ | ক্রয় হিসাব<br>পাওনাদার হিসাব | ডেবিট<br>ক্রেডিট | ৩৫,০০০<br>২৫,০০০ | ব্যয় বৃদ্ধি<br>দায় বৃদ্ধি |
| " ১২ | উত্তোলন হিসাব<br>নগদান হিসাব | ডেবিট<br>ক্রেডিট | ৮,০০০<br>৮,০০০ | মালিকানা স্বত্বহ্রাস<br>সম্পদহ্রাস |
| " ২০ | বেতন হিসাব<br>নগদান হিসাব | ডেবিট<br>ক্রেডিট | ৭,০০০<br>৭,০০০ | ব্যয় বৃদ্ধি<br>সম্পদহ্রাস |

**প্রশ্ন ▶ ০৮** রাজশাহীর রহমান ট্রেডার্স ২০২২ সালের ১ জুলাই তারিখে নগদ ২,৫০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৭৫,০০০ টাকা, দেনাদার ১,০০,০০০ টাকা এবং ১,৩৫,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসা আরম্ভ করে। ঐ মাসের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ৭ ফাহাদ এন্টারপ্রাইজ হতে চেক প্রাপ্তি ১৫,০০০ টাকা।
" ১২ পুরাতন ফাইল কেবিনেট বিক্রয় ২০,০০০ টাকা।
" ২০ অফিসের জন্য কাগজ, কালি ও পেন্সিল ক্রয় ৯৫০ টাকা।
" ২৫ কুঋণ অবলোপন হলো ২,৫০০ টাকা।
" ২৮ কুষ্টিয়ার আবির ট্রেডার্সের নিকট থেকে ৫% বাট্টায় প্রতি বস্তা ২,০০০ টাকা দরে ১০০ বস্তা ময়দা। ক্রয় চালান নং ৩২২, শর্ত : $\frac{২}{১০}$, নিট ২০

ক. রহমান ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জুলাই ২৮ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান প্রস্তুত করো। ৪
গ. জুলাই ৭, ১২, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

[কু. বো. ২০২৩]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** রহমান ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২<br>জুলাই-১ | নগদ (২,৫০,০০০ + ১,৩৫,০০০)<br>আসবাবপত্র<br>দেনাদার<br><br>(−) ঋণ | ৩,৮৫,০০০<br>১,৭৫,০০০<br>১,০০,০০০<br>৬,৬০,০০০<br>(১,৩৫,০০০) | |
| | **প্রারম্ভিক মূলধন** | | **৫,২৫,০০০** |

∴ প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৫,২৫,০০০ টাকা।

**খ**

চালান নং : ৩২২ | **রহমান ট্রেডার্স** | তারিখ : ২৮ জুলাই, ২০২২

**রাজশাহী**

ক্রেতার নাম : আবির ট্রেডার্স

**চালান**

ঠিকানা : কুষ্টিয়া

| নং | খরচের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ময়দা ক্রয়<br>**বাদ :** কারবারি বাট্টা ৫% | ২,০০০ | ১০০ বস্তা | ২,০০,০০০<br>(১০,০০০)<br>১,৯০,০০০ |

**টাকা (কথায়) :** এক লক্ষ নব্বই হাজার টাকা মাত্র।

বিক্রয় শর্ত : $\frac{২}{১০}$, নিট ২০

**বি.দ্র. :** ভুলত্রুটি সংশোধনযোগ্য।

...................................
বিক্রেতার স্বাক্ষর

**গ**

## রহমান ট্রেডার্স
### সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খঃ পৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| জুলাই–৭ | ব্যাংক হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | দেনাদার (ফাহাদ এন্টারপ্রাইজ) হিসাব | ক্রেডিট | | | ১৫,০০০ |
| | (দেনাদারের নিকট থেকে চেক পাওয়া গেল) | | | | |
| " ১২ | নগদান হিসাব | ডেবিট | | ২০,০০০ | |
| | আসবাবপত্র হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | (পুরাতন ফাইল কেবিনেট বিক্রয় করা হলো) | | | | |
| " ২০ | মনিহারি হিসাব | ডেবিট | | ৯৫০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৯৫০ |
| | (নগদে অফিসের জন্য কাগজ, কালি ও পেনসিল ক্রয় করা হলো) | | | | |
| " ২৫ | কুঋণ সঞ্চিতি হিসাব | ডেবিট | | ২,৫০০ | |
| | দেনাদার হিসাব | ক্রেডিট | | | ২,৫০০ |
| | (নগদে অফিসের জন্য কাগজ, কালি ও পেনসিল ক্রয় করা হলো) | | | | |
| | **মোট** | | | **৩৮,৪৫০** | **৩৮,৪৫০** |

∴ সাধারণ জাবেদার যোগফল ৩৮,৫৪০ টাকা।

**প্রশ্ন ▸ ০৯** জুঁই এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ৮০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৪০,০০০ |
| নগদ তহবিল | ২৫,০০০ | সমাপনী মজুদ পণ্য | ৫৫,০০০ |
| বিক্রয় | ৮৫,০০০ | ক্রয় | ৭৫,০০০ |
| প্রদেয় বিজ্ঞাপন | ৭,৫০০ | আন্তঃফেরত | ৮,৫০০ |
| অগ্রিম বিমা | ৬,০০০ | প্রদেয় হিসাব | ১৮,০০০ |
| বকেয়া ভাড়া | ৪,৫০০ | সমাপনী ব্যাংক জমা | ৮৫,৫০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,০০০ | | |

ক. উপর্যুক্ত তথ্য হতে সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জুঁই এন্টারপ্রাইজের সমাপনী চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উল্লিখিত খতিয়ানের উদ্বৃত্তগুলো দ্বারা জুঁই এন্টারপ্রাইজের একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৩]

### ৯নং প্রশ্নের সমাধান

**ক** সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,০০০ | |
| (+) ক্রয় | ৭৫,০০০ | |
| | ১,১০,০০০ | |
| (−) সমাপনী মজুদ পণ্য | (৫৫,০০০) | |
| **সমন্বিত ক্রয়** | | **৫৫,০০০** |

∴ সমন্বিত ক্রয়ের পরিমাণ ৫৫,০০০ টাকা।

**খ** জুঁই এন্টারপ্রাইজের সমাপনী চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| নগদান তহবিল | ২৫,০০০ | |
| সমাপনী ব্যাংক জমা | ৮৫,৫০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ৫৫,০০০ | |
| অগ্রিম বিমা | ৬,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | **১,৭১,৫০০** |
| **চলতি দায় :** | | |
| প্রদেয় হিসাব | ১৮,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪০,০০০ | |
| প্রদেয় বিজ্ঞাপন | ৭,৫০০ | |
| বকেয়া ভাড়া | ৪,৫০০ | |
| **মোট চলতি দায়** | | **৭০,০০০** |

∴ সমাপনী চলতি সম্পদের পরিমাণ ১,৭১,৫০০ টাকা এবং চলতি দায়ের পরিমাণ ৭০,০০০ টাকা।

**গ**

**জুঁই এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২১**

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খঃপৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ৮০,০০০ |
| ২ | নগদান তহবিল | | ২৫,০০০ | |
| ৩ | বিক্রয় | | | ৮৫,০০০ |
| ৪ | প্রদেয় বিজ্ঞাপন | | | ৭,৫০০ |
| ৫ | অগ্রিম বিমা | | ৬,০০০ | |
| ৬ | বকেয়া ভাড়া | | | ৪,৫০০ |
| ৭ | ক্রয় | | ৩৫,০০০ | |
| ৮ | সমাপনী মজুদ পণ্য | | ৭৫,০০০ | |
| ৯ | ব্যাংক জমাতিরিক্ত | | | ৪০,০০০ |
| ১০ | আন্তঃফেরত | | ৮,৫০০ | |
| ১১ | প্রদেয় হিসাব | | | ১৮,০০০ |
| ১২ | সমাপনী ব্যাংক জমা | | ৮৫,৫০০ | |
| | মোট = | | **২,৩৫,০০০** | **২,৩৫,০০০** |

∴ রেওয়ামিলের যোগফল ২,৩৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** মীম ট্রেডার্সের ২০২২ সালের এপ্রিল মাসের ব্যবসায়িক লেনদেনগুলো নিম্নরূপ :

| | | | |
|---|---|---|---|
| এপ্রিল | ২ | ব্যবসায় স্থানান্তর ব্যয় | ২২,০০০ টাকা |
| ” | ৫ | প্রচারণা বাবদ ব্যয় | ৭,৫০০ টাকা |
| ” | ৭ | কর্মচারীদের বেতন প্রদান | ২৭,০০০ টাকা |
| ” | ৯ | পণ্য বিক্রয় (৫০% ধারে) | ১,৮০,০০০ টাকা |
| ” | ১২ | পণ্যের গবেষণা ব্যয় | ২৩,০০০ টাকা |
| ” | ১৫ | কমিশন প্রাপ্তি | ৬,৫০০ টাকা |
| ” | ১৭ | বিদ্যুৎ বিল পরিশোধ | ৯,৫০০ টাকা |
| ” | ২১ | বিনিয়োগের সুদ প্রাপ্তি | ১৩,০০০ টাকা |
| ” | ২৫ | ঋণের সুদ প্রদান | ৮,৫০০ টাকা |
| ” | ৩০ | লভ্যাংশ প্রাপ্তি | ৩,৫০০ টাকা |

ক. উপর্যুক্ত তথ্যাদি হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. মীম ট্রেডার্সের মুনাফা জাতীয় আয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উক্ত প্রতিষ্ঠানের মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ৪

[কু. বো. ২০২৩]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| এপ্রিল–২ | ব্যবসায় স্থানান্তর ব্যয় | ২২,০০০ | |
| ” ১২ | পণ্যের গবেষণা ব্যয় | ২৩,০০০ | |
| | **মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | **৪৫,০০০** |

∴ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৪৫,০০০ টাকা।

**খ** মীম ট্রেডার্সের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয়:

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| এপ্রিল–৯ | পণ্য বিক্রয় | ১,৮০,০০০ | |
| ” ১৫ | কমিশন প্রাপ্তি | ৬,৫০০ | |
| ” ২১ | বিনিয়োগের সুদ প্রাপ্তি | ১৩,০০০ | |
| ” ৩০ | লভ্যাংশ প্রাপ্তি | ৩,৫০০ | |
| | **মোট মুনাফা জাতীয় আয়** | | **২,০৩,০০০** |

∴ মোট মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ২,০৩,০০০ টাকা।

**গ** মীম ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| এপ্রিল–৫ | প্রচারণা বাবদ ব্যয় | ৭,৫০০ | |
| ” ৭ | কর্মচারীদের বেতন প্রদান | ২৭,০০০ | |
| ” ১৭ | বিদ্যুৎ বিল পরিশোধ | ৯,৫০০ | |
| ” ২৫ | ঋণের সুদ প্রদান | ৮,৫০০ | |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | **৫২,৫০০** |

∴ মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৫২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** জনাব শাহজাদা একজন ব্যবসায়ী। ২০২২ সালের আগস্ট মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

আগস্ট ৩ প্রিয়া ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।

” ৮ শিউলি ব্রাদার্সের নিকট নগদ বিক্রয় ১,২৫,০০০ টাকা।

” ২০ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা।

” ২৫ ব্যবসায়ে ব্যবহারের জন্য ৩টি ঘড়ি ও ২টি ক্যালকুলেটর ক্রয় ৭,৫০০ টাকা।

” ৩১ ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. 'T' ছকে নগদান হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. চলমান জের ছকে উত্তোলন হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৩]

## ১১নং প্রশ্নের সমাধান

**ক** নিট ক্রয়ের পরমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| আগস্ট–৩ | প্রিয়া ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় | ৫০,০০০ | |
| ” ২০ | (–) মালিক কর্তৃক পণ্য উত্তোলন | (৩,০০০) | |
| | **নিট ক্রয়** | | **৪৭,০০০** |

∴ নিট ক্রয়ের পরিমাণ ৪৭,০০০ টাকা।

**খ**

জনাব শাহজাদা

সাধারণ খতিয়ান (T ছক)

নগদান হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| আগস্ট-৮ | বিক্রয় হিসাব | | ১,২৫,০০০ | আগস্ট-২৫ | অফিস সাপ্লাইজ হিসাব | | ৭,৫০০ |
| ” ৩১ | ব্যাংক হিসাব | | ১৫,০০০ | ” ৩১ | ব্যালেন্স সি/ডি | | ১,৩২,৫০০ |
| | | | ১,৪০,০০০ | | | | ১,৪০,০০০ |
| সেপ্টেম্বর-১ | ব্যালেন্স বি/ডি | | ১,৩২,৫০০ | | | | |

বিক্রয় হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| আগস্ট-৩১ | ব্যালেন্স সি/ডি | | ১,২৫,০০০ | আগস্ট-৮ | নগদান হিসাব | | ১,২৫,৫০০ |
| | | | ১,২৫,০০০ | | | | ১,২৫,০০০ |
| | | | | সেপ্টেম্বর-১ | ব্যালেন্স বি/ডি | | ১,২৫,০০০ |

∴ নগদান হিসাবের জের ১,৩২,৫০০ টাকা এবং বিক্রয় হিসাবের জের ১,২৫,০০০ টাকা।

**গ**

**জনাব শাহজাদা**

**সাধারণ খতিয়ান (চলমান জের ছক)**

**উত্তোলন হিসাব** — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | | |
| আগস্ট-২০ | ক্রয় হিসাব | | ৩,০০০ | | ৩,০০০ | |

পাওনাদার হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | | |
| আগস্ট–৩ | ক্রয় হিসাব | | | ৫০,০০০ | | ৫০,০০০ |

∴ উত্তোলন হিসাবের জের ৩,০০০ টাকা এবং পাওনাদার হিসাবের জের ৫০,০০০ টাকা।

# যশোর বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 6

সময় : ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. অবচয় কোন ধরনের আর্থিক অবস্থাকে প্রভাবিত করে?**
ⓚ বাহ্যিক ⓚ অভ্যন্তরীণ ⓖ ব্যবসায়িক ⓖ সেবা কর্ম

**২. প্রতিটি লেনদেন কয়টি পক্ষকে প্রভাবিত করে?**
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

**৩. হিসাব সমীকরণের বিভিন্ন উপাদান কীসের ফলে পরিবর্তন হয়?**
ক) হিসাব খ) ব্যবসায় গ) লেনদেন ঘ) অর্থের

**৪. মালিকানাস্বত্ব কমলে–**
i. মোট দায় বাড়বে ii. মোট সম্পদ কমবে iii. মোট দায় কমবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. ক্রেডিট নোট কখন ব্যবহৃত হয়?**
ক) বাকিতে বিক্রীত পণ্য ফেরত আসলে খ) বাকিতে ক্রয়কৃত পণ্য ফেরত দিলে
গ) নগদে ক্রয়কৃত পণ্য ফেরত দিলে ঘ) নগদে বিক্রয়কৃত পণ্য ফেরত আসলে

**৬. আর্থিক অবস্থার বিবরণী কখন প্রস্তুত করতে হয়?**
ক) বছরের শেষে খ) বছরের মাঝামাঝি
গ) যেকোনো সময় ঘ) নির্দিষ্ট তারিখে

**৭. দু-তরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য কোনটি?**
ক) গাণিতিক শুদ্ধতা যাচাই খ) ব্যয় নিয়ন্ত্রণ
গ) সহজ প্রয়োগ ঘ) দাতা ও গ্রহীতা

☐ **উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
শাফি এন্ড ব্রাদার্স একটি একমালিকানা ব্যবসায় প্রতিষ্ঠান। তার প্রারম্ভিক মূলধন ৯০,০০০ টাকা। বছর শেষে সম্পদ ৮০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৩০,০০০ টাকা, উত্তোলন ২৫,০০০ টাকা, অতিরিক্ত মূলধন ১৫,০০০ টাকা।

**৮. সমাপনী মূলধনের পরিমাণ কত?**
ক) ৮০,০০০ টাকা খ) ৭০,০০০ টাকা
গ) ৬০,০০০ টাকা ঘ) ৫০,০০০ টাকা

**৯. মুনাফা বা ক্ষতির পরিমাণ কত?**
ক) মুনাফা ৩০,০০০ টাকা খ) ক্ষতি ৩০,০০০ টাকা
গ) মুনাফা ৩৫,০০০ টাকা ঘ) ক্ষতি ৩৫,০০০ টাকা

**১০. মূলধন জাতীয় লেনদেনের বৈশিষ্ট্য কোনটি?**
ক) নিয়মিত খ) স্বল্প মেয়াদি
গ) দীর্ঘমেয়াদি ঘ) ছোটো অংশের

**১১. যন্ত্রপাতি ক্রয়ের ভাড়া কোন জাতীয় ব্যয়?**
ক) বিলম্বিত মুনাফা জাতীয় খ) মূলধন জাতীয়
গ) মুনাফা জাতীয় ঘ) নিয়মিত

**১২. হিসাবের নাম .......... হিসাবের কোড নং ............**

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট | ক্রেডিট | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |

**উপর্যুক্ত ছকটি কোন ধরনের ছক?**
ক) T ছক খ) সমাপনী ছক
গ) জাবেদার ছক ঘ) চলমান জের ছক

**১৩. দেনাদারের দেউলিয়ার কারণে অর্থ আদায় অসম্ভব হলে, কোন ধরনের হিসাব খোলা হয়?**
ক) কুঋণ হিসাব খ) প্রাপ্য হিসাব গ) প্রাপ্ত হিসাব ঘ) ঋণ হিসাব

**১৪. 'পেন্সিল ও পেপার ওয়েট ক্রয়'– অন্তর্ভুক্ত হবে–**
i. মনিহারি হিসাবে ii. অফিস সরঞ্জাম হিসাবে iii. অফিস সাপ্লাইজ হিসাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৫. 'প্রচারের জন্য পণ্য বিতরণ' এক্ষেত্রে ক্রেডিট হিসাবটি কী হবে?**
ক) পণ্য হিসাব খ) বিজ্ঞাপন হিসাব
গ) ক্রয় হিসাব ঘ) বিক্রয় হিসাব

**১৬. সমন্বয় জাবেদা অন্তর্ভুক্ত হবে–**
ক) বিশেষ জাবেদায় খ) প্রকৃত জাবেদায়
গ) সমাপনী জাবেদায় ঘ) অন্যান্য জাবেদায়

**১৭. কিসের উপর ভিত্তি করে ক্রয় জাবেদা প্রস্তুত করা হয়?**
ক) ভাউচার খ) চালান গ) ডেবিট নোট ঘ) ক্রেডিট নোট

**১৮. স্থায়ী সম্পত্তি ক্রয়-বিক্রয় কোন জাবেদায় লিখা হবে?**
ক) প্রকৃত জাবেদায় খ) বিক্রয় জাবেদায়
গ) ক্রয় ফেরত জাবেদায় ঘ) ক্রয় জাবেদায়

**১৯. বিক্রয় বৃদ্ধি করার জন্য কোন ধরনের বাট্টা বিবেচনা করা হয়?**
ক) নগদ বাট্টা খ) প্রদত্ত বাট্টা
গ) প্রাপ্ত বাট্টা ঘ) কারবারি বাট্টা

**২০. ক্রেডিট নোট কে প্রস্তুত করেন?**
ক) হিসাবরক্ষক খ) ক্রেতা গ) বিক্রেতা ঘ) ম্যানেজার

**২১. সহকারী খতিয়ান–**
i. ক্রয় হিসাব ii. তামিম এন্টারপ্রাইজ iii. ভাই ভাই ট্রেডার্স
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২২. ব্যাংকিং হিসাব .............. হিসাবের কোড নং ............**

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট | ক্রেডিট | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০২১ মে-১১ | নগদান হিঃ | ২০,০০০ | | | | |
| ২০২১ মে-১৫ | ক্রয় হিসাব | | ৫,০০০ | | | |

**উপর্যুক্ত তথ্য হতে ব্যাংক হিসাবের উদ্বৃত্ত কত?**
ক) ডেবিট উদ্বৃত্ত ১৫,০০০ খ) ক্রেডিট উদ্বৃত্ত ১৫,০০০
গ) ডেবিট উদ্বৃত্ত ২০,০০০ ঘ) ক্রেডিট উদ্বৃত্ত ২০,০০০

**২৩. হিসাবের স্বাভাবিক ক্রেডিট উদ্বৃত্ত হয়–**
i. ক্রয় ফেরত হিসাবে ii. প্রদেয় হিসাবে iii. অগ্রিম বেতন হিসাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৪. রেওয়ামিলে যে সমস্ত ভুল ধরা পড়ে–**
i. বাদ পড়ার ভুল ii. লেখার ভুল iii. নীতিগত ভুল
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৫. দায় নয়–**
i. প্রাপ্ত ঋণ ii. প্রদেয় ঋণ iii. কু-ঋণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৬. কোনটি রেওয়ামিলের ক্রেডিট দিকে যাবে?**
ক) প্রাপ্য কমিশন খ) অগ্রিম প্রদত্ত বেতন
গ) প্রাপ্য সুদ ঘ) অগ্রিম পরামর্শ ফি প্রাপ্তি

**২৭. হিসাবে পোস্টিং পরবর্তী ডেবিট ও ক্রেডিট দিকের পার্থক্যকে কী বলে?**
ক) ফলাফল নির্ণয় খ) সমন্বয় করা
গ) হিসাব বন্ধ করা ঘ) জের টানা

☐ **উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
সামিন ট্রেডার্স এর নিট বিক্রয় ২১,০০০ টাকা। মোট মুনাফা ১০,০০০ টাকা, পরিচালনা ক্ষতি ১২,০০০ টাকা।

**২৮. সামিন ট্রেডার্স এর বিক্রিত পণ্যের ব্যয় কত?**
ক) ৩৩,০০০ টাকা খ) ৩১,০০০ টাকা
গ) ২২,০০০ টাকা ঘ) ১১,০০০ টাকা

**২৯. সামিন ট্রেডার্স এর নিট মুনাফা/নিট ক্ষতির পরিমাণ কত?**
ক) নিট লাভ ৯,০০০ টাকা খ) নিট মুনাফা ২,০০০ টাকা
গ) নিট ক্ষতি ২,০০০ টাকা ঘ) নিট ক্ষতি ৯,০০০ টাকা

**৩০. রেওয়ামিলে আছে, বেতন (৮ মাস) = ৪৮,০০০ টাকা। এক্ষেত্রে বকেয়া বেতনের পরিমাণ কত?**
ক) ২৪,০০০ টাকা খ) ৩৪,০০০ টাকা
গ) ৩০,০০০ টাকা ঘ) ৭২,০০০ টাকা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (সৃজনশীল) বিষয় কোড 146

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। **ক বিভাগ** হতে দুটি (আবশ্যিক) এবং **খ বিভাগ হতে পাঁচটিসহ** সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১। ২০২১ সালের ৩১ ডিসেম্বর রেশমা ট্রেডার্সের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**রেশমা ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪৫,০০০ | |
| দেনাদার | ৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২,৯০,০০০ | ৪,৮০,০০০ |
| আসবাবপত্র | ৬০,০০০ | |
| আন্তঃপরিবহন | ৫,০০০ | |
| কমিশন | ৭,০০০ | ৮,০০০ |
| কুঋণ সঞ্চিতি | | ২,০০০ |
| বেতন | ৪০,০০০ | |
| ব্যাংক জমার সুদ | | ২,০০০ |
| আন্তঃফেরত ও বহিঃফেরত | ৬,০০০ | ৮,০০০ |
| পুঞ্জিভূত অবচয় আসবাবপত্র | | ৩,০০০ |
| | ৫,০৩,০০০ | ৫,০৩,০০০ |

অন্যান্য তথ্যাবলি :
(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৭৫,০০০ টাকা ও বাজার মূল্য ৮৫,০০০ টাকা।
(২) ধারে ক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) দেনাদারের ২,০০০ টাকা অবলোপন কর এবং অবশিষ্ট দেনাদারের ১০% কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি রাখতে হবে।
(৪) আসবাবপত্রের উপর ৫% অবচয় ধরতে হবে।

(ক) উপর্যুক্ত তথ্য হতে স্থায়ী সম্পদের নিট মূল্য নির্ণয় করো। ২
(খ) রেশমা ট্রেডার্সের মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় করো। ৪
(গ) মোট মুনাফা ২,১০,০০০ টাকা ধরে ২০২১ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

২। সাম্মি এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**রেশমা ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ব্যাংক জমাতিরিক্ত | | ২৫,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪৫,০০০ | ২১,০০০ |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৮০,০০০ | ১,২০,০০০ |
| ব্যবসায়িক বাট্টা | ৩,০০০ | ১,০০০ |
| হাতে নগদ | ২৫,২০০ | |
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ৯৮,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২১) | ৩০,০০০ | |
| স্থায়ী সম্পদ | ৪০,০০০ | |
| অনাদায়ী পাওনা | ২,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৪,০০০ |
| প্রাপ্ত কমিশন | | ১,২০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| বিক্রয় পরিবহণ | ৩,০০০ | |
| প্রদেয় বিল | | ৮,০০০ |
| | ২,৭৮,২০০ | ২,৭৮,২০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩০,০০০ টাকা।
(২) বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের উপর ৫% সঞ্চিতি ধরতে হবে।

(ক) সাম্মি এন্টারপ্রাইজ এর নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) মোট লাভ ৪৮,০০০ টাকা ধরে সাম্মি এন্টারপ্রাইজ-এর বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪
(গ) সাম্মি এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## খ বিভাগ

৩। মেঘনা গ্রুপ ২০২২ সালের মে মাসে যমুনা গ্রুপের কাছে নিম্নোক্ত পণ্য বিক্রয় করে :
মে ০২ ৮০ টাকা দরে ১১০ কেজি চিনি।
" ১০ ১৫০ টাকা দরে ৩৫০ কেজি মসুর ডাল।
" ২০ প্রতিটি ২০ টাকা দরে ৫ কেজি সাবান।
মেঘনা গ্রুপের মোট বিক্রয়ের ওপর ১০% কারবারি বাট্টা মঞ্জুর করে।

(ক) মেঘনা গ্রুপের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) মে ২ তারিখের লেনদেন নগদে হয়েছে মনে করে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪
(গ) মে ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান তৈরি করো। ৪

৪। আজিম স্টোরের মালিক ব্যবসায়ের হিসাবনিকাশ মোতাবেক দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন ২০২১ সালের ১ জানুয়ারি তার ব্যবসায়ে নগদ ২০,০০০ টাকা, দেনাদার ৮০,০০০ টাকা, সরঞ্জাম ৯০,০০০ টাকা ও পাওনাদার ৩০,০০০ টাকা ছিল। ২০২১ সালের ৩১ ডিসেম্বরে সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ। নগদ ২০,০০০ টাকা ব্যাংকে জমা ১,২০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, সরঞ্জাম ৪০,০০০ টাকা, মজুদ পন্য ৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৭০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ৩০,০০০ টাকা এবং বকেয়া বেতন ৫,০০০ টাকা, সারা বছর মালিক ২০,০০০ টাকা উত্তোলন করে এবং ব্যবসায়ের অতিরিক্ত মূলক ব্যয় ৩০,০০০ টাকা আনেন। ব্যবসায় থেকে তার আয়কর বাবদ ৬,০০০ টাকা দেওয়া হয়।

(ক) উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তেলনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) আজিম স্টোরের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধন যথাক্রমে ২,২৫,০০০ টাকা ও ৩,২৫,০০০ টাকা বিবেচনা করে লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

৫। জনাব রহিম একজন ব্যবসায়ী। ২০২১ সালের মার্চ মাসে তার ব্যবসায়ের ঘটনাগুলো নিম্নরূপ :
মার্চ ০১ জনাব রহিম ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ০৪ রূপালী ট্রেডার্সের নিকট ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দিলেন।
" ০৬ সেজানের নিকট থেকে পণ্য ফেরত আসল ৪,০০০ টাকা।
" ১০ নমুনা মাফিক না হওয়ায় প্রতিটি ৫০০ টাকা দরে ৩০০ খানা শাড়ি টাঙ্গাইলের আলম ট্রেডার্সকে ফেরত দেওয়া হলো।
" ১৫ ব্যাংক ঋণ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
" ২০ দোকানের একজন কর্মচারী দুর্ঘটনায় মারা গলে।
" ২৮ তার গুদামে ৩,০০০ টাকার পণ্য নষ্ট হয়ে গেল।

(ক) উপরিউক্ত যে ঘটনাগুলো লেনদেন নয় তাদের মোট পরিমাণ নির্ণয় করো। ২
(খ) মার্চ ১০ তারিখের লেনদেন অনুসারে একটি ডেবিট নোট তৈরি করো। ৪
(গ) মার্চ ১০ তারিখ বাদে উপর্যুক্ত ঘটনাগুলোর মধ্যে কোনগুলো লেনদেন তা সমীকরণ পদ্ধতিতে কারণসহ উল্লেখ করো। ৪

৬। রিপন এন্টার প্রইজের ২০২২ সালের মে মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মে | ১ | নগদ ৮০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা পণ্য দ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করা হলো। |
| ” | ৫ | ব্যাংকে জমা দেওয়া হলো ৩০,০০০ টাকা। |
| ” | ১০ | পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ১৫ | ধারে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ২০ | বাট্টা প্রদান ১,০০০ টাকা। |
| ” | ৩০ | আসবাবপত্রের অবচয় ধরা হলো ৫,০০০ টাকা। |

(ক) উপর্যুক্ত ২০ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ২
(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে 'T' ছকে মূলধন হিসাব ও নগদান হিসাব প্রস্তুত করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে চলমান জের ছকে প্রাপ্য হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

৭। অপূর্ব এন্ড সন্সের ৩০৩৩ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ৩ | মিজান ব্রাদার্সের নিকট ৫% বাট্টায় ২৫,০০০ টাকার পণ্য বিক্রয়, চালান নং- ১৫৭। চালের পরিবহণ খরচ ধরা হয়েছে ২,০০০ টাকা। |
| ” | ১০ | ৬% বাট্টায় শিপন এন্ড ব্রাদার্সের নিকট ৪০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং- ১৬০। প্যাকিং চার্জ ৭০০ টাকা। |
| ” | ২০ | রহিম আফরোজের নিকট থেকে নগদে কম্পিউটার ক্রয় ৫০,০০০ টাকা। |

(ক) অপূর্ব এন্ড সন্সের মার্চ মাসের বিক্রয় খাতে বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) মার্চ ২০ তারিখের লেনদেন অবলম্বনে একটি ভাউচার তৈরি কর। ৪

৮। রেহানা করিমের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,৮০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৩৩,০০০ |
| মূলধন | ২,০৫,০০০ | পাওনাদার | ৪২,৫০০ |
| বিক্রয় | ৩,০৭,৮০০ | আমদানি শুল্ক | ৭,২০০ |
| বরাদ্দকৃত বাট্টা | ৮,৫০০ | ক্রয় | ২,০৯,৫৭০ |
| সুনাম | ২,৩৭,০০০ | প্রদত্ত সুদ | ৩,৫০০ |
| বিমা সেলামি | ২,২৮০ | পাওনাদার বাট্টা সঞ্চিতি | ১,৫২০ |
| ভাড়া ও কর | ২১,৩৯০ | দেনাদার | ৬২,০১০ |
| প্রাপ্ত কমিশন | ২,৬১০ | সাধারণ সঞ্চিতি | ১,০০০ |
| নগদ তহবিল | ১,১৪০ | অগ্রিম বেতন | ২,০০০ |

(ক) রেহানা করিমের নিয়মিত আয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) রেহানা করিমের খতিয়ান উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪
(গ) উদ্দীপকের আলোকে রেহানা করিমের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৯। বিসমিল্লাহ ফল ভান্ডারের ২০২১ সালের জুলাই মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | সৈকত ট্রেডার্সের নিকট থেকে কমলা ক্রয় ২৫,০০০ টাকা। চালান নং- ২০৪। |
| ” | ৭ | রত্না এন্টারপ্রাইজের নিকট থেকে ৫% বাট্টায় ক্রীত প্রতি কেজি ১২০ টাকা দরে ৫০ কেজি খেজুর মানসম্মত না হওয়ায় ফেরত প্রদান। ডেবিট নোট- ১২০। |
| ” | ২১ | মুক্তা ট্রেডার্সের নিকট থেকে ক্রীত ফরমায়েশ অনুযায়ী না হওয়ায় প্রতি কেজি ১৮০ টাকা দরে ২০ কেজি আঙুর ফেরত প্রদান। কারবারি বাট্টা ৫% ডেবিট, নোট- ২২২। |

(ক) জুলাই ০১ তারিখের লেনদেন অবলম্বনে একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো। ২
(খ) উপরিউক্ত তথ্য হতে একটি ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪
(গ) ৭ ও ২১ তারিখের ভিত্তিতে সাধারণ খতিয়ান প্রস্তুত করো। ৪

১০। জনাব রাজন ময়মনসিংহে ব্যবসায় স্থাপন করেন। তার ব্যবসায়ের ঘটনাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| জমি ক্রয় | ২০,০০,০০০ |
| ব্যবসায়ের মূলধন আনয়ন | ৫,৫০,০০০ |
| ধারে পণ্য বিক্রয় | ৪০,০০০ |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ১,০০,০০০ |
| কমিশন প্রাপ্তি | ২,৫০০ |
| পুরাতন কম্পিউটার বিক্রয় | ১২,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ২৫,০০০ |
| জমি ক্রয়ের রেজিস্ট্রেশন ব্যয় | ২,০০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৩০,০০০ |
| পুরাতন ফ্রিজ বিক্রয় | ১৫,০০০ |

(ক) জনাব রাজনের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জনাব রাজনের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) জনাব রাজনের মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

১১। জনাব আশরাফ চৌধুরী ২০২২ সালের ১ জানুয়ারি নগদ ৫,০০,০০০ টাকা, ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেন সংঘটিত হয়।

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ২ | অফিস ভাড়া পরিশোধ ১২,০০০ টাকা। |
| ” | ৫ | নগদে পণ্য ক্রয় ৫,০০০ টাকা। |
| ” | ১০ | কমিশন প্রাপ্তি ২,৫০০ টাকা। |
| ” | ১৫ | আসবাবপত্রের অবচয় ধরা হলো ১,৫০০ টাকা। |
| ” | ২০ | আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ৩০ | ধারে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা। |

(ক) জনাব আশরাফ চৌধুরীর প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২
(খ) বছর শেষে জনাব আশরাফের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) ১, ২, ১৫, ৩০ তারিখের লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** ২০২১ সালের ৩১ ডিসেম্বর রেশমা ট্রেডার্সের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**রেশমা ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪৫,০০০ | |
| দেনাদার | ৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২,৯০,০০০ | ৪,৮০,০০০ |
| আসবাবপত্র | ৬০,০০০ | |
| আন্তঃপরিবহণ | ৫,০০০ | |
| কমিশন | ৭,০০০ | ৮,০০০ |
| কুঋণ সঞ্চিতি | | ২,০০০ |
| বেতন | ৪০,০০০ | |
| ব্যাংক জমার সুদ | | ২,০০০ |
| আন্তঃফেরত ও বহিঃফেরত | ৬,০০০ | ৮,০০০ |
| পুঞ্জিভূত অবচয় আসবাবপত্র | | ৩,০০০ |
| | ৫,০৩,০০০ | ৫,০৩,০০০ |

অন্যান্য তথ্যাবলি :

(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৭৫,০০০ টাকা ও বাজারমূল্য ৮৫,০০০ টাকা।
(২) ধারে ক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) দেনাদারের ২,০০০ টাকা অবলোপন কর এবং অবশিষ্ট দেনাদারের ১০% কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি রাখতে হবে।
(৪) আসবাবপত্রের উপর ৫% অবচয় ধরতে হবে।

ক. উপর্যুক্ত তথ্য হতে স্থায়ী সম্পদের নিট মূল্য নির্ণয় করো। ২
খ. রেশমা ট্রেডার্সের মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় করো। ৪
গ. মোট মুনাফা ২,১০,০০০ টাকা ধরে ২০২১ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

[য. বো. ২০২৩]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** স্থায়ী সম্পদের নিট মূল্য নির্ণয় করো :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৬০,০০০ | |
| বাদ : পুঞ্জিভূত অবচয় {৩,০০০ + (৬০,০০০ × ৫%)} | (৬,০০০) | |
| **স্থায়ী সম্পদের নিট মূল্য** | | **৫৪,০০০** |

∴ স্থায়ী সম্পদের নিট মূল্য ৫৪,০০০ টাকা।

**খ**

রেশমা ট্রেডার্স
বিশদ আয় বিবরণী
২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৪,৮০,০০০ | |
| বাদ : আন্তঃফেরত | | (৬,০০০) | |
| নিট বিক্রয় | | | ৪,৭৪,০০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয় :** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৪৫,০০০ | |
| ক্রয় | ২,৯০,০০০ | | |
| বাদ : বহিঃফেরত | (৮,০০০) | | |
| | ২,৮২,০০০ | | |
| যোগ : অলিখিত ক্রয় | ১০,০০০ | | |
| | ২,৯২,০০০ | | |
| আন্তঃপরিবহণ | ৫,০০০ | | |
| নিট ক্রয় | ২,৯৭,০০০ | | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | (৭৫,০০০) | | |
| | | ২,২২,০০০ | (২,৬৭,০০০) |
| **মোট মুনাফা** | | | **২,০৭,০০০** |

∴ মোট মুনাফা ২,০৭,০০০ টাকা।

**গ**

রেশমা ট্রেডার্স
বিশদ আয় বিবরণী
২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ২,১০,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| কমিশন প্রদান | | ৭,০০০ | |
| বেতন | | ৪০,০০০ | |
| সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | ৪,৮০০ | | |
| বাদ : প্রারম্ভিক কুঋণ সঞ্চিতি | – | | |
| | | ৪,৮০০ | |
| আসবাবপত্রের অবচয় | | ৩,০০০ | |
| পরিচালন মুনাফা | | | (৫৪,৮০০) |
| **যোগ : অন্যান্য আয় :** | | | ১,৫৫,২০০ |
| প্রাপ্ত কমিশন | | ৮,০০০ | |
| ব্যাংক জমার সুদ | | ২,০০০ | |
| | | | ১০,০০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | ১,৬৭,২০০ |
| **নিট মুনাফা** | | | **১,৬৫,২০০** |

∴ নিট মুনাফা ১,৬৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** সাম্মি এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**রেশমা ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ব্যাংক জমাতিরিক্ত | | ২৫,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪৫,০০০ | ২১,০০০ |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৮০,০০০ | ১,২০,০০০ |
| ব্যবসায়িক বাট্টা | ৩,০০০ | ১,০০০ |
| হাতে নগদ | ২৫,২০০ | |
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ৯৮,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২১) | ৩০,০০০ | |
| স্থায়ী সম্পদ | ৪০,০০০ | |
| অনাদায়ী পাওনা | ২,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৪,০০০ |
| প্রাপ্ত কমিশন | | ১,২০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| বিক্রয় পরিবহণ | ৩,০০০ | |
| প্রদেয় বিল | | ৮,০০০ |
| | ২,৭৮,২০০ | ২,৭৮,২০০ |

**সমন্বয়সমূহ :**

(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩০,০০০ টাকা।
(২) বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের উপর ৫% সঞ্চিতি ধরতে হবে।

ক. সাম্মি এন্টারপ্রাইজ এর নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট লাভ ৪৮,০০০ টাকা ধরে সাম্মি এন্টারপ্রাইজ এর বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. সাম্মি এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

[য. বো. ২০২৩]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** সাম্মি এন্টারপ্রাইজের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | ১,২০,০০০ | |
| (+) অলিখিত বিক্রয় | ১০,০০০ | |
| | ১,৩০,০০০ | |
| (−) ব্যবসায়িক বাট্টা | (৩,০০০) | |
| **নিট বিক্রয়** | | **১,২৭,০০০** |

∴ সাম্মি এন্টারপ্রাইজের নিট বিক্রয়ের পরিমাণ ১,২৭,০০০ টাকা।

**খ**

সাম্মি এন্টারপ্রাইজ
বিশদ আয় বিবরণী
২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (প্রশ্নে প্রদত্ত) | | | ৪৮,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বিক্রয় পরিবহণ | | ৩,০০০ | |
| অনাদায়ি পাওনা | ২,০০০ | | |
| (+) নতুন অনাদায়ী পাওনা | ৩,০০০ | | |
| | ৫,০০০ | | |

| | | | |
|---|---|---|---|
| (+) নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ২,৬০০ | | |
| | ৭,৬০০ | | |
| (−) পুরাতন অনাদায়ী পাওনা সঞ্চিতি | (৪,০০০) | | |
| | | ৩,৬০০ | |
| | | | (৬,৬০০) |
| পরিচালন মুনাফা | | | ৪১,৪০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | ১,২০০ | |
| প্রাপ্ত কমিশন | | ১,৫০০ | |
| বিনিয়োগের সুদ | | | ২,৭০০ |
| **বাদ : অন্যান্য ব্যয়** | | − | − |
| **নিট মুনাফা** | | | **৪৪,১০০** |

∴ নিট মুনাফা ৪৪,১০০ টাকা।

**গ**

সাম্মি এন্টারপ্রাইজ
আর্থিক অবস্থার বিবরণী
২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| স্থায়ী সম্পদ | | | ৪০,০০০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ :** | | | |
| বিনিয়োগ | | | ৩০,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| হাতে নগদ | | ২৫,২০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৩০,০০০ | |
| দেনাদার | ৪৫,০০০ | | |
| (+) অলিখিত বিক্রয় | ১০,০০০ | | |
| | ৫৫,০০০ | | |
| (−) নতুন অনাদায়ি পাওনা | (৩,০০০) | | |
| (−) সমাপনী কুঋণ সঞ্চিতি | ৫২,০০০ | | |
| | (২,৬০০) | | |
| বিনিয়োগের অনাদায়ি সুদ | | ৪৯,৪০০ | |
| | | ১,৫০০ | |
| মোট চলতি সম্পদ | | | ১,০৬,১০০ |
| মোট সম্পদ | | | ১,৭৬,১০০ |
| **মালিকানাস্বত্ব ও দায়সমূহ :** | | | |
| মূলধন | | ৯৮,০০০ | |
| | | ৪৪,১০০ | |
| (+) নিট মুনাফা | | ১,৪২,১০০ | |
| (−) উত্তোলন | | (২০,০০০) | |
| | | | ১,২২,১০০ |
| **স্বল্পমেয়াদি দায় :** | | | |
| প্রদেয় বিল | | ৮,০০০ | |
| পাওনাদার | | ২১,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ২৫,০০০ | |
| | | | ৫৪,০০০ |
| **মোট মালিকানা দায় ও স্বত্ব** | | | **১,৭৬,১০০** |

∴ আর্থিক অবস্থার যোগফল ১,৭৬,১০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৩** মেঘনা গ্রুপ ২০২২ সালের মে মাসে যমুনা গ্রুপের কাছে নিম্নোক্ত পণ্য বিক্রয় করে।

মে ০২ ৮০ টাকা দরে ১১০ কেজি চিনি।

" ১০ ১৫০ টাকা দরে ৩৫০ কেজি মসুর ডাল।

" ২০ প্রতিটি ২০ টাকা দরে ৫ কেজি সাবান।

মেঘনা গ্রুপেডর মোট বিক্রয়ের ওপর ১০% কারবারি মঞ্জুর করে।

ক. মেঘনা গ্রুপের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মে ২ তারিখের লেনদেন নগদে হয়েছে মনে করে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪

গ. মে ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান তৈরি করো। ৪

[য. বো. ২০২৩]

<u>৩নং প্রশ্নের সমাধান</u>

**ক** মেঘনা গ্রুপের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| মে-০২ | চিনি (৮০ × ১১০) | ৮,৮০০ | |
| " ১০ | মসুর ডাল (১৫০ × ৩৫০) | ৫২,৫০০ | |
| " ২০ | সাবান (২০ × ৬০) [১ ডজন = ১২টি] | ১,২০০ | |
| | | ৬২,৫০০ | |
| | বাদ : কারবারি বাট্টা (১০%) | (৬,২৫০) | |
| | **নিট বিক্রয়** | | **৫৬,২৫০** |

∴ মেঘনা গ্রুপের নিট বিক্রয়ের পরিমাণ ৫,৬২,৫০০ টাকা।

**খ** মে ২ তারিখের অবিলম্বে একটি ক্যাশমেমো প্রস্তুত :

ভাউচার নম্বর : **মেঘনা গ্রুপ** তারিখ : ২০ মার্চ, ২০২২

**ক্যাশমেমো**

ক্রেতার নাম : যমুনা গ্রুপ

ঠিকানা :

| ক্রমিক নং | বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ টাকা |
|---|---|---|---|---|
| ১ | চিনি | ৮০ | ১১০ কেজি | ৮,৮০০ |
| | বাদ : কারবারি বাট্টা (১০%) | | | (৮৮০) |
| | মোট | | | ৭,৯২০ |

**টাকা (কথায়) :** সাত হাজার নয়শত বিশ টাকা মাত্র।

.............................................. ..............................................

**ক্রেতার স্বাক্ষর** **বিক্রেতার স্বাক্ষর**

**বি.দ্র. :** বিক্রিত মাল ফেরত নেওয়া হয় না।

**গ** মে-১০ তারিখের লেনদেনের অবিলম্বে একটি চালান প্রস্তুত করা হলো :

চালান নং : **মেঘনা গ্রুপ** তারিখ : ১০ মে, ২০২২

**চালান**

ক্রেতার নাম :
ঠিকানা :

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ টাকা |
|---|---|---|---|---|
| ১ | মসুর ডাল | ১৫০ | ৩৫০ কেজি | ৫২,৫০০ |
| | বাদ : কারবারি বাট্টা (১০%) | | | (৫,২৫০) |
| | মোট | | | ৪৭,২৫০ |

**টাকা (কথায়) :** সাতচল্লিশ হাজার দুইশত পঞ্চাশ টাকা মাত্র।
বিক্রয় শর্ত : ..............................................................................

**বি.দ্র. :** বিক্রিত মাল ফেরত নেওয়া হয় না। **বিক্রেতার স্বাক্ষর**

**প্রশ্ন ▸ ০৪** আজিম স্টোরের মালিক ব্যবসায়ের হিসাবনিকাশ মোতাবেক দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০২১ সালের ১ জানুয়ারি তার ব্যবসায়ে নগদ ২০,০০০ টাকা, দেনাদার ৮০,০০০ টাকা, সরঞ্জাম ৯০,০০০ টাকা ও পাওনাদার ৩০,০০০ টাকা ছিল। ২০২১ সালের ৩১ ডিসেম্বরে সম্পদ ও দায়সমূহ ছিল নিম্নরূপ : নগদ ২০,০০০ টাকা, ব্যাংকে জমা ১,২০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, সরঞ্জাম ৪০,০০০ টাকা, মজুদ পণ্য ৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৭০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ৩০,০০০ টাকা এবং বকেয়া বেতন ৫,০০০ টাকা, সারা বছর মালিক ২০,০০০ টাকা উত্তোলন করে এবং ব্যবসায়ের অতিরিক্ত মূলধন ব্যয় ৩০,০০০ টাকা আনেন। ব্যবসায় থেকে তার আয়কর বাবদ ৬,০০০ টাকা দেওয়া হয়।

ক. উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. আজিম স্টোরের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধন যথাক্রমে ২,২৫,০০০ টাকা ও ৩,২৫,০০০ টাকা বিবেচনা করে লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

[য. বো. ২০২৩]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা |
|---|---|
| নগদ উত্তোলন | ২০,০০০ |
| আয়কর প্রদান | ৬,০০০ |
| **মোট উত্তোলন** | **২৬,০০০** |

∴ মোট উত্তোলনের পরিমাণ ২৬,০০০ টাকা।

**খ** আজিম স্টোরের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদ :** | | |
| নগদ | ২০,০০০ | |
| ব্যাংকে জমা | ১,২০,০০০ | |
| সরঞ্জাম | ৮০,০০০ | |
| মজুদ পণ্য | ৫০,০০০ | |
| প্রাপ্তি হিসাব | ৭০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ৩০,০০০ | |
| মোট সম্পদ | | ৩,৭০,০০০ |
| **বাদ : সমাপনী দায় :** | | |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ | |
| বকেয়া বেতন | ৫,০০০ | |
| | | (৪৫,০০০) |
| **সমাপনী মূলধন** | | **৩,২৫,০০০** |

∴ সমাপনী মূলধনের পরিমাণ ৩,২৫,০০০ টাকা।

**গ** আমরা জানি,

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= (৩,২৫,০০০ + ২৬,০০০) − (২,২৫,০০০+ ৩০,০০০)
= (৩,৫১,০০০ − ২,৫৫,০০০)
= ৯৬,০০০

∴ লাভ = ৯৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** জনাব রহিম একজন ব্যবসায়ী। ২০২১ সালের মার্চ মাসে তার ব্যবসায়ের ঘটনাগুলো নিম্নরূপ :

মার্চ ০১ জনাব রহিম ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ০৪ রূপালি ট্রেডার্সের নিকট ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দিলেন।
" ০৬ সেজানের নিকট থেকে পণ্য ফেরত আসল ৪,০০০ টাকা।
" ১০ নমুনামাফিক না হওয়ায় প্রতিটি ৫০০ টাকা দরে ৩০০ খানা শাড়ি টাঙ্গাইলের আলম ট্রেডার্সকে ফেরত দেওয়া হলো।
" ১৫ ব্যাংক ঋণ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
" ২০ দোকানের একজন কর্মচারী দুর্ঘটনায় মারা গেল।
" ২৮ তার গুদামে ৩,০০০ টাকার পণ্য নষ্ট হয়ে গেল।

ক. উপরিউক্ত যে ঘটনাগুলো লেনদেন নয় তাদের মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. মার্চ ১০ তারিখের লেনদেন অনুসারে একটি ডেবিট নোট তৈরি করো। ৪
গ. মার্চ ১০ তারিখ বাদে উপর্যুক্ত ঘটনাগুলোর মধ্যে যেগুলো লেনদেন সেগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ উল্লেখ করো। ৪

[য. বো. ২০২৩]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** যে ঘটনাগুলো লেনদেন নয় তাদের মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| মার্চ-০৪ | রূপালি ট্রেডার্সের নিকট পণ্য ক্রয়ের ফরমায়েশ | ৫,০০০ | |
| " ২০ | দোকানে একজন কর্মচারী দুর্ঘটনায় মারা গেল | − | |
| | **মোট** | | **৫,০০০** |

∴ লেনদেন নয় তাদের মোট পরিমাণ ৫,০০০ টাকা।

**খ** মার্চ-১০ তারিখের লেনদেনের অবিলম্বে একটি ডেবিট নোট প্রস্তুত করা হলো :

ডেবিট নোট নং : **জনাব রহিম** তারিখ : ১০ মার্চ, ২০২১

**ডেবিট নোট**

প্রাপকের নাম : আলম ট্রেডার্স
ঠিকানা : টাঙ্গাইল
সূত্র : ক্রয়

| ক্রমিক নং | মালের বিবরণ ও ফেরতের কারণ | পরিমাণ টাকা |
|---|---|---|
| ১ | নমুনামাফিক না হওয়ায় প্রতিটি ৫০০ টাকা দরে ৩০০ খানা শাড়ি ফেরত দেওয়া হলো এবং পণ্যের মূল্য দ্বারা আপনার হিসাবকে ডেবিট করা হলো (৫০০ × ৩০০) | ১,৫০,০০০ |
| | | ১,৫০,০০০ |

**টাকা (কথায়) :** একলক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র। ............ **ক্রয় ব্যবস্থাপক**

**গ** ২০২১ সালের মার্চ মাসের লেনদেনগুলো সমীকরণে দেখানো হলো :

| তারিখ | লেনদেন | সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০২১ মার্চ–১ | লেনদেন | মালিক অর্থ নিয়ে ব্যবসায় শুরু করায় নগদ সম্পদ (A) ও মালিকানাস্বত্ব (OE) বৃদ্ধি পেয়েছে। এখানে A = L + OE হিসাব সমীকরণের A ও OE উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| ” ৬ | লেনদেন | পণ্য ফেরত আসায় দেনাদার (A) এবং মালিকানাস্বত্ব (OE) হ্রাস পেল। এখানে A = L + OE হিসাব সমীকরণে A ও OE উভয় হ্রাস পেয়েছে। |
| ” ১৫ | লেনদেন | মালিকের ব্যাংক ঋণ পরিশোধ করায় মালিকানাস্বত্ব (OE) এর হ্রাস ও (L) দায় হ্রাস ফলে হিসাব সমীকরণ A = L + OE এর (OE) ও (L) উপাদানের হ্রাস ঘটে। |
| ” ২৮ | লেনদেন | আগুনে পণ্য বিনিষ্ট হওয়ায় সম্পদ (A) ও মালিকানাস্বত্ব (OE) হ্রাস পেয়েছে। এখানে হিসাব সমীকরণ A = L + OE এর A ও OE উপাদানের হ্রাস-বৃদ্ধি ঘটে। |

**প্রশ্ন ▶ ০৬** রিপন এন্টারপ্রইজের ২০২২ সালের মে মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মে ১ নগদ ৮০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
” ৫ ব্যাংকে জমা দেওয়া হলো ৩০,০০০ টাকা।
” ১০ পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
” ১৫ ধারে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
” ২০ বাট্টা প্রদান ১,০০০ টাকা।
” ৩০ আসবাবপত্রের অবচয় ধরা হলো ৫,০০০ টাকা।

ক. উপর্যুক্ত ২০ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে 'T' ছকে মূলধন হিসাব ও নগদান হিসাব প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে চলমান জের ছকে প্রাপ্য হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

[য. বো. ২০২৩]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** রিপণ এন্টারপ্রাইজের ২০ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা :

রিপন এন্টারপ্রাইজ

জাবেদা (সাধারণ জাবেদা)

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খঃপৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ মে–২০ | প্রদত্ত বাট্টা হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | দেনাদার হিসাব | ক্রেডিট | | | ১,০০০ |
| | | **মোট** | | **১,০০০** | **১,০০০** |

∴ সাধারণ জাবেদার যোগফল ১,০০০ টাকা।

**খ** রিপন এন্টারপ্রাইজ

সাধারণ খতিয়ান (T ছক)

ডেবিট মূলধন হিসাব ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ মে-৩১ | ব্যালেন্স C/D | | ১,৩০,০০০ | ২০২২ মে-০১ | নগদান হিসাব | | ৮০,০০০ |
| | | | | | ক্রয় হিসাব | | ৫০,০০০ |
| | | | ১,৩০,০০০ | | | | ১,৩০,০০০ |
| | | | | জুন-০১ | ব্যালেন্স B/D | | ১,৩০,০০০ |

ডেবিট — নগদান হিসাব — ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| মে-৩১ | মূলধন হিসাব | | ৮০,০০০ | মে-০১ | ব্যাংক হিসাব | | ৩০,০০০ |
| | | | | " ১০ | ক্রয় হিসাব | | ২০,০০০ |
| | | | ৫০,০০০ | " ৩১ | ব্যালেন্স C/D | | ৩০,০০০ |
| জুন-০১ | ব্যালেন্স B/D | | ৩০,০০০ | | | | ৫০,০০০ |

∴ মূলধন হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ১,৩০,০০০ টাকা এবং নগদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।

**গ** রিপন এন্টারপ্রাইজ

খতিয়ান (চলমান জের ছক)

প্রাপ্য হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| মে–১৫ | বিক্রয় হিসাব | | ২৫,০০০ | | ২৫,০০০ | |
| " ২০ | বাট্টা প্রদান | | | ১,০০০ | ২৪,০০০ | |

ক্রয় হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| মে–১৫ | মূলধন হিসাব | | ৫০,০০০ | | ৫০,০০০ | |
| " ১০ | নগদান হিসাব | | ২০,০০০ | | ৭০,০০০ | |

∴ প্রাপ্য হিসাবের ডেবিট উদ্বৃত্ত ২৪,০০০ টাকা এবং ক্রয় হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৭০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৭** অপূর্ব এন্ড সন্সের ২০২২ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মার্চ ৩ মিজান ব্রাদার্সের নিকট ৫% বাট্টায় ২৫,০০০ টাকার পণ্য বিক্রয়, চালান নং- ১৫৭। চালের পরিবহণ খরচ ধরা হয়েছে ২,০০০ টাকা।

" ১০ ৬% বাট্টায় শিপন এন্ড ব্রাদার্সের নিকট ৪০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং- ১৬০। প্যাকিং চার্জ- ৭০০ টাকা।

" ২০ রহিম আফরোজের নিকট থেকে নগদে কম্পিউটার ক্রয় ৫০,০০০ টাকা।

ক. অপূর্ব এন্ড সন্সের মার্চ মাসের বিক্রয় খাতে বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. মার্চ ২০ তারিখের লেনদেন অবলম্বনে একটি ভাউচার তৈরি কর। ৪

[য. বো. ২০২৩]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** অপূর্ব এন্ড সন্সের মার্চ মাসে বিক্রয় খাতের বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ইং | | | |
| মার্চ-৩ | বিক্রয় বাট্টা (২৫,০০০ × ৫%) | ১,২৫০ | |
| " ১০ | বিক্রয় বাট্টা (৪০,০০০ × ৬%) | ২,৪০০ | |
| | **মোট বিক্রয় বাট্টা** | | **৩,৬৫০** |

∴ বিক্রয় খাতের বাট্টার পরিমাণ ৩,৬৫০ টাকা।

**খ** অপূর্ব এন্ড সন্সের
বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চলমান নাম্বার | সূত্র | প্রাপ্য হিসাব ডেবিড বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২২ইং | | | | |
| মার্চ-৩ | মিজান ব্রাদার্স (গণনাকার্য–০১) | ১৫৭ | ✓ | ২৫,৭৫০ |
| | শিপন এন্ড ব্রাদার্স (গণনাকার্য–০২) | ১৬০ | ✓ | ৩৮,৩০০ |
| | মোট | | | ৬৪,০৫০ |

গণনাকার্য–০১ : মিজান ব্রাদার্স {২৫,০০০ – (২৫,০০০ × ৫%) + ২,০০০} = ২৫,৭৫০

গণনাকার্য–০২ : শিপন এন্ড ব্রাদার্স {৪০,০০০ – (৪০,০০০ × ৬%) + ৭০০} = ৩৮,৩০০

**গ** ২০ মার্চ তারিখের লেনদেনের ভিত্তিতে ডেবিট ভাউচার প্রস্তুত :

অপূর্ব এন্ড সন্স

ডেবিট ভাউচার নং : ঠিকানা : ........................ তারিখ : ২০ মার্চ, ২০২৩

হিসাব খাতের নাম : অফিস সরঞ্জাম গ্রহণকারীর নাম : রহিম আফরোজ

ঠিকানা :

| ক্রমিক নং | খরচের বিবরণ | টাকা |
|---|---|---|
| ১ | কম্পিউটার ক্রয় | ৫০,০০০ |
| | মোট | ৫০,০০০ |

**টাকা (কথায়) :** পঞ্চাশ হাজার টাকা মাত্র।

............................................ ............................................ ............................................ ............................................

ক্যাশিয়ারের স্বাক্ষর হিসাবরক্ষকের স্বাক্ষর ব্যবস্থাপকের স্বাক্ষর গ্রহীতার স্বাক্ষর

**প্রশ্ন ▶ ০৮** রেহানা করিমের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,৮০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৩৩,০০০ |
| মূলধন | ২,০৫,০০০ | পাওনাদার | ৪২,৫০০ |
| বিক্রয় | ৩,০৭,৮০০ | আমদানি শুল্ক | ৭,২০০ |
| বরাদ্ধকৃত বাট্টা | ৮,৫০০ | ক্রয় | ২,০৯,৫৭০ |
| সুনাম | ২,৩৭,০০০ | প্রদত্ত সুদ | ৩,৫০০ |
| বিমা সেলামি | ২,২৮০ | পাওনাদার বাট্টা সঞ্চিতি | ১,৫২০ |
| ভাড়া ও কর | ২১,৩৯০ | দেনাদার | ৬২,০১০ |
| প্রাপ্ত কমিশন | ২,৬১০ | সাধারণ সঞ্চিতি | ১,০০০ |
| নগদ তহবিল | ১,১৪০ | অগ্রিম বেতন | ২,০০০ |

ক. রেহানা করিমের নিয়মিত আয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. রেহানা করিমের খতিয়ান উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. উদ্দীপকের আলোকে রেহানা করিমের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

[য. বো. ২০২৩]

## ৮নং প্রশ্নের সমাধান

**ক** রেহেনা করিমের নিয়মিত আয়ের পরিমাণ নির্ণয় :

| ক্রমিক নং | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ১ | বিক্রয় | ৩,০৭,৮০০ | |
| | প্রাপ্ত কমিশন | ২,৬১০ | |
| | মোট আয় | | ৩,১০,৪০০ |

∴ নিয়মিত আয়ের পরিমাণ ৩,১০,৪০০ টাকা।

**খ**

রেহানা করিমের
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩৫,৮০০ | |
| ২ | মূলধন | | – | ২,০৫,০০০ |
| ৩ | বিক্রয় | | | ৩,০৭,৮০০ |
| ৪ | বরাদ্দকৃত বাট্টা | | ৮,৫০০ | |
| ৫ | সুনাম | | ২,৩৭,০০০ | |
| ৬ | বিমা সেলামি | | ২,২৮০ | |
| ৭ | ভাড়া ও কর | | ২১,৩৯০ | |
| ৮ | প্রাপ্ত কমিশন | | – | ২,৬১০ |
| ৯ | নগদ তহবিল | | ১,১৪০ | |
| ১০ | ব্যাংক জমাতিরিক্ত | | – | ৩৩,০০০ |
| ১১ | পাওনাদার | | | ৪২,৫০০ |
| ১২ | আমদানি শুল্ক | | ৭,২০০ | |
| ১৩ | ক্রয় | | ২,০৯,৫৭০ | |
| ১৪ | প্রদত্ত সুদ | | ৩,৫০০ | |
| ১৫ | পাওনাদার বাট্টা সঞ্চিতি | | ১,৫২০ | |
| ১৬ | দেনাদার | | ৬২,০১০ | |
| ১৭ | সাধারণ সঞ্চিতি | | | ১,০০০ |
| ১৮ | অগ্রিম বেতন | | ২,০০০ | |
| | **মোট =** | | **৫,৯১,৯১০** | **৫,৯১,৯১০** |

∴ রেওয়ামিলের যোগফল ৫,৯১,৯১০ টাকা।

**গ** রেহানা করিমের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদসমূহ :** | | |
| নগদ তহবিল | ১,১৪০ | |
| দেনাদার | ৬২,০১০ | |
| অগ্রিম বেতন | ২,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | **৬৫,১৫০** |
| **চলতি দায়সমূহ :** | | |
| পাওনাদার | ৪২,৫০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৩৩,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | ১,০০০ | |
| **মোট চলতি দায়** | | **৭৬,৫০০** |

∴ চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ ৭৬,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৯** বিসমিল্লাহ ফল ভান্ডারের ২০২১ সালের জুলাই মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

জুলাই ১ সৈকত ট্রেডার্সের নিকট থেকে কমলা ক্রয় ২৫,০০০ টাকা। চালান নং- ২০৪।

" ৭ রত্না এন্টারপ্রাইজের নিকট থেকে ৫% বাট্টায় ক্রীত প্রতি কেজি ১২০ টাকা দরে ৫০ কেজি খেজুর মানসম্মত না হওয়ায় ফেরত প্রদান। ডেবিট নোট- ১২০।

" ২১ মুক্তা ট্রেডার্সের নিকট থেকে ক্রীত ফরমায়েশ অনুযায়ী না হওয়ায় প্রতি কেজি ১৮০ টাকা দরে ২০ কেজি আঙুর ফেরত প্রদান। কারবারি বাট্টা ৫% ডেবিট, নোট- ২২২।

ক. জুলাই ০১ তারিখের লেনদেন অবলম্বনে একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো। ২

খ. উপরিউক্ত তথ্য হতে একটি ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

গ. ৭ ও ২১ তারিখের ভিত্তিতে সাধারণ খতিয়ান প্রস্তুত করো। ৪

[য. বো. ২০২৩]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** ১ তারিখের লেনদেনের অবিলম্বে একটি ক্রয় জাবেদা প্রস্তুত :

বিসমিল্লাহ ফল ভান্ডার
ক্রয় জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | চালান নাম্বার | সূত্র | ক্রয় হিসাব ডেবিট<br>পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২১ইং<br>জুলাই-০১ | সৈকত ট্রেডার্স (পাওনাদার) | ২০৪ | ✓ | ২৫,০০০ |
| | মোট | | | **২৫,০০০** |

∴ সৈকত ট্রেডাসের যোগফল ২৫,০০০ টাকা।

**খ**

বিসমিল্লাহ ফল ভান্ডার
ক্রয় ফেরত জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নং | সূত্র | পাওনাদার হিসাব ডেবিট<br>ক্রয় ফেরত হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২১<br>জুলাই-০৭ | রত্না এন্টারপ্রাইজ (গণনাকার্য−০১) | ১২০ | ✓ | ৫,৭০০ |
| ” ২১ | মুক্তা ট্রেডার্স (গণনাকার্য−০২) | ২২২ | ✓ | ৩,৪২০ |
| | মোট | | | **৯,১২০** |

∴ ক্রয় ফেরত জাবেদার যোগফল ৯,১২০ টাকা।

গণনাকার্য−০১ : খেজুর (১২০ × ৫০) = ৬,০০০
বাদ : কারবারি বাট্টা (৫%) = ৩০০
৫,৭০০

গণনাকার্য−০২ : আঙুর (১৮০ × ২০) = ৩,৬০০
বাদ : কারবারি বাট্টা (৫%) = ১৮০
৩,৪২০

**গ**

বিসমিল্লাহ ফল ভান্ডার
সাধারণ খতিয়ান (চলমান জের ছক)

পাওনাদার (রত্না এন্টারপ্রাইজ) হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২১<br>জুলাই−৭ | ক্রয় ফেরত হিসাব | | ৫,৭০০ | | ৫,৭০০ | |

মুক্তা ট্রেডার্স (পাওনাদার) হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২১<br>জুলাই−২১ | ক্রয় ফেরত হিসাব | | ৩,৪২০ | | ৩,৪২০ | |

ক্রয় ফেরত হিসাব হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২১<br>জুলাই−৭ | রত্না এন্টারপ্রাইজ (পাওনাদার) | | ৫,৭০০ | | | ৫,৭০০ |
| ” ২১ | মুক্তা ট্রেডার্স (পাওনাদার) | | ৩,৪২০ | | | ৯,১২০ |

∴ পাওনাদার (রত্না এন্টারপ্রাইজ) এর ডেবিট উদ্বৃত্ত ৫,৭০০ টাকা, মুক্তা ট্রেডার্স (পাওনাদার) এর ডেবিট উদ্বৃত্ত ৩,৪২০ টাকা এবং ক্রয় ফেরত হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ৯,১২০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** জনাব রাজন ময়মনসিংহে ব্যবসায় স্থাপন করেন। তার ব্যবসায়ের ঘটনাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| জমি ক্রয় | ২০,০০,০০০ |
| ব্যবসায়ের মূলধন আনয়ন | ৫,৫০,০০০ |
| ধারে পণ্য বিক্রয় | ৪০,০০০ |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ১,০০,০০০ |
| কমিশন প্রাপ্তি | ২,৫০০ |
| পুরাতন কম্পিউটার বিক্রয় | ১২,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ২৫,০০০ |
| জমি ক্রয়ের রেজিস্ট্রেশন ব্যয় | ২,০০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৩০,০০০ |
| পুরাতন ফ্রিজ বিক্রয় | ১৫,০০০ |

ক. জনাব রাজনের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব রাজনের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব রাজনের মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

[য. বো. ২০২৩]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব রাজনের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| জমি ক্রয় | ২০,০০,০০০ | |
| জমি ক্রয়ের রেজিস্ট্রেশন ব্যয় | ২,০০,০০০ | |
| **মোট মূলধন জাতীয় ব্যয়** | | **২২,০০,০০০** |

∴ মোট মূলধন জাতীয় ব্যয় ২২,০০,০০০ টাকা।

**খ** জনাব রাজনের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| **মূলধন জাতীয় প্রাপ্তি :** | | |
| ব্যবসায়ের মূলধন | ৫,৫০,০০০ | |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ১,০০,০০০ | |
| পুরাতন কম্পিউটার বিক্রয় | ১২,০০০ | |
| পুরাতন ফ্রিজ বিক্রয় | ১৫,০০০ | |
| **মোট মূলধন জাতীয় প্রাপ্তি** | | **৬,৭৭,০০০** |

∴ মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৬,৭৭,০০০ টাকা।

**গ** জনাব রাজনের মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| কমিশন প্রাপ্তি | ২,৫০০ | |
| বিনিয়োগের সুদ | ৩০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | ২৫,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় প্রাপ্তি** | | **৫৭,৫০০** |

∴ মোট মুনাফা জাতীয় প্রাপ্তি ৯৭,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** জনাব আশরাফ চৌধুরী ২০২২ সালের ১ জানুয়ারি নগদ ৫,০০,০০০ টাকা, ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেন সংঘটিত হয়।

জানুয়ারি ২ অফিস ভাড়া পরিশোধ ১২,০০০ টাকা।
" ৫ নগদে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ১০ কমিশন প্রাপ্তি ২,৫০০ টাকা।
" ১৫ আসবাবপত্রের অবচয় ধরা হলো ১,৫০০ টাকা।
" ২০ আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।
" ৩০ ধারে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।

ক. জনাব আশরাফ চৌধুরীর প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২
খ. বছর শেষে জনাব আশরাফের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ১, ২, ১৫, ৩০ তারিখের লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

[য. বো. ২০২৩]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব আশরাফ চৌধুরীর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ জানুয়ারি-০১ | নগদ | ৫,০০,০০০ | |
| | আসবাবপত্র | ২৫,০০০ | |
| | **প্রারম্ভিক মূলধন** | | **৫,২৫,০০০** |

∴ প্রারম্ভিক মূলধন ৫,২৫,০০০ টাকা।

**খ** বছর শেষে জনাব আশরাফের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|---|
| ২০২২ জানুয়ারি-০১ | প্রারম্ভিক মূলধন (ক হতে প্রাপ্ত) | | ৫,২৫,০০০ | |
| | **যোগ : আয়সমূহ :** | | | |
| " ১০ | কমিশন প্রাপ্তি | ২,৫০০ | | |
| " ৩০ | ধারে পণ্য বিক্রয় | ১৫,০০০ | | |
| | | | ১৭,৫০০ | |
| | | | ৫,৪২,৫০০ | |
| | **বাদ : ব্যয়সমূহ :** | | | |
| জানুয়ারি-০১ | অফিস ভাড়া | ১২,০০০ | | |
| " ০৫ | ক্রয় | ৫,০০০ | | |
| " ১৫ | আসবাবপত্রের অবচয় | ১,৫০০ | | |
| | | | (৩৮,৫০০) | |
| | **মোট সমাপনী স্বত্বাধিকার** | | | **৫,২৪,০০০** |

∴ মোট সমাপনী স্বত্বাধিকার ৫,২৪,০০০ টাকা।

**গ** ১, ২, ১৫, ৩০ তারিখের লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট পক্ষ/হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২০২২ জানুয়ারি-০১ | নগদান হিসাব | ডেবিট | ৫,০০,০০০ |
| | আসবাবপত্র হিসাব | ডেবিট | ২৫,০০০ |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ৫,২৫,০০০ |
| " ০২ | ভাড়া হিসাব | ডেবিট | ১২,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১২,০০০ |
| " ১৫ | অবচয় হিসাব | ডেবিট | ২০,০০০ |
| | পুঞ্জিভূত অবচয় (আসবাবপত্র) হিসাব | ক্রেডিট | ২০,০০০ |
| " ৩০ | দেনাদার হিসাব | ডেবিট | ১৫,০০০ |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ১৫,০০০ |

# চট্টগ্রাম বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 146

সময় : ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **ক্রেডিট নোট কে তৈরি করেন?**
ক দেনাদার খ বিক্রেতা গ ক্যাশিয়ার ঘ হিসাবরক্ষক

২. **বিলে স্বীকৃতি পেলে কোন হিসাবে লিপিবদ্ধ হয়?**
ক প্রাপ্য বিল হিসাব খ প্রাপ্য আয় হিসাব
গ স্বীকৃত বিল হিসাব ঘ প্রদেয় বিল হিসাব

৩. **নিচের কোনটির কারণে সমন্বিত ক্রয় ও বিক্রীত পণ্যের ব্যয়ের মধ্যে পার্থক্য হয়?**
ক বহিঃপরিবহণ খ আন্তঃপরিবহণ
গ বিমা সেলামি ঘ সমাপনী মজুদ পণ্য

৪. **একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়ে কোনটিকে গুরুত্ব দেওয়া হয়?**
ক নগদে বিক্রয় খ ধারে বিক্রয়
গ বেতন ও অন্যান্য ব্যয় ঘ অতিরিক্ত মূলধন

৫. **"বর্ণালী ট্রেডার্স হতে পণ্য ফেরত আসলো"– এর জন্য কোন মূল খতিয়ানটি প্রভাবিত হবে?**
ক বিক্রয় ফেরত খ বহিঃ ফেরত গ প্রদেয় হিসাব ঘ প্রাপ্য হিসাব

৬. **হিসাবের বাম দিকে ডেবিট লেখা হয় কেন?**
ক যেহেতু ডান দিকে ক্রেডিট খ ডেবিট শব্দ উচ্চারণ সহজ বলে
গ ডেবিট শব্দের অর্থ অনুযায়ী ঘ যেহেতু সর্বদা বাম দিকে লেখা শুরু হয়

৭. **রেওয়ামিল তৈরির মুখ্য উদ্দেশ্য কী?**
ক হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই খ হিসাবের ব্যালেন্স নির্ণয়
গ আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত ঘ সময় ও শ্রমের অপচয় রোধ

৮. **দেনাদার দেউলিয়া হলে নিচের কোন হিসাব সৃষ্টি হয়?**
ক অবচয় খ কুঋণ গ বাট্টা ঘ কমিশন

৯. **'খতিয়ান' কোনটি অপেক্ষা অধিক গুরুত্বপূর্ণ?**
ক জাবেদা খ রেওয়ামিল
গ বিশদ আয় বিবরণী ঘ আর্থিক অবস্থার বিবরণী

১০. **লেনদেন দ্বারা মালিকানাস্বত্ব বৃদ্ধি পেলে নিচের কোন পরিবর্তনটি হতে পারে?**
ক নগদ তহবিল হ্রাস খ প্রদেয় হিসাব বৃদ্ধি
গ ব্যাংক ঋণ হ্রাস ঘ উত্তোলন বৃদ্ধি

১১. **একটি প্রতিষ্ঠানের চলতি অনুপাতের মান ৩:১ দ্বারা কী বোঝায়?**
ক চলতি সম্পদ চলতি দায়ের ৪ ভাগের ৩ ভাগ
খ চলতি দায় চলতি সম্পদের ৪ ভাগের ৩ ভাগ
গ চলতি সম্পদ চলতি দায়ের এক-তৃতীয়াংশ
ঘ চলতি দায় চলতি সম্পদের এক-তৃতীয়াংশ

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
ভীশন এন্টারপ্রাইজ ব্যবহারের উদ্দেশ্যে ২০২২ সালের ৫ জানুয়ারি বাকিতে ৩,০০,০০০ টাকার মোটরগাড়ি ক্রয় করে এবং ৪০,০০০ টাকা ব্যয়ে রেজিস্ট্রেশন করে। ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত মোট ১,২০,০০০ টাকা মেরামত ও জ্বালানি খরচ প্রদান করে এবং ৩০,০০০ টাকা অবচয় ধার্য করে।

১২. **ভীশন এন্টারপ্রাইজের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত?**
ক ৩,০০,০০০ টাকা খ ৩,৪০,০০০ টাকা
গ ৪,৩০,০০০ টাকা ঘ ৪,৬০,০০০ টাকা

১৩. **উদ্দীপকের আলোকে ভীশন এন্টারপ্রাইজের আর্থিক বিবরণীতে–**
i. পরিচালন ব্যয় হবে ১,৫০,০০০ টাকা ii. দায়ের পরিমাণ হবে ৩,০০,০০০ টাকা
iii. স্থায়ী সম্পদ হবে ৩,৪০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. **সমাপনী মজুদ পণ্য মূল্যায়নে হিসাববিজ্ঞানের কোন নীতি প্রয়োগ করা হয়?**
ক ব্যবসায়িক সত্তা নীতি খ ক্রয়মূল্য নীতি
গ রক্ষণশীলতার নীতি ঘ সামঞ্জস্যতা নীতি

১৫. **নিচের কোনটি মুনাফা দ্বারা সৃষ্ট?**
ক সাধারণ সঞ্চিতি খ পাওনাদারের বাট্টা সঞ্চিতি
গ সুনাম ঘ ব্যাংক উদ্বৃত্ত

১৬. **ক্রেডিট ভাউচারের সাথে কোনটি সংযুক্ত করা হয়?**
ক ডেবিট নোট খ ক্রেডিট নোট গ বিল ঘ ক্যাশমেমো

১৭. **নিচের কোনটি মুনাফা জাতীয় প্রাপ্তির উদাহরণ?**
ক ঋণ গ্রহণ বাবদ প্রাপ্তি খ বিনিয়োগের সুদ প্রাপ্তি
গ আসবাবপত্র বিক্রয় বাবদ প্রাপ্তি ঘ নগদে মূলধন আনয়ন

১৮. **নিচের কোন হিসাবটির জন্য সমাপনী জাবেদা প্রয়োজন?**
ক আন্তঃ ফেরত খ প্রাপ্য হিসাব
গ অগ্রিম বেতন ঘ অনুপার্জিত কমিশন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৯, ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
১ জুন ২০২২ তারিখে প্রতি কেজি ১২০ টাকা দরে ২০০ কেজি মশুরের ডাল ৫% বাট্টায় $\frac{৩}{১৫}$, নিট ৩০ শর্তে যমুনা ট্রেডার্স কর্ণফুলি এন্টারপ্রাইজকে সরবরাহ করে।

১৯. **যমুনা ট্রেডার্স বিক্রয় জাবেদায় কত টাকা লিখবে?**
ক ২২,০৮০ টাকা খ ২২,৮০০ টাকা
গ ২৪,০০০ টাকা ঘ ২৫,২০০ টাকা

২০. **১৫ জুন ২০২২ তারিখে পূর্ণনিষ্পত্তিতে কর্ণফুলি এন্টারপ্রাইজ যমুনা ট্রেডার্সকে কত টাকা প্রদান করবে?**
ক ২২,১১৬ টাকা খ ২২,৮০০ টাকা
গ ২৩,২৮০ টাকা ঘ ২৪,০০০ টাকা

২১. **১৫ জুন ২০২২ তারিখে আদায় হলে যমুনা ট্রেডার্সের খতিয়ানে লেখা হবে–**
i. প্রাপ্ত বাট্টা হিসাবে ১,২০০ টাকা ii. প্রদত্ত বাট্টা হিসাবে ৬৮৪ টাকা
iii. প্রাপ্য হিসাবে ২২,৮০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২. **"আন্তঃফেরত ২,০০০ টাকা"। এই লেনদেন দ্বারা হিসাব সমীকরণে হ্রাস পাবে–**
i. দায় ii. সম্পদ iii. মালিকানাস্বত্ব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. **সম্পদ, দায় ও মালিকানাস্বত্ব নিচের কোনটির মূল উপাদান?**
ক লেনদেন খ হিসাবচক্র
গ দু'তরফা দাখিলা পদ্ধতি ঘ হিসাব সমীকরণ

২৪. **মোট মুনাফা জাতীয় প্রদানের চলতি বছরের অংশকে কী বলে?**
ক মুনাফা জাতীয় ব্যয় খ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
গ মূলধন জাতীয় ব্যয় ঘ সাময়িক মূলধনি ব্যয়

২৫. **ক্রেডিট নোটের ভিত্তিতে কোনটিতে লেনদেন লেখা হয়?**
ক ক্রয় জাবেদায় খ সাধারণ খতিয়ানে
গ আন্তঃফেরত জাবেদায় ঘ বহিঃফেরত জাবেদায়

২৬. **খতিয়ানকে সকল বইয়ের রাজা বলা হয় কারণ, খতিয়ান থেকে পাওয়া যায়–**
i. মোট সম্পদের ধারণা ii. মালিকানাস্বত্বের ধারণা
iii. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের উপাদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
পলাশ ব্রাদার্সের আর্থিক বিবরণীতে হিসাবরক্ষক বকেয়া বেতন ১৫,০০০ টাকা সমন্বয় না করে নিট মুনাফা নির্ণয় করলো ৩০,০০০ টাকা কিন্তু সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা কম মূল্যে লিপিবদ্ধ করায় আর্থিক অবস্থায় দায় ও মালিকানাস্বত্বের যোগফল হলো ৪,৫০,০০০ টাকা।

২৭. **পলাশ ব্রাদার্সের সঠিক আর্থিক ফলাফল কোনটি?**
ক নিট মুনাফা ১৫,০০০ টাকা খ নিট ক্ষতি ৩০,০০০ টাকা
গ নিট মুনাফা ৩০,০০০ টাকা ঘ নিট মুনাফা ৪৫,০০০ টাকা

২৮. **পলাশ ব্রাদার্সের প্রকৃত আর্থিক অবস্থায়–**
i. সম্পদের পরিমাণ হবে ৪,৫০,০০০ টাকা ii. দায় ও মালিকানাস্বত্ব হবে ৪,৬৫,০০০ টাকা iii. দায় বৃদ্ধি পাবে ১৫,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
সুরমা এন্টারপ্রাইজের হিসাবরক্ষক অফিসের ভাড়া ৩০,০০০ টাকা ভুলে অফিস খরচ হিসাবে ডেবিট করেছেন।

২৯. **সুরমা এন্টারপ্রাইজের হিসাবরক্ষণে কোন ধরনের ভুল হয়েছে?**
ক বে-দাখিলার খ স্থানান্তরের গ নীতিগত ঘ লেখার

৩০. **রেভিনিউ বা আয়ের যে অংশ ব্যয় অপেক্ষা অধিক তাকে কী বলে?**
ক মূলধন খ সাধারণ সঞ্চিতি গ ক্ষতি ঘ মুনাফা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (সৃজনশীল) বিষয় কোড 146

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। **ক বিভাগ** হতে দুটি (আবশ্যিক) এবং **খ বিভাগ হতে পাঁচটিসহ** সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১। মীম ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২২) | ৩০,০০০ | |
| পরিবহণ খরচ | ১৫,০০০ | |
| বেতন | ৩৮,০০০ | |
| ভাড়া | ৬,০০০ | |
| কমিশন | ৭,৫০০ | ১৮,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ২,৬০,০০০ | ৩,২৫,০০০ |
| কর ও অভিকর | ২২,০০০ | |
| শুল্ক | ৪,০০০ | |
| বিবিধ ক্ষতি | ১৪,৫০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩০,০০০ |
| পাওনাদার | | ২৪,০০০ |
| | ৩,৯৭,৫০০ | ৩,৯৭,৫০০ |

**অন্যান তথ্য :**
(১) সমাপনী মজুদ পণ্য ১,৪০,০০০ টাকা।
(২) বাকিতে ক্রয় ৬,০০০ টাকা ও বিক্রয় ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) বকেয়া ভাড়া ৫০০ টাকা এবং অগ্রিম ক্রয় ২,০০০ টাকা।

(ক) উপরের তথ্য হতে চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) মীম ট্রেডার্সের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪
(গ) মীম ট্রেডার্সের মোট মুনাফা ১,৭০,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

২। জুলিয়া ব্রাদার্স এর ২০২১ সালের কিছু হিসাব তথ্য নিম্নরূপ :

| বিবরণ | ২০২১ টাকা |
|---|---|
| বিনিয়োজিত মূলধন | ১,২০,০০০ |
| মোট মুনাফা | ৫৫,০০০ |
| নিট মুনাফা | ২৩,০০০ |
| বিক্রয় | ২,২০,০০০ |
| সমাপনি মজুদ পণ্য | ৬,০০০ |
| চলতি সম্পদ | ৩২,০০০ |
| চলতি দায় | ২৮,০০০ |

(ক) জুলিয়া ব্রাদার্সের ২০২১ সালের বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২
(খ) ২০২১ সালের নিট মুনাফার অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় করো। ৪
(গ) উদ্দীপকের আলোকে জুলিয়া ব্রাদার্সের চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩। আশিক ট্রেডার্সের ২০২০ সালের মে মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

মে ০২ নগদ ১,৯০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকার মেশিন নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো।
" ০৩ ধারে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ অলোক ট্রেডার্সের নিকট হতে ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।
" ২১ ১৫,০০০ টাকা জমা দিয়ে ব্যাংকে একটি হিসাব খোলা হলো।
" ২৮ ১০,০০০ টাকার পণ্য ক্রয়ের চুক্তি করা হলো।
" ৩০ নগদে পণ্য বিক্রয় ৭০,০০০ টাকা।

(ক) লেনদেন নয় এমন ঘটনাসমূহের সমষ্টি নির্ণয় করো। ২
(খ) আশিক ট্রেডার্সের ঘটনাসমূহ থেকে লেনদেনসমূহ চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্য হতে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪। 'হামিদ ট্রেডার্স' এর ব্যবসায়ে ২০২০ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

জুন ০১ নগদ ৮০,০০০ টাকা এবং ১,৩০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করল।
" ০৫ ব্যবসায়ের প্রয়োজনে একটি টেবিল ক্রয় ১৮,০০০ টাকা।
" ১২ চেকের মাধ্যমে ২০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ১৫ বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৩০ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ১,২০০ টাকা।

(ক) উদ্দীপক হতে নিট স্থায়ী সম্পদের পরমাণ নির্ণয় করো। ২
(খ) জুন (১–১৫) তারিখের লেনদেনসমূহের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪
(গ) জুন-২০২০ সালের ৩০ জুন তারিখে হামিদ ট্রেডার্স এর মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

৫। ২০২০ সালে 'রায়হান এন্টারপ্রাইজ' নামের ব্যবসায় প্রতিষ্ঠানের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায় মূলধন বিনিয়োগ | ৬,০০,০০০ |
| পণ্য ক্রয় | ৮,০০,০০০ |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ২,৫০,০০০ |
| ভাড়া প্রদান (যার মধ্যে ২,০০০ টাকা ২০২১ সালের জন্য) | ২০,০০০ |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪০,০০০ |
| ৫% বাট্টায় পণ্য বিক্রয় | ১৫,০০,০০০ |

(ক) মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২
(খ) মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পার্থক্য নির্ণয় করো। ৪
(গ) মুনাফা জাতীয় লেনদেনসমূহের হিসাবের শ্রেণিবিন্যাস করো। ৪

৬। 'জনি এন্টারপ্রাইজ' এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্তের পরিমাণ নিম্নরূপ :

| হিসাবরে নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| অফিস সরঞ্জাম | ৪০,০০০ | উত্তোলন | ৫,০০০ |
| আয়কর | ৬,০০০ | অনাদায়ী সুদ | ৩,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | পাওনাদার | ৫৫,০০০ |
| প্রদেয় কর | ১০,০০০ | অগ্রিম উপভাড়া | ৮,০০০ |
| সাপ্লাইজ | ২৫,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ |

(ক) জনি এন্টারপ্রাইজের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্য হতে জনি এন্টারপ্রাইজের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) জনি এন্টারপ্রাইজের মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৭। 'লতিফ ব্রাদার্সের' ২০২২ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

জানুয়ারি ০১ নগদ ২,১০,০০০ টাকা ও ৭০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হলো।

" ০৭ ১০% বাট্টায় খুলনার আজাদ ট্রেডার্সের নিকট প্রতি মিটার ১,১২০ টাকা দরে ২৫০ মিটার কাপড় বিক্রয়। পরিবহণ খরচ ৫০০ টাকা, চালান নং- ২০৮০। শর্ত : ২/১৫ নিট ৩০।

" ১০ ক্রেতার মধ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ১,০০০ টাকা।

" ২২ অফিসের জন্য কাগজ ও কলম ক্রয় ৩,০০০ টাকা।

" ২৮ ২০,০০০ টাকার কম্পিউটার ক্রয় করা হলো।

" ৩০ আজাদ ট্রেডার্স হতে ৩০,০০০ টাকার চেক প্রাপ্তি।

(ক) লতিফ ব্রাদার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) ৭ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত করো। ৪

(গ) জানুয়ারি মাসের ১০, ২২, ২৮ ও ৩০ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

৮। রাহা ট্রেডার্সের ২০২২ সালের মার্চ মাসের হিসাব বই হতে নিম্নের হিসাবটি সংগৃহীত :

**ব্যাংক হিসাব হি : কোর্ড নং.................**

| | বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|
| | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | |
| মার্চ ১ | ব্যালেন্স B/D | | | ৪০,০০০ | |
| " ৫ | বিক্রয় হিসাব | ১৫,০০০ | | | |
| " ১২ | ভাড়া হিসাব | | ৪,০০০ | | |
| " ২০ | ক্রয় হিসাব | | ৭,০০০ | | |
| " ২৯ | ব্যাংক সুদ | ৫,০০০ | | | |

(ক) রাহা ট্রেডার্সের ব্যবসায়ের ব্যাংক হিসাবের উদ্বৃত্ত নির্ণয় করো। ২

(খ) উপর্যুক্ত হিসাবের ভিত্তিতে রাহা ট্রেডার্সের মার্চ (৫-২৯) তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪

(গ) চলমান জের ছক অনুসরণপূর্বক রাহা ট্রেডার্সের বিক্রয় হিসাব ও ব্যাংক সুদ হিসাব প্রস্তুত করো। ৪

৯। জয়া এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৬০,০০০ | | |
| মূলধন | ৯০,০০০ | পরিবহণ | ১০,০০০ |
| ক্রয় | ১,২০,০০০ | নগদ তহবিল | ১৫,০০০ |
| অগ্রিম বেতন | ৫,৫০০ | ব্যাংক জমা | ৫০,০০০ |
| বিক্রয় | ১,২৭,০০০ | পাওনাদার | ৪০,০০০ |
| বকেয়া ভাড়া | ৩,৫০০ | সমাপনী মজুদ পণ্য | ৫৫,০০০ |

(ক) উপর্যুক্ত তথ্য হতে সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) জয়া এন্টারপ্রাইজের চলতি সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

(গ) জয়া এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

১০। তামিমা ট্রেডার্সের ২০২২ সালের জুলাই মাসের কতিপয় ব্যবসায়িক লেনদেন নিম্নরূপ :

জুলাই ০১ ঢাকা থেকে কুমিল্লায় ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ৪৮,০০০ টাকা।

" ০৭ কর্মচারির বেতন প্রদান ৮,০০০ টাকা।

" ১০ ব্যবসায়ের জন্য নতুন যন্ত্রপাতি ক্রয় ২,৬০,০০০ টাকা।

" ১২ ক্রীত যন্ত্রপাতির পরিবহণ ব্যয় ৫,০০০ টাকা।

" ২০ পুরাতন দালান মেরামত ব্যয় ৮,০০০ টাকা।

" ২৫ নতুন পণ্যের গবেষণা ব্যয় ২২,০০০ টাকা।

" ২৮ একটি আলমারি ক্রয় ৩০,০০০ টাকা।

" ৩০ যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা।

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) তামিমা ট্রেডার্সের ব্যবসায়ের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

(গ) উদ্দীপকে উল্লিখিত যন্ত্রপাতিটি ৩,২০,০০০ টাকায় বিক্রয় করলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

১১। রুবায়্যাত ইলেকট্রনিক্স এর ২০২০ সালের আগস্ট মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

আগস্ট ৮ জুঁই এন্টারপ্রাইজ থেকে প্রতিটি ৭৮,০০০ টাকা দরে ৪টি ফ্রিজ ক্রয়। পরিবহণ খরচ ৩,৫০০ টাকা। কারবারি বাট্টা ৫%। চালান নং- ০৭।

" ২০ রিমন ব্রাদার্সের নিকট থেকে ৫% বাট্টায় ৮০,০০০ টাকার এসি ক্রয়। চালান নং-২৫, পরিবহণ খরচ ৭৫০ টাকা।

(ক) আগস্ট মাসে রুবায়্যাত ইলেকট্রনিক্স এর ক্রয়সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) উদ্দীপকের আলোকে রুবায়্যাত ইলেকট্রনিক্স এর ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সহকারি খতিয়ানসমূহ প্রস্তুত করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** মীম ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২২) | ৩০,০০০ | |
| পরিবহণ খরচ | ১৫,০০০ | |
| বেতন | ৩৮,০০০ | |
| ভাড়া | ৬,০০০ | |
| কমিশন | ৭,৫০০ | ১৮,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ২,৬০,০০০ | ৩,২৫,০০০ |
| কর ও অভিকর | ২২,০০০ | |
| শুল্ক | ৪,০০০ | |
| বিবিধ ক্ষতি | ১৪,৫০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩০,০০০ |
| পাওনাদার | | ২৪,০০০ |
| | ৩,৯৭,৫০০ | ৩,৯৭,৫০০ |

**অন্যান্য তথ্য :**

(১) সমাপনী মজুদ পণ্য ১,৪০,০০০ টাকা।

(২) বাকিতে ক্রয় ৬,০০০ টাকা ও বিক্রয় ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(৩) বকেয়া ভাড়া ৫০০ টাকা এবং অগ্রিম ক্রয় ২,০০০ টাকা।

ক. উপরের তথ্য হতে চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মীম ট্রেডার্সের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. মীম ট্রেডার্সের মোট মুনাফা ১,৭০,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

[চ. বো. ২০২৩]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** চলতি দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| পাওনাদার | ২৪,০০০ | |
| (+) অলিখিত ক্রয় | ৬,০০০ | |
| | | ৩০,০০০ |
| বকেয়া ভাড়া | | ৫০০ |
| **মোট চলতি দায়** | | **৩০,৫০০** |

∴ চলতি দায়ের পরিমাণ ৩০,৫০০ টাকা।

**খ**

**মীম ট্রেডার্স**

বিশদ আয় বিবরণী

২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৩,২৫,০০০ | |
| (+) অলিখিত বিক্রয় | | ১৫,০০০ | |
| | | | ৩,৪০,০০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয় :** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩০,০০০ | |
| ক্রয় | ২,৬০,০০০ | | |
| (+) অলিখিত ক্রয় | ৬,০০০ | | |
| | | ২,৬৬,০০০ | |
| পরিবহণ খরচ | | ১৫,০০০ | |
| শুল্ক | | ৪,০০০ | |
| | | ৩,১৫,০০০ | |
| (−) সমাপনী মজুদ পণ্য | | (১,৪০,০০০) | |
| | | | (১,৭৫,০০০) |
| **মোট মুনাফা** | | | **১,৬৫,০০০** |

∴ মোট মুনাফা ১,৬৫,০০০ টাকা।

**গ**

**মীম ট্রেডার্স**

বিশদ আয় বিবরণী

২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ১,৭০,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | | ৩৮,০০০ | |
| ভাড়া | ৬,০০০ | | |
| (+) বকেয়া ভাড়া | ৫০০ | | |
| | | ৬,৫০০ | |
| কমিশন প্রদান | | ৭,৫০০ | |
| কর ও অভিকর | ২২,০০০ | | |
| (−) অগ্রিম কর | (২,০০০) | | |
| | | ২০,০০০ | |
| | | | (৭২,০০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৯৮,০০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| প্রাপ্ত কমিশন | | ১৮,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩০,০০০ | |
| | | | ৪৮,০০০ |
| | | | ১,৪৬,০০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | |
| বিবিধ ক্ষতি | | | (১৪,৫০০) |
| **নিট মুনাফা** | | | **১,৩১,৫০০** |

∴ নিট মুনাফা ১,৩১,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ০২** জুলিয়া ব্রাদার্স এর ২০২১ সালের কিছু হিসাব তথ্য নিম্নরূপ :

| বিবরণ | ২০২১ টাকা |
|---|---|
| বিনিয়োজিত মূলধন | ১,২০,০০০ |
| মোট মুনাফা | ৫৫,০০০ |
| নিট মুনাফা | ২৩,০০০ |
| বিক্রয় | ২,২০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৬,০০০ |
| চলতি সম্পদ | ৩২,০০০ |
| চলতি দায় | ২৮,০০০ |

ক. জুলিয়া ব্রাদার্সের ২০২১ সালের বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. ২০২১ সালের নিট মুনাফার অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় করো। ৪

গ. উদ্দীপকের আলোকে জুলিয়া ব্রাদার্সের চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

[চ. বো. ২০২৩]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** জুলিয়া ব্রাদার্সের ২০২১ সালের বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| বিক্রয় | ২,২০,০০০ | |
| (−) মোট মুনাফা | (৫৫,০০০) | |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | **১,৬৫,০০০** |

∴ বিক্রীত পণ্যের ব্যয় ১,৬৫,০০০ টাকা।

**খ** ২০২১ সালের নিট মুনাফার অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় :

$$\text{নিট মুনাফার অনুপাত} = \frac{\text{নিট মুনাফা}}{\text{নিট বিক্রয়}} \times ১০০$$

$$= \frac{২৩,০০০}{২,২০,০০০} \times ১০০$$

$$= ১০.৪৫\%$$

$$\text{বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত} = \frac{\text{নিট মুনাফা}}{\text{বিনিয়োজিত মূলধন}} \times ১০০$$

$$= \frac{২৩,০০০}{১,২০,০০০} \times ১০০$$

$$= ১৯.১৭\%$$

∴ নিট মুনাফার অনুপাত ১০.৪৫% ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত ১৯.১৭%।

**গ** জুলিয়া ব্রাদার্সের চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় :

$$\text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পত্তি}}{\text{চলতি দায়}}$$

$$= \frac{৩২,০০০}{২৮,০০০}$$

$$= ১.১৪ : ১$$

$$\text{তারল্য অনুপাত} = \frac{\text{চলতি সম্পত্তি} - \text{সমাপনী মজুদ পণ্য}}{\text{চলতি দায়}}$$

$$= \frac{৩২,০০০ - ৬,০০০}{২৮,০০০}$$

$$= \frac{২৬,০০০}{২৮,০০০}$$

$$= ০.৯৩ : ১$$

∴ জুলিয়া ব্রাদার্সের চলতি অনুপাত ১.১৪ ঃ ১ এবং তারল্য অনুপাত ০.৯৩ ঃ ১।

**প্রশ্ন ▸ ০৩** আশিক ট্রেডার্সের ২০২০ সালের মে মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

মে ০২ নগদ ১,৯০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকার মেশিন নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো।
" ০৩ ধারে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ অলোক ট্রেডার্সের নিকট হতে ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।
" ২১ ১৫,০০০ টাকা জমা দিয়ে ব্যাংকে একটি হিসাব খোলা হলো।
" ২৮ ১০,০০০ টাকার পণ্য ক্রয়ের চুক্তি করা হলো।
" ৩০ নগদে পণ্য বিক্রয় ৭০,০০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহের সমষ্টি নির্ণয় করো। ২
খ. আশিক ট্রেডার্সের ঘটনাসমূহ থেকে লেনদেনসমূহ চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা করো। ৪
গ. উপর্যুক্ত তথ্য হতে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

[চ. বো. ২০২৩]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** লেনদেন নয় এমন ঘটনাসমূহের সমষ্টি নির্ণয় :

| তরিখ | ঘটনাসমূহ | টাকা |
|---|---|---|
| ২০২০ | | |
| মে-১৫ | আলোক ট্রেডার্সের নিকট থেকে আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ | ২০,০০০ |
| " ২৮ | পণ্য ক্রয়ের চুক্তি করা হলো | ১০,০০০ |
| | মোট | ৩০,০০০ |

∴ লেনদেন নয় এমন ঘটনাসমূহের সমষ্টি ৩০,০০০ টাকা।

**খ** লেনদেনসমূহ চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে কারণ ব্যাখ্যা কর :

| তরিখ | লেনদেন কি না | সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০২০<br>মে-২ | লেনদেন | নগদ অর্থ ও মেশিন নিয়ে ব্যবসায় শুরু করার ফলে নগদ অর্থ (A) বৃদ্ধি ও মেশিন (A) বৃদ্ধি এবং মালিকানাস্বত্ব (OE) বৃদ্ধি পেয়েছে। এখানে, A = L + OE এর A ও OE উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| " ৩ | লেনদেন | ধারে পণ্য ক্রয়ের ফলে পাওনাদার (L) বৃদ্ধি এবং মালিকানাস্বত্ব (OE) হ্রাস পেয়েছে। অর্থাৎ হিসাব সমীকরণের A = L + OE এর L উপাদান বৃদ্ধি ও OE হ্রাস পেয়েছে। |
| " ২১ | লেনদেন | ব্যাংকে নগদ অর্থ জমা দিয়ে হিসাব খোলার ফলে ব্যাংক (A) বৃদ্ধি ও নগদ অর্থ (A) হ্রাস পেয়েছে। হিসাব সমীকরণের A = L + OE উপাদানের A এর হ্রাস বৃদ্ধি ঘটে। |
| " ৩০ | লেনদেন | নগদে পণ্য বিক্রয়ের ফলে নগদ অর্থ (A) বৃদ্ধি ও মালিকানাস্বত্ব (OE) বৃদ্ধি পেয়েছে। এখানে হিসাব সমীকরণের A = L + OE এর A ও OE উপাদানের হ্রাস বৃদ্ধি ঘটে। |

**গ** হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | মেশিন | | পাওনাদার | | | |
| ২০২০<br>মে-২ | | ১,৯০,০০০ | | ৪০,০০০ | = | | | ২,৩০,০০০ | মূলধন আনয়ন |
| " ৩ | উদ্বৃত্ত | ১,৯০,০০০ | | ৪০,০০০ | = | ৫০,০০০ | + | ২,৩০,০০০<br>(৫০,০০০) | ব্যয় |
| " ২১ | উদ্বৃত্ত | ১,৯০,০০০<br>(১৫,০০০) | ১৫,০০০ | ৪০,০০০ | = | ৫০,০০০ | + | ১,৮০,০০০ | |
| " ৩০ | উদ্বৃত্ত | ১,৭৫,০০০<br>৭০,০০০ | ১৫,০০০ | ৪০,০০০ | = | ৫০,০০০ | + | ১,৮০,০০০<br>৭০,০০০ | আয় |
| | উদ্বৃত্ত | ২,৪৫,০০০ | ১৫,০০০ | ৪০,০০০ | = | ৫০,০০০ | + | ২,৫০,০০০ | |
| | মোট | ৩,০০,০০০ | | | | ৩,০০,০০০ | | | |

∴ হিসাব সমীকরণের যোগফল ৩,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৪** 'হামিদ ট্রেডার্স' এর ব্যবসায়ে ২০২০ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

জুন ০১ নগদ ৮০,০০০ টাকা এবং ১,৩০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করল।
" ০৫ ব্যবসায়ের প্রয়োজনে একটি টেবিল ক্রয় ১৮,০০০ টাকা।
" ১২ চেকের মাধ্যমে ২০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ১৫ বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৩০ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ১,২০০ টাকা।

ক. উদ্দীপক হতে নিট স্থায়ী সম্পদের পরমাণ নির্ণয় করো। ২

খ. জুন (১–১৫) তারিখের লেনদেনসমূহের কারণসহ ডেবিট-ক্রেডটি নির্ণয় করো। ৪

গ. জুন-২০২০ সালের ৩০ জুন তারিখে হামিদ ট্রেডার্স এর মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

[চ. বো. ২০২৩]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২০ | | | |
| জুন–৫ | ব্যবসায়ের জন্য টেবিল ক্রয় | ১৮,০০০ | |
| " ৩০ | বাদ : আসবাবপত্রের অবচয় | (১,২০০) | |
| | **নিট স্থায়ী সম্পদ** | | **১৬,৮০০** |

∴ নিট স্থায়ী সম্পদের পরিমাণ ১৬,৮০০ টাকা।

**খ** জুন (১–১৫) তারিখের লেনদেনসমূহের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট পক্ষ/হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| ২০২০ | | | | |
| জুন–১ | নগদান হিসাব | ডেবিট | ২,১০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ৮০,০০০ | মালিকানাস্বত্ব বৃদ্ধি |
| | ব্যাংক ঋণ হিসাব | ক্রেডিট | ১,৩০,০০০ | দায় বৃদ্ধি |
| " ৫ | আসবাবপত্র হিসাব | ডেবিট | ১৮,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১৮,০০০ | সম্পদহ্রাস |
| " ১২ | ক্রয় হিসাব | ডেবিট | ২০,০০০ | ব্যয় বৃদ্ধি |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | ২০,০০০ | সম্পদহ্রাস |
| " ১৫ | দেনাদার হিসাব | ডেবিট | ৪০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ৪০,০০০ | আয় বৃদ্ধি |

**গ** ৩০ জুন, ২০২০ তারিখে মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২০ | | | |
| জুন–১ | মূলধন | ৮০,০০০ | |
| " ১২ | (−) চেকে পণ্য ক্রয় | (২০,০০০) | |
| | | ৬০,০০০ | |
| " ১৫ | (+) বাকিতে পণ্য বিক্রয় | ৪০,০০০ | |
| | | ১,০০,০০০ | |
| " ৩০ | (−) আসবাবপত্রের অবচয় | (১,২০০) | |
| | | | **৯৮,৮০০** |

∴ মালিকানাস্বত্বের পরিমাণ ৯৮,৮০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** ২০২০ সালে 'রায়হান এন্টারপ্রাইজ' নামের ব্যবসায় প্রতিষ্ঠানের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায় মূলধন বিনিয়োগ | ৬,০০,০০০ |
| পণ্য ক্রয় | ৮,০০,০০০ |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ২,৫০,০০০ |
| ভাড়া প্রদান (যার মধ্যে ২,০০০ টাকা ২০২১ সালের জন্য) | ২০,০০০ |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪০,০০০ |
| ৫% বাট্টায় পণ্য বিক্রয় | ১৫,০০,০০০ |

ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২

খ. মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পার্থক্য নির্ণয় করো। ৪

গ. মুনাফা জাতীয় লেনদেনসমূহের হিসাবের শ্রেণিবিন্যাস করো। ৪

[চ. বো. ২০২৩]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| ব্যবসায় মূলধন বিনিয়োগ | ৬,০০,০০০ | |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ২,৫০,০০০ | |
| **মোট** | | **৮,৫০,০০০** |

∴ মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৮,৫০,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের মধ্যে পার্থক্য নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| পণ্য বিক্রয় {১৫,০০,০০০ − (১৫,০০,০০০ × ৫%)} | ১৪,২৫,০০০ | |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪০,০০০ | |
| মুনাফা জাতীয় আয় | | ১৪,৬৫,০০০ |
| **বাদ : মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| পণ্য ক্রয় | ৮,০০,০০০ | |
| ভাড়া প্রদান (২০,০০০ − ২,০০০) | ১৮,০০০ | |
| | | (৮,১৮,০০০) |
| **পার্থক্য : মুনাফা জাতীয় আয়-মুনাফা জাতীয় ব্যয়** | | **৬,৪৭,০০০** |

∴ মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পার্থক্য ৬,৪৭,০০০ টাকা।

**গ** মুনাফা জাতীয় লেনদেনসমূহের হিসাবের শ্রেণিবিণ্যাস :

| সংশ্লিষ্ট পক্ষ/হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|
| ক্রয় হিসাব | ব্যয় হিসাব |
| নগদান হিসাব | সম্পদ হিসাব |
| ভাড়া হিসাব | ব্যয় হিসাব |
| অগ্রিম ভাড়া হিসাব | সম্পদ হিসাব |
| নগদান হিসাব | সম্পদ হিসাব |
| নগদান হিসাব | সম্পদ হিসাব |
| বিনিয়োগের সুদ হিসাব | আয় হিসাব |
| নগদান হিসাব | সম্পদ হিসাব |
| বিক্রয় হিসাব | আয় হিসাব |

**প্রশ্ন ▶ ০৬** 'জনি এন্টারপ্রাইজ' এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্তের পরিমাণ নিম্নরূপ :

| হিসাবরে নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| অফিস সরঞ্জাম | ৪০,০০০ | উত্তোলন | ৫,০০০ |
| আয়কর | ৬,০০০ | অনাদায়ি সুদ | ৩,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | পাওনাদার | ৫৫,০০০ |
| প্রদেয় কর | ১০,০০০ | অগ্রিম উপভাড়া | ৮,০০০ |
| সাপ্লাইজ | ২৫,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ |

ক. জনি এন্টারপ্রইজের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্য হতে জনি এন্টারপ্রাইজের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. জনি এন্টারপ্রাইজের মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪
[চ. বো. ২০২৩]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| আয়কর | ৬,০০০ | |
| উত্তোলন | ৫,০০০ | |
| **মোট** | | **১১,০০০** |

∴ মোট উত্তোলনের পরিমাণ ১১,০০০ টাকা।

**খ** জনি এন্টারপ্রাইজের মোট সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| অফিস সরঞ্জাম | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | |
| সাপ্লাইজ | ২৫,০০০ | |
| অনাদায়ি সুদ | ৩,০০০ | |
| **মোট** | | **১,৩৮,০০০** |

∴ মোট সম্পদের পরিমাণ ১,৩৮,০০০ টাকা।

**গ** জনি এন্টারপ্রাইজের মোট দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| প্রদেয় কর | ১০,০০০ | |
| পাওনাদার | ৫৫,০০০ | |
| অগ্রিম উপভাড়া | ৮,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ | |
| **মোট** | | **৭৮,০০০** |

∴ মোট দায়ের পরিমাণ ৭৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৭** 'লতিফ ব্রাদার্সের' ২০২২ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

জানুয়ারি ০১ নগদ ২,১০,০০০ টাকা ও ৭০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ০৭ ১০% বাট্টায় খুলনার আজাদ ট্রেডার্সের নিকট প্রতি মিটার ১,১২০ টাকা দরে ২৫০ মিটার কাপড় বিক্রয়। পরিবহণ খরচ ৫০০ টাকা, চালান নং- ২০৮০। শর্ত : ২/১৫ নিট ৩০।
" ১০ ক্রেতার মধ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ১,০০০ টাকা।
" ২২ অফিসের জন্য কাগজ ও কলম ক্রয় ৩,০০০ টাকা।
| মূলধন | ১,০০,০০০ | রপ্তানি শুল্ক | ১৩,৫০০ |
| ব্যাংক উদ্বৃত্ত (১-১-২০২২) | ২০,০০০ | পাওনা | ২৫,০০০ |
| প্রশিক্ষণ ভাতা | ১০,০০০ | বিজ্ঞাপন | ২০,০০০ |
| প্রাপ্ত বাট্টা | ১৫,০০০ | আয়কর | ১০,০০০ |
| পাওনাদার (৩১-১২-২০২২) | ২০,০০০ | ক্রয় | ১,৪০,০০০ |
| বহিঃফেরত | ৫০০ | প্রাপ্ত উপভাড়া | ১৩,০০০ |
| বিক্রয় | ১,৫৫,০০০ | দেনাদার (১-১-২০-২২) | ২২,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ | আসবাবপত্র | ৪০,০০০ |
| সমাপনী ব্যাংক জমা | ১৬,০০০ | কমিশন | ৩,০০০ |

ক. কাব্য ট্রেডার্সের রেওয়ামিলে যে হিসাবের উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না সেগুলোর পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত দ্বারা কাব্য ট্রেডার্সের একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

[সি. বো. ২০২৩]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** যে হিসাবের উদ্বৃত্ত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না সেগুলোর পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| ব্যাংক উদ্বৃত্ত (১-১-২০২২) | ২০,০০০ | |
| দেনাদার (১-১-২০২২) | ২২,০০০ | |
| মোট = | | ৪২,০০০ |

∴ যে হিসাবের উদ্বৃত্ত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ ৪২,০০০ টাকা।

**খ**

কাব্য ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খঃ পৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ১,০০,০০০ |
| ২ | প্রশিক্ষণ ভাতা | | ১০,০০০ | |
| ৩ | প্রাপ্ত বাট্টা | | | ১৫,০০০ |
| ৪ | পাওনাদার (৩১-১২-২০২২) | | | ২০,০০০ |
| ৫ | বহিঃ ফেরত | | | ৫০০ |
| ৬ | বিক্রয় | | | ১,৫৫,০০০ |
| ৭ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| ৮ | সমাপনী ব্যাংক জমা | | ১৬,০০০ | |
| ৯ | রপ্তানি শুল্ক | | ১৩,৫০০ | |
| ১০ | পাওনা | | ২৫,০০০ | |
| ১১ | বিজ্ঞাপন | | ২০,০০০ | |
| ১২ | আয়কর | | ১০,০০০ | |
| ১৩ | ক্রয় | | ১,৪০,০০০ | |
| ১৪ | প্রাপ্ত উপভাড়া | | | ১৩,০০০ |
| ১৫ | আসবাবপত্র | | ৪০,০০০ | |
| ১৬ | কমিশন | | ৩,০০০ | |
| ১৭ | অনিশ্চিত হিসাব | | ১,০০০ | |
| | মোট = | | ৩,০৩,৫০০ | ৩,০৩,৫০০ |

∴ রেওয়ামিলের যোগফল ৩,০৩,৫০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ১০০০ টাকা (ডেবিট)।

**গ** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| ক্রয় | ১,৪০,০০০ | | |
| (−) বহিঃফেরত | (৫০০) | | |
| | | ১,৩৯,৫০০ | |
| প্রশিক্ষণ ভাতা | | ১০,০০০ | |
| রপ্তানি শুল্ক | | ১৩,৫০০ | |
| বিজ্ঞাপন | | ২০,০০০ | |
| কমিশন | | ৩,০০০ | |
| মোট মুনাফা জাতীয় ব্যয় | | | ২,১১,০০০ |

∴ মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২,১১,০০০ টাকা।

# দিনাজপুর বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 6

সময় : ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. ব্যবসায়ের মোট সম্পদের উপর তৃতীয় পক্ষের দাবিকে কী বলে?**
ক আয় খ ব্যয় গ দায় ঘ মালিকানাস্বত্ব

**২. মেশিনারি ব্যবহারের ফলে উদ্ভূত অবচয় কোন ধরনের লেনদেন?**
ক অভ্যন্তরীণ খ বাহ্যিক গ দৃশ্যমান ঘ নগদ

**৩. ভাড়া প্রাপ্তি ৫,০০০ টাকার জন্য নিচের কোন দলিল প্রস্তুত করতে হবে?**
ক চালান খ ক্যাশমেমো
গ ডেবিট ভাউচার ঘ ক্রেডিট ভাউচার

**৪. অনুপার্জিত ভাড়া ২,০০০ টাকা কোন দাখিলার মাধ্যমে হিসাবভুক্ত হয়?**
ক পারম্ভিক দাখিলা খ সমাপনী দাখিলা
গ সমন্বয় দাখিলা ঘ বিপরীত দাখিলা

☐ **উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
পুরাতন মেশিনের কার্যক্ষমতা বৃদ্ধির জন্য নতুন পার্টস ক্রয় ৮০,০০০ টাকা এবং শ্রমিকের মজুরি প্রদান ২০,০০০ টাকা।

**৫. উদ্দীপকের আলোকে কোনটি সঠিক?**
ক মূলধন জাতীয় ব্যয় ২০,০০০ টাকা খ মূলধন জাতীয় ব্যয় ৬০,০০০
গ মূলধন জাতীয় ব্যয় ৮০,০০০ টাকা ঘ মূলধন জাতীয় ব্যয় ১,০০,০০০ টাকা

**৬. উদ্দীপকের ফলে সঠিক হবে–**
i. মূলধন জাতীয় ব্যয় বৃদ্ধি ii. মুনাফা জাতীয় ব্যয় বৃদ্ধি
iii. মুনাফা জাতীয় ব্যয় হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. রাতুলের নিকট পণ্য বিক্রয় ৩০,০০০ টাকার জন্য কোন জাবেদা প্রস্তুত করতে হবে?**
ক নগদ প্রাপ্তি জাবেদা খ বিক্রয় জাবেদা
গ নগদ প্রদান জাবেদা ঘ প্রকৃত জাবেদা

**৮. রাকেশ ব্রাদার্সের নিকট হতে ৩০,০০০ টাকার মেশিনারীজ ক্রয়ের জন্য হিসাব সমীকরণের কোনটি প্রভাবিত হবে?**
ক A বৃদ্ধি A হ্রাস খ A বৃদ্ধি L বৃদ্ধি
গ A বৃদ্ধি E বৃদ্ধি ঘ A বৃদ্ধি L হ্রাস

**৯. প্রতিষ্ঠানের প্রতিটি খাতের ক্রমাগত পরিবর্তন ও নিট পরিমাণ জানার জন্য কোনটি প্রস্তুত করা হয়?**
ক হিসাব খ জাবেদা গ খতিয়ান ঘ রেওয়ামিল

**১০. মূলধন জাতীয় ব্যয় কোনটি?**
ক বেতন প্রদান খ পণ্য ক্রয় গ মেশিন ক্রয় ঘ সুদ প্রদান

**১১. ফাইল কেবিনেট ক্রয় কোন ধরনের হিসাব?**
ক আসবাবপত্র হিসাব খ মনিহারি হিসাব
গ অফিস সাপ্লাইজ হিসাব ঘ অফিস সরঞ্জাম হিসাব

**১২. আগুনে বিনষ্ট পণ্য ২,০০০ টাকা হলে নিচের কোনটি ক্রেডিট হবে?**
ক বিবিধ ক্ষতি খ ক্রয় হিসাব গ নগদান হিসাব ঘ পণ্য হিসাব

**১৩. ক্রয় জাবেদা হতে জানা যায়–**
i. নগদ ক্রয়ের পরিমাণ ii. ধারে ক্রয়ের পরিমাণ iii. প্রদেয় হিসাবের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. শাকিলার নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা। উক্ত লেনদেনের মূল খতিয়ান কোনটি?**
ক প্রদেয় হিসাব খ প্রাপ্য হিসাব
গ শাকিলা হিসাব ঘ বিক্রয় হিসাব

☐ **উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**

মালিহা ট্রেডার্সের বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাবখাত | চালান | সূত্র | প্রাপ্য হিসাব ডেবিট বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| মে ২৮ | খুশি এন্টারপাইজ | – | ✓ | ৮০,০০০ |
| মে ২৫ | মাহি ব্রাদার্স | – | ✓ | ২০,০০০ |
| | | | সর্বমোট = | ১,০০,০০০ |

**১৫. মে ১৮ তারিখের লেনদেনটি নিচের কোনটির আলোকে অন্তর্ভুক্ত হয়েছে?**
ক চালান খ ক্যাশমেমো গ ডেবিট নোট ঘ ক্রেডিট নোট

**১৬. মাহি ব্রাদার্সের বইতে সঠিক জাবেদা কোনটি?**
ক ক্রয় হিসাব ডেবিট মালিহা ট্রেডার্স ক্রেডিট
খ মাহি ব্রাদার্স ডেবিট বিক্রয় হিসাব ক্রেডিট
গ ক্রয় হিসাব ডেবিট মাহি ট্রেডার্স ক্রেডিট
ঘ ক্রয় হিসাব ডেবিট খুশি এন্টারপ্রাইজ ক্রেডিট

**১৭. একতরফা দাখিলার ক্ষেত্রে সঠিক হবে–**
i. মূলধন = সম্পদ –দায় ii. সম্পদ = মূলধন – দায়
iii. দায় = সম্পদ – মূলধন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. মে ১ পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। শর্ত ২/১০, নিট ৩০। ক্রেতা মে মাসে ১২ তারিখে পণ্যের মূল্য পরিশোধ করলে বিক্রেতা কত টাকা পাবে?**
ক ৬০০ টাকা খ ৩,০০০ টাকা
গ ২৯,৪০০ টাকা ঘ ৩০,০০০ টাকা

**১৯. কোনো হিসাবের ডেবিট ও ক্রেডিট টাকার পার্থক্যকে কী বলে?**
ক লাভ খ ক্ষতি
গ উদ্বৃত্ত ঘ সম্পদ

**২০. নিচের কোনটি অলীক সম্পদ?**
ক ব্যবসায়িক ঋণ খ প্রাথমিক খরচ
গ ব্যাংক জমাতিরিক্ত ঘ অনুপার্জিত আয়

**২১. কোন নীতি অনুযায়ী ব্যবসায়ের নির্দিষ্ট কোনো আয়ুস্কাল নেই?**
ক চলমান নীতি খ ব্যবসায়িক সত্তা নীতি
গ রক্ষণশীলতা নীতি ঘ সামঞ্জস্যতা নীতি

**২২. C/D এর পূর্ণরূপ কী?**
ক Cash deposit খ Credit down
গ Carried down ঘ Credit deposit

**২৩. পুরাতন মেশিন বিক্রয় ২০,০০০ টাকা। বিক্রয় হিসাবে লিপিবদ্ধ করার ভুল কোনটি?**
ক করণিক ভুল খ পরিপূরক ভুল
গ নীতিগত ভুল ঘ বাদ পড়ার ভুল

**২৪. জাইফা মেশিনারীজ প্রতিষ্ঠানের মেশিনারীজ বিক্রয়লব্ধ অর্থ–**
ক মূলধন জাতীয় প্রাপ্তি খ মূলধন জাতীয় আয়
গ মুনাফা জাতীয় আয় ঘ মূলধন জাতীয় ক্ষতি

**২৫. নিচের কোনটি রেওয়ামিলের ডেবিট দিকে বসে?**
ক ভাড়া আয় খ কমিশন
গ উত্তোলনের সুদ ঘ ব্যাংক সুদ

**২৬. সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয়ে অন্তর্ভুক্ত হয়–**
i. প্রারম্ভিক মজুদ পণ্য ii. ক্রয় iii. রপ্তানি শুল্ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
রাসেল ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত উদ্বৃত্তগুলো পাওয়া যায়– চলতি সম্পদ ১,৮০,০০০ টাকা, চলতি দায় ১,২০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ৫,০০০ টাকা।

**২৭. উদ্দীপকের আলোকে চলতি অনুপাত কত?**
ক ১.২৪ : ১ খ ১.২৯ : ১ গ ১.৫০ : ১ ঘ ১.৭১ : ১

**২৮. উপর্যুক্ত তথ্যের আলোকে তারল্য অনুপাত কত?**
ক ১.৮৯ : ১ খ ১.২৯ : ১ গ ১.২৪ : ১ ঘ ১.০৩ : ১

**২৯. যেকোনো লেনদেন খতিয়ান হতে সহজে বের করার জন্য জাবেদায় কী লিখা হয়?**
ক তারিখ খ বিবরণ গ খতিয়ান পৃষ্ঠা ঘ ব্যাখ্যা

**৩০. কোনটি বৃদ্ধিতে ব্যবসায়ে মূলধন বাড়বে?**
ক উত্তোলন খ ব্যাংক সুদ গ আয়কর ঘ ব্যাংক চার্জ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (সৃজনশীল) বিষয় কোড 146

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। **ক বিভাগ** হতে দুটি (আবশ্যিক) এবং **খ বিভাগ হতে পাঁচটিসহ** সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক বিভাগ**

১। অনিক ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের অর্জিত মোট মুনাফা ১,৪৫,০০০ টাকা। উক্ত তারিখের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয়সমূহ নিম্নরূপ :

**রেওয়ামিল**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ৮% ব্যাংক ঋণ (১–৫–২০২২) | | ১,২০,০০০ |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| ভাড়া (৮ মাস) | ৪৮,০০০ | |
| নিরীক্ষা ফি | ৯,০০০ | |
| উপভাড়া | | ৮,০০০ |
| যন্ত্রপাতির পুঞ্জীভূত অবচয় | | ১০,০০০ |
| সঞ্চয়পত্র | ৯৬,০০০ | |
| কমিশন | ২,০০০ | ৩,০০০ |
| সঞ্চয়পত্রের সুদ | | ৫,০০০ |
| নিট বিক্রয় | | ২,০৯,০০০ |
| | ৩,৫৫,০০০ | ৩,৫৫,০০০ |

**সমন্বয়সমূহ :**

i. নিরীক্ষা ফি ১,৫০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছিল।
ii. উপভাড়া ১০ মাসের জন্য পাওয়া গেছে।
iii. যন্ত্রপাতির উপর ৫% অবচয় ধরতে হবে।
iv. ২,০০০ টাকার কমিশন অনাদায়ী রয়েছে।

(ক) অনিক ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্য হতে পরিচালন মুনাফা/ক্ষতির পরমাণ নির্ণয় করো। ৪
(গ) পরিচালন মুনাফা ৬৫,০০০ টাকা ধরে অনিক ট্রেডার্সের নিট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

২। ২০২১ সালের ৩০ জুন তারিখে ফারদি এন্টারপ্রাইজের রেওয়ামিলটি নিম্নরূপ :

**ফারদি এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**২০২১ সালের ৩০ জুন**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| দেনাদার | ৪০,০০০ | |
| বিক্রয় | | ১,৬৪,০০০ |
| ক্রয় | ৫০,০০০ | |
| মূলধন | | ১,৪২,০০০ |
| স্টেশনারি | ৮,০০০ | |
| মজুরি | ১৪,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ১,৩০,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৩,০০০ |
| বকেয়া বেতন | | ৩,০০০ |
| পরিবহণ | ১,০০০ | |
| পাওনাদার | | ১০,০০০ |
| বিক্রয় ফেরত | | ১,০০০ |
| সরঞ্জাম | ৮০,০০০ | |
| | ৩,২৩,০০০ | ৩,২৩,০০০ |

**অন্যান্য তথ্য :**

(i) দেনাদারের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের উপর ১০% কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি রাখতে হবে।
(ii) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(iii) অবিক্রীত পণ্যের মূল্যায়ন করা হয়েছে ১৫,০০০ টাকা এবং এর মধ্যে ১,০০০ টাকা মনিহারি মজুদ রয়েছে।

(ক) ফারদি এন্টারপ্রাইজের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপযুক্ত প্রতিষ্ঠানের ৩০ জুন ২০২১ তারিখে মোট মুনাফা বা মোট ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) নিট মুনাফা ১,০৫,৭৫০ টাকা ধরে ফারদি এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**খ বিভাগ**

৩। জনাব জামান তাঁর ব্যবসায়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করেন না। নিম্নোক্ত তথ্যসমূহ তার হিসাব বই থেকে সংগ্রহ করা হয়েছে :

| হিসাবের নাম | ১-১-২০২০ | ৩১-১২-২০২০ |
|---|---|---|
| ব্যাংক জমাতিরিক্ত | | ২০,০০০ |
| নগদ উদ্বৃত্ত | ২০,০০০ | ৬৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | ৩৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৩৫,০০০ | ২৭,০০০ |
| আসবাবপত্র | | ৩০,০০০ |
| ব্যাংক জমা | ১০,০০০ | |
| মজুদ পণ্য | ৬০,০০০ | ৮০,০০০ |

উক্ত সময়ে তিনি প্রতিমাসে নগদ ৫,০০০ টাকা এবং ১,২০০ টাকার পণ্য উত্তোলন করেছিলেন এবং সেই সাথে ব্যবসায়ে নতুন করে আরো ৫৫,০০০ টাকা বিনিয়োগ করেছিলেন।

(ক) উপর্যুক্ত তথের আলোকে প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জনাব জামান এর প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) উক্ত বছরে জনাব জামান এর লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৪। ২০২১ সালের জানুয়ারি মাসে জনাব সুমন 'সাহা এন্টারপ্রাইজ' নামক একটি প্রতিষ্ঠানের যাত্রা শুরু করে। উক্ত মাসে প্রতিষ্ঠানটির কতিপয় লেনদেন নিম্নরূপ :

জানুয়ারি ৩ নগদ ২,৫০,০০০ টাকা মূলধন বিনিয়োগ করে।
" ১০ ৩০,০০০ টাকার দুধ এবং ৪০,০০০ টাকার আসবাবপত্র ধারে ক্রয় করা হয়।
" ১৭ ৮,০০০ টাকা বেতনে ৩ জন কর্মাচরী নিয়োগ করা হয়।
" ২৫ ব্যবসায়ের টাকায় নিজ বাড়িতে একটি পুকুর খনন করা হয় ৭০,০০০ টাকা।
" ২৮ বিনিয়োগের সুদ প্রাপ্তি ১,৫০০ টাকা।
" ৩০ শতাব্দী ট্রেডার্স হতে প্রতি লিটার ২০০ টাকায় ৩০ লিটার সয়াবিন তেল ক্রয়ের জন্য প্রতিশ্রুতিবন্ধ হন।

(ক) উপর্যুক্ত তথ্যের ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত ঘটনাগুলো থেকে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে লেনদেনের কারণসহ ব্যাখ্যা করো। ৪
(গ) মাস শেষে জনাব সুমনের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

৫। জনাব শরীফ ২০২২ সালের ১ ফেব্রুয়ারি নগদ ১,৭০,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকার এবং ১৫,০০০ টাকার ঋণ নিয়ে একটি ফার্নিচারের ব্যবসা শুরু করেন। উক্ত মাসে ব্যবসায় প্রতিষ্ঠানটির অন্যান্য লেনদেন নিম্নরূপ :

ফেব্রুয়ারি ৬ চেকের মাধ্যমে ৮৫,০০০ টাকার কাঠ ক্রয়।
" ১২ ১,০৩,০০০ টাকায় একটি ডাইনিং টেবিল ধারে বিক্রয়।
" ১৪ শোরুম ভাড়া প্রদান ২০,০০০ টাকা।
" ২৫ দেনাদার থেকে নগদ ১৩,০০০ টাকা পাওয়া গেল।

(ক) জনাব শরীফের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জনাব শরীফের ব্যবসায়ে (৬–২৫) তারিখের লেনদেনগুলোর হিসাবের শ্রেণি দেখাও। ৪

(গ) উপর্যুক্ত ব্যবসায়ের হিসাব সমীকরণের উপর ফেব্রুয়ারি ১, ১২, ১৪ ও ২৫ তারিখের লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৬। এক্স ট্রেডার্স এর ব্যবসায়ে ২০২২ সালের মার্চ মাসের নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়েছে :

মার্চ ৩ কামাল ব্রাদার্সের কাছে ৫% বাট্টায় ২৩,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং- ১০০, চালানে বহন খরচ ধরা হয়েছে ১,২০০ টাকা।
" ৫ বাট্টা প্রাপ্তি ১,০০০ টাকা।
" ১৭ কর্মচারীদের ৭,০০০ টাকা অগ্রিম বেতন পরিশোধ।
" ১৮ ৭% বাট্টায় কলির নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা। প্যাকিং চার্জ ৫০০ টাকা।
" ২০ বিনামূল্যে পণ্য বিতরণ ২,৮০০ টাকা।
" ৩০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৩০,০০০ টাকা।

(ক) এক্স ট্রেডার্সের আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

৭। 'কনক ফ্যাশন হাউজ' এর ২০২১ সালের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুলাই ৪ মনিহারি দ্রব্য ক্রয় ১,০০০ টাকা।
" ৫ কক্সবাজার থেকে চট্টগ্রাম সদরে ব্যবসায় স্থানান্তর ব্যয় ২০,০০০ টাকা।
" ৭ বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় ৫০,০০০ টাকা।
" ১৫ আমদানি শুল্ক ১১,০০০ টাকা।
" ১৭ বৈদ্যুতিক জেনারেটর ক্রয় ৮০,০০০ টাকা।
" ২২ শিক্ষানবিশ সেলামি (৪ বছরের) ১২,০০০ টাকা।
" ২৫ জেনারেটর ক্রয়ের পরিবহণ খরচ ৭,০০০ টাকা।
" ২৮ ভাড়া প্রাপ্তি (২ বছরের) ৩০,০০০ টাকা।
" ২৯ জেনারেটর এর সংস্থাপন মজুরি ২৭,০০০ টাকা।

(ক) কনক ফ্যাশন হাউজ এর বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত লেনদেন হতে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের ১৭ তারিখে ক্রীত জেনারেটরটি যদি ১,২০,০০০ টাকায় বিক্রয় করা যায়, তবে মূলধন জাতীয় আয় ও মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

৮। ২০২১ সালের জুন মাসে ঝিকমিক এন্টারপ্রাইজে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়।

জুন ৭ হামিমের নিকট নগদে প্রতি দিস্তা ৩০ টাকা দরে ২০০ দিস্তা কাগজ ও প্রতিটি ১৫ টাকা দরে ৫০টি কলম বিক্রয়। কারবারি বাট্টা ৪%।
" ৮ কুঋণ ধার্য করা হলো ১,০০০ টাকা।
" ১০ ব্যাংক হতে উত্তোলন করা হলো ৪,০০০ টাকা।
" ১৩ শাহেদের নিকট থেকে ১,০৮০ টাকায় ৬ ডজন কলম ক্রয়। কারবারি বাট্টা ২%।
" ১৮ নষ্ট থাকার কারণে শাহেদকে ১০টি কলম ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং- ১০।

(ক) উপর্যুক্ত তথ্যের জুন ৮ ও ১০ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ২
(খ) জুন ৭ তারিখের লেনদেন দ্বারা ঝিকমিক এন্টারপ্রাইজের একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের ১০নং ডেবিট নোটটি প্রস্তুত করো। ৪

৯। শরীফ এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ১,৫০,০০০ |
| আসবাবপত্র | ৪৫,০০০ |
| প্রাথমিক খরচ (৫ বছর) | ৩০,০০০ |
| বন্ধকি ঋণ | ৭৫,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত (০১-০১-২০২১) | ২৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,০০০ |
| বিক্রয় | ৭৭,০০০ |
| বকেয়া বেতন | ৩,০০০ |
| জীবন বিমা প্রিমিয়াম | ৫,০০০ |
| দালানকোঠা | ১,৫০,০০০ |
| পাওনাদার | ৩০,০০০ |
| দেনাদার | ২৫,০০০ |
| ভাড়া | ১০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৩,০০০ |
| আসবাবপত্র বিক্রয়জনিত মুনাফা | ১৪,০০০ |
| ক্রয় | ৩০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২২,০০০ |
| সমাপনী ব্যাংক জমা | ১৬,০০০ |

(ক) শরীফ এন্টারপ্রাইজের রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত তথ্য হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়, মূলধন জাতীয় আয় ও দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) উপর্যুক্ত হিসাবের উদ্বৃত্ত দ্বারা একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

১০। সামি ট্রেডার্সের ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে সম্পদ ও দায়দেনা ছিল নিম্নরূপ :

ব্যাংক উদ্বৃত্ত ৭০,০০০ টাকা, সাধারণ শেয়ারে বিনিয়োগ ৮০,০০০ টাকা, যন্ত্রপাতি ৬০,০০০ টাকা, প্রদেয় বিল ২৫,০০০ টাকা, মূলধন ১,৮৫,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে ব্যবসায়ের নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হয়–

১. বিক্রয়কমিশন প্রদান ৬৫,০০০ টাকা; যার মধ্যে ১৫,০০০ টাকা অগ্রিম প্রদত্ত অন্তর্ভুক্ত রয়েছে।
২. সঞ্চয়পত্রের সুদ ৯,০০০ টাকা অর্জিত হয়েছে কিন্তু এখনও পাওয়া যায়নি।
৩. আসবাবপত্রের অবচয় ৪,০০০ টাকা ধার্য করা হলো।
৪. বেতন প্রদান করা হয়েছে ৩৫,০০০ টাকা এবং বকেয়া রয়েছে ৭,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে বছর শেষে প্রয়োজনীয় সমন্বয়ী জাবেদা দাখিলা দেখাও। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে সামি ট্রেডার্সের প্রকৃত জাবেদায় সমাপনী জাবেদা দাখিলা প্রদান কর। ৪

১১। রূপায়ন স্টোর এর ২০২২ সালের অক্টোবর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

অক্টোবর ২ নগদ ৭৫,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ।
" ৭ মালিক কর্তৃক ব্যবসায়ের ব্যাংক হিসাবে জমা দান ২৭,০০০ টাকা।
" ১১ রবি স্টোর, পাবনা এর কাছে প্রতি কেজি ১২০ টাকা দরে ২০০ কেজি ডাল বিক্রয়। চালান নং- ১২৫১।
" ১৭ নমুনামাফিক না হওয়ায় রবি স্টোর থেকে ৪,০০০ টাকার ডাল ফেরত আসল।
" ২০ বিক্রয় কর্মীকে নগদ ২০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকার চেক প্রদান।
" ২৫ কাজলের নিকট ২০,০০০ টাকার চাল বিক্রয়।
" ২৭ কাজলের কাছে প্রতি লিটার ৬০ টাকা দরে ২০০ লিটার কোমল পানীয় বিক্রয়। চালান নং- ৩০৮।

(ক) রূপায়ন স্টোরের ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে চলমান জের ছকে রূপায়ন স্টোরের সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্য হতে 'T' ছকে' নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** অনিক ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের অর্জিত মোট মুনাফা ১,৪৫,০০০ টাকা। উক্ত তারিখের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয়সমূহ নিম্নরূপ :

**রেওয়ামিল**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ৮% ব্যাংক ঋণ (১-৫-২০২২) | | ১,২০,০০০ |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| ভাড়া (৮ মাস) | ৪৮,০০০ | |
| নিরীক্ষা ফি | ৯,০০০ | |
| উপভাড়া | | ৮,০০০ |
| যন্ত্রপাতির পুঞ্জীভূত অবচয় | | ১০,০০০ |
| সঞ্চয়পত্র | ৯৬,০০০ | |
| কমিশন | ২,০০০ | ৩,০০০ |
| সঞ্চয়পত্রের সুদ | | ৫,০০০ |
| নিট বিক্রয় | | ২,০৯,০০০ |
| | **৩,৫৫,০০০** | **৩,৫৫,০০০** |

**সমন্বয়সমূহ :**

i. নিরীক্ষা ফি ১,৫০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছিল।

ii. উপভাড়া ১০ মাসের জন্য পাওয়া গেছে।

iii. যন্ত্রপাতির উপর ৫% অবচয় ধরতে হবে।

iv. ২,০০০ টাকার কমিশন অনাদায়ি রয়েছে।

ক. অনিক ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে পরিচালন মুনাফা/ক্ষতির পরমাণ নির্ণয় করো। ৪

গ. পরিচালন মুনাফা ৬৫,০০০ টাকা ধরে অনিক ট্রেডার্সের নিট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

[দি. বো. ২০২৩]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** অনিক ট্রেডার্সের বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নিট বিক্রয় | ২,০৯,০০০ | |
| (−) মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | (১,৪৫,০০০) | |
| **বিক্রিত পণ্যের ব্যয়** | | **৬৪,০০০** |

∴ বিক্রিত পণ্যের ব্যয় ৬৪,০০০ টাকা।

**খ**

অনিক ট্রেডার্সের
বিশদ আয় বিবরণী
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ১,৪৫,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| ভাড়া | ৪৮,০০০ | | |
| (+) বকেয়া ভাড়া | ২৪,০০০ | | |
| | | ৭২,০০০ | |
| নিরীক্ষা ফি | ৯,০০০ | | |
| (−) অগ্রিম নিরীক্ষা ফি | (১,৫০০) | | |
| | | ৭,৫০০ | |
| কমিশন প্রদান | | ২,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় (২,০০,০০০ × ৫%) | | ১০,০০০ | |
| | | | (৯১,৫০০) |
| **পরিচালন মুনাফা** | | | **৫৩,৫০০** |

∴ পরিচালন মুনাফা ৫৩,৫০০ টাকা।

**গ**

অনিক ট্রেডার্সের
বিশদ আয় বিবরণী
২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| পরিচালন মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৬৫,০০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| সঞ্চয়পত্রের সুদ | | ৫,০০০ | |
| প্রাপ্ত কমিশন | ৩,০০০ | | |
| (+) অনাদায়ী | ২,০০০ | | |
| | ৮,০০০ | | |
| উপভাড়া | | ৫,০০০ | |
| (+) বকেয়া | ১,৬০০ | | |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | ৯,৬০০ | |
| | | | ১৯,৬০০ |
| ব্যাংক ঋণের সুদ $(১,২০,০০০ \times ৮\% \times \frac{৮}{১২})$ | | | ৮৪,৬০০ |
| | | | (৬,৪০০) |
| **নিট মুনাফা** | | | **৭৮,২০০** |

∴ নিট মুনাফা ৭৮,২০০ টাকা।

**প্রশ্ন ▸ ০২** ২০২১ সালের ৩০ জুন তারিখে ফারদি এন্টারপ্রাইজের রেওয়ামিলটি নিম্নরূপ :

**ফারদি এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**২০২১ সালের ৩০ জুন**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| দেনাদার | ৪০,০০০ | |
| বিক্রয় | | ১,৬৪,০০০ |
| ক্রয় | ৫০,০০০ | |
| মূলধন | | ১,৪২,০০০ |
| স্টেশনারি | ৮,০০০ | |

| | | |
|---|---|---|
| মজুরি | ১৪,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ১,৩০,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৩,০০০ |
| বকেয়া বেতন | | ৩,০০০ |
| পরিবহণ | ১,০০০ | |
| পাওনাদার | | ১০,০০০ |
| বিক্রয় ফেরত | | ১,০০০ |
| সরঞ্জাম | ৮০,০০০ | |
| | **৩,২৩,০০০** | **৩,২৩,০০০** |

**অন্যান্য তথ্য :**

(i) দেনাদারের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের উপর ১০% কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি রাখতে হবে।

(ii) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(iii) অবিক্রীত পণ্যের মূল্যায়ন করা হয়েছে ১৫,০০০ টাকা এবং এর মধ্যে ১,০০০ টাকা মনিহারি মজুদ রয়েছে।

ক. ফারদি এন্টারপ্রাইজের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপযুক্ত প্রতিষ্ঠানের ৩০ জুন ২০২১ তারিখে মোট মুনাফা বা মোট ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নিট মুনাফা ১,০৫,৭৫০ টাকা ধরে ফারদি এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

[দি. বো. ২০২৩]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** ফারদি এন্টারপ্রাইজের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| দোনাদার | ৪০,০০০ | |
| (−) অনাদায়ী দেনা | (২,৫০০) | |
| | ৩৭,৫০০ | |
| (−) সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | (৩৭৫০) | |
| | | **৩৩,৭৫০** |

∴ নিট দেনাদারের পরিমাণ ৩৩,৭৫০ টাকা।

**খ** ফারদি এন্টারপ্রাইজ

বিশদ আয় বিবরণী

২০২১ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১,৬৪,০০০ | |
| (−) বিক্রয় ফেরত | | (১,০০০) | |
| | | | ১,৬৩,০০০ |
| **বাদ : বিক্রিত পণ্যের ব্যয়** | | | |
| ক্রয় | ৫০,০০০ | | |
| (−) পণ্য উত্তোলন | (২,০০০) | ৪৮,০০০ | |
| | | ১৪,০০০ | |
| মজুরি | | ১,০০০ | |
| পরিবহণ | | ৬৩,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ | ১৫,০০০ | | |
| অব্যবহৃত মনিহারি | (১,০০০) | | |
| | | (১৪,০০০) | |
| | | | (৪৯,০০০) |
| **নিট মুনাফা** | | | **১,১৪,০০০** |

∴ নিট মুনাফা ১,১৪,০০০ টাকা।

**গ**

ফারদি এন্টারপ্রাইজ
আর্থিক অবস্থার বিবরণী
২০২১ সালের ৩০ জুন তারিখের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| ভূমি ও দালানকোঠা | | ১,৩০,০০০ | |
| সরঞ্জাম | | ৮০,০০০ | |
| মোট স্থায়ী সম্পদ | | | ২,১০,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| দেনাদার | ৪০,০০০ | | |
| (−) অলিখিত কু ঋণ | (২,৫০০) | | |
| | ৩৭,৫০০ | | |
| (−) সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | (৩,৭৫০) | | |
| | | ৩৩,৭৫০ | |
| অবিক্রিত মজুদ (সমাপনী মজুদ) | | ১৫,০০০ | |
| মোট চলতি সম্পদ | | | ৪৮,৭৫০ |
| মোট সম্পদ | | | **২,৫৮,৭৫০** |
| **মালিকানাস্বত্ব ও দায় :** | | | |
| **মালিকানাস্বত্ব :** | | | |
| মূলধন | | ১,৪২,০০০ | |
| (+) নিট মুনাফা | | ১,০৫,৭৫০ | |
| (−) পণ্য উত্তোলন | | ২,৪৭,৭৫০ | |
| | | (২,০০০) | ২,৪৫,৭৫০ |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | | − |
| − | | | |
| **স্বল্পমেয়াদি দায় :** | | | |
| পাওনাদার | | ১০,০০০ | |
| বকেয়া বেতন | | ৩,০০০ | ১৩,০০০ |
| **মালিকানাস্বত্ব ও মোট দায়** | | | **২,৫৮,৭৫০** |

∴ মালিকানা স্বত্ব ও মোট দায় ২,৫৮,৭৫০ টাকা।

**প্রশ্ন ▶ ০৩** জনাব জামান তাঁর ব্যবসায়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করেন না। নিম্নোক্ত তথ্যসমূহ তার হিসাব বই থেকে সংগ্রহ করা হয়েছে :

| হিসাবের নাম | ১-১-২০২০ | ৩১-১২-২০২০ |
|---|---|---|
| ব্যাংক জমাতিরিক্ত | | ২০,০০০ |
| নগদ উদ্বৃত্ত | ২০,০০০ | ৬৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | ৩৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৩৫,০০০ | ২৭,০০০ |
| আসবাবপত্র | | ৩০,০০০ |
| ব্যাংক জমা | ১০,০০০ | |
| মজুদ পণ্য | ৬০,০০০ | ৮০,০০০ |

উক্ত সময়ে তিনি প্রতিমাসে নগদ ৫,০০০ টাকা এবং ১,২০০ টাকার পণ্য উত্তোলন করেছিলেন এবং সেই সাথে ব্যবসায়ে নতুন করে আরো ৫৫,০০০ টাকা বিনিয়োগ করেছিলেন।

ক. উপর্যুক্ত তথের আলোকে প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব জামান এর প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উক্ত বছরে জনাব জামান এর লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

[দি. বো. ২০২৩]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা |
|---|---|
| নগদ উদ্বৃত্ত | ২০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ |
| ব্যাংক জমা | ১০,০০০ |
| মজুদ পণ্য | ৬০,০০০ |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | **১,৩০,০০০** |

∴ মোট প্রারম্ভিক সম্পদ ১,৩০,০০০ টাকা।

**খ** জনাব জামানের প্রারম্ভিক মূলধন নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ উদ্বৃত্ত | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | |
| ব্যাংক জমা | ১০,০০০ | |
| মজুদ | ৬০,০০০ | |
| | | ১,৩০,০০০ |
| **বাদ : প্রারম্ভিক দায়** | | |
| প্রদেয় হিসাব | | (৩৫,০০০) |
| **প্রারম্ভিক মূলধন** | | **৯৫,০০০** |

∴ প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১,৬৩,০০০ টাকা।

জনাব জামানের সমাপনী মূলধন নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদসমূহ** | | |
| নগদ উদ্বৃত্ত | ৬৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩৫,০০০ | |
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| মজুদ পণ্য | ৮০,০০০ | |
| **বাদ : সমাপনী দায়** | | ২,১০,০০০ |
| প্রদেয় হিসাব | ২৭,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ | |
| | | (৪৭,০০০) |
| **সমাপনী মূলধন** | | **১,৬৩,০০০** |

∴ সমাপনী মূলধন ১,৬৩,০০০ টাকা।

**গ** জনাব জামানের লাভ-ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= {(১,৬৩,০০০ + ৭৪,৪০০) − (৯৫,০০০ + ৫৫,০০০)}
= ২,৩৭,৪০০ − ১,৫০,০০০
= ৮৭,৪০০

∴ লাভ = ৮৭,৪০০ টাকা।

**গণনাকার্য :**

মোট উত্তোলন = নগদ উত্তোলন + পণ্য উত্তোলন
= (৫,০০০ × ১২) + (১,২০০ × ১২)
= ৬০,০০০ + ১৪,৪০০)
= ৭৪,৪০০ টাকা

**প্রশ্ন ▶ ০৪** ২০২১ সালের জানুয়ারি মাসে জনাব সুমন 'সাহা এন্টারপ্রাইজ' নামক একটি প্রতিষ্ঠানের যাত্রা শরু করে। উক্ত মাসে প্রতিষ্ঠানটির কতিপয় লেনদেন নিম্নরূপ :

জানুয়ারি ৩ নগদ ২,৫০,০০০ টাকা মূলধন বিনিয়োগ করে।
" ১০ ৩০,০০০ টাকার দুধ এবং ৪০,০০০ টাকার আসবাবপত্র ধারে ক্রয় করা হয়।
" ১৭ ৮,০০০ টাকা বেতনে ৩ জন কর্মাচরী নিয়োগ করা হয়।
" ২৫ ব্যবসায়ের টাকায় নিজ বাড়িতে একটি পুকুর খনন করা হয় ৭০,০০০ টাকা।
" ২৮ বিনিয়োগের সুদ প্রাপ্তি ১,৫০০ টাকা।
" ৩০ শতাব্দী ট্রেডার্স হতে প্রতি লিটার ২০০ টাকায় ৩০ লিটার সয়াবিন তেল ক্রয়ের জন্য প্রতিশ্রুতিবন্ধ হন।

ক. উপর্যুক্ত তথ্যের ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত ঘটনাগুলো থেকে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে লেনদেনের কারণসহ ব্যাখ্যা করো। ৪
গ. মাস শেষে জনাব সুমনের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

[দি. বো. ২০২৩]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|
| ২০২১ | | |
| জানুয়ারি-১৭ | কর্মচারি নিয়োগ করা হলো (৮০০০ × ৩) | ২৪,০০০ |
| " ৩০ | শতাব্দী ট্রেডার্স হতে প্রতি লিটার ২০০ টাকা করে ৩০ লিটার সয়াবিন তেল ক্রয়ের প্রতিশ্রুতি (৩০ × ২০০) | ৬,০০০ |
| | **মোট** | **৩০,০০০** |

∴ ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনার পরিমাণ ৩০,০০০ টাকা।

**খ** ঘটনাগুলো থেকে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে ব্যাখ্যা :

| তারিখ | লেনদেন কি না | সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০২১ জানুয়ারি-৩ | লেনদেন | মূলধন বিনিয়োগ করায় মালিকানাস্বত্ব (OE) এর বৃদ্ধি ঘটেছে। ফলে হিসাব সমীকরণে A = L + OE এর উপাদান (OE) বৃদ্ধি বা উপর প্রভাব পড়ে। |
| " ১০ | লেনদেন | যেহেতু ধারে ক্রয় করা হয়েছে সেহেতু হিসাবসমীকরণের সম্পদ (A) উপাদান বৃদ্ধি এবং দায় (L) বৃদ্ধি পেয়েছে। এখানে হিসাব সমীকরণে A = L + OE এর A ও L উপর প্রভাব পড়েছে। |
| " ২৫ | লেনদেন | ব্যক্তিগত প্রয়োজনে পুকুর খনন করার ফলে সম্পদ (A) উপাদান হ্রাস এবং মালিকানাস্বত্ব (OE) হ্রাস পেয়েছে। ফলে হিসাব সমীকরণে A = L + OE এর (A) এবং (OE) উপাদানের উপর প্রভাব পড়েছে। |
| " ২৮ | লেনদেন | বিনিয়োগের সুদ প্রাপ্তির ফলে সম্পদ (A) বৃদ্ধি এবং মালিকানাস্বত্ব (OE) বৃদ্ধি পেয়েছে। ফলে হিসাব সমীকরণের A = L + OE এর A ও OE উপাদানের উপর প্রভাব পড়েছে। |

**গ** মাস শেষে জনাব সুমনের স্বতাধিকারের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| জানুয়ারি-৩ | মূলধন আনয়ন | ২,৫০,০০০ | |
| " ১০ | (−) দুধ ক্রয় (৩০,০০০) | (৩০,০০০) | |
| | | ২,২০,০০০ | |
| " ২৫ | (−) পুকুর খনন | (৭০,০০০) | |
| | | ১,৫০,০০০ | |
| " ২৮ | (+) বিনিয়োগের সুদ প্রাপ্তি | ১০,৫০০ | |
| | **মোট স্বত্বাধিকার** | | **১,৬০,৫০০** |

∴ জনাব সুমনের স্বত্বাধিকারে পরিমাণ ১,৬০,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** জনাব শরীফ ২০২২ সালের ১ ফেব্রুয়ারি নগদ ১,৭০,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকার এবং ১৫,০০০ টাকার ঋণ নিয়ে একটি ফার্নিচারের ব্যবসা শুরু করেন। উক্ত মাসে ব্যবসায় প্রতিষ্ঠানটির অন্যান্য লেনদেন নিম্নরূপ :

ফেব্রুয়ারি ৬ চেকের মাধ্যমে ৮৫,০০০ টাকার কাঠ ক্রয়।
” ১২ ১,০৩,০০০ টাকায় একটি ডাইনিং টেবিল ধারে বিক্রয়।
” ১৪ শোরুম ভাড়া প্রদান ২০,০০০ টাকা।
” ২৫ দেনাদার থেকে নগদ ১৩,০০০ টাকা পাওয়া গেল।

ক. জনাব শরীফের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব শরীফের ব্যবসায়ে (৬–২৫) তারিখের লেনদেনগুলোর হিসাবের শ্রেণি দেখাও। ৪
গ. উপর্যুক্ত ব্যবসায়ের হিসাব সমীকরণের উপর ফেব্রুয়ারি ১, ১২, ১৪ ও ২৫ তারিখের লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

[দি. বো. ২০২৩]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব শরীফের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ ফেব্রুয়ারি-১ | নগদ | ১,৭০,০০০ | |
| | আসবাবপত্র | ৪০,০০০ | |
| | **প্রারম্ভিক মূলধন** | | **২,১০,০০০** |

∴ প্রারম্ভিক মূলধনের পরিমাণ ২,১০,০০০ টাকা।

**খ** জনাব শরীফের ব্যবসায়ে (৬–২৫) তারিখের লেনদেনগুলোর হিসাবের শ্রেণি নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট পক্ষ/হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২২ ফেব্রুয়ারি-৬ | ক্রয় হিসাব | ব্যয় হিসাব |
| | ব্যাংক হিসাব | সম্পদ হিসাব |
| ” ১২ | দেনাদার হিসাব | সম্পদ হিসাব |
| | বিক্রয় হিসাব | আয় বা রেভিনিউ হিসাব |
| ” ১৪ | ভাড়া হিসাব | খরচ বা ব্যয় হিসাব |
| | নগদান হিসাব | সম্পদ হিসাব |
| ” ২৫ | নগদান হিসাব | সম্পদ হিসাব |
| | দেনাদার হিসাব | সম্পদ হিসাব |

**গ** হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব বিবরণী ছকে দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদান | দেনাদার | | ঋণ | | | |
| ২০২২ ফেব্রু–১ | | ১,৮৫,০০০ | | = | ১৫,০০০ | + | ২,১০,০০০ | মূলধন আনয়ন |
| | | | | | | | (৪০,০০০) | ক্রয় ব্যয় |
| | উদ্বৃত্ত | ১,৮৫,০০০ | | = | ১৫,০০০ | + | ১,৭০,০০০ | আয় |
| ” ১২ | | | ১,০৩,০০০ | = | | | ১,০৩,০০০ | |
| | উদ্বৃত্ত | ১,৮৫,০০০ | ১,০৩,০০০ | = | ১৫,০০০ | | ২,৭৩,০০০ | |
| ” ১৪ | | (২০,০০০) | | | | + | (২০,০০০) | ভাড়া ব্যয় |
| | উদ্বৃত্ত | ১,৬৫,০০০ | ১,০৩,০০০ | = | ১৫,০০০ | + | ২,৫৩,০০০ | |
| ” ২৫ | | ১৩,০০০ | (১৩,০০০) | | | | | |
| | উদ্বৃত্ত | ১,৭৮,০০০ | ৯০,০০০ | = | ১৫,০০০ | + | ২,৫৩,০০০ | |
| | মোট | ২,৬৮,০০০ | | | ২,৬৮,০০০ | | | |

∴ হিসাব সমীকরণের যোগফল ২,৬৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** এক্স ট্রেডার্স এর ব্যবসায়ে ২০২২ সালের মার্চ মাসের নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়েছে :

মার্চ ৩ কামাল ব্রাদার্সের কাছে ৫% বাট্টায় ২৩,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং- ১০০, চালানে বহন খরচ ধরা হয়েছে ১,২০০ টাকা।

" ৫ বাট্টা প্রাপ্তি ১,০০০ টাকা।

" ১৭ কর্মাচরীদের ৭,০০০ টাকা অগ্রিম বেতন পরিশোধ।

" ১৮ ৭% বাট্টায় কলির নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা। প্যাকিং চার্জ- ৫০০ টাকা।

" ২০ বিনামূল্যে পণ্য বিতরণ ২,৮০০ টাকা।

" ৩০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৩০,০০০ টাকা।

ক. এক্স ট্রেডার্সের আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

[দি. বো. ২০২৩]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** এক্স ট্রেডার্সের আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| মার্চ-৩ | চালানের বহন খরচ | ১,২০০ | |
| " ১৮ | প্যাকিং চার্জ | ৫০০ | |
| | **মোট আনুষঙ্গিক খরচ** | | **১,৭০০** |

∴ মোট আনুষঙ্গিক খরচ = ১,৭০০ টাকা।

**খ**

এক্স ট্রেডার্স

বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নং | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| মার্চ–৩ | কামাল ব্রাদার্স [গণনাকার্য-০১] | ১০০ | ✓ | ২৩,০৫০ |
| " ১৮ | কলি হিসাব (দেনাদার) [গণনাকার্য-০২] | – | ✓ | ৯,৮০০ |
| | | | | **৩২,৮৫০** |

**গণনাকার্য :**

| | | |
|---|---|---|
| ১। **কামাল ব্রাদার্স** | = | ২৩,০০০ |
| বাদ : কারবারি বাট্টা ৫% | = | ১,১৫০ |
| | | ২১,৮৫০ |
| যোগ : বহন খরচ | | ১,২০০ |
| | | ২৩,০৫০ |
| ২। **কলির নিকট বিক্রয়** | = | ১০,০০০ |
| (−) কারবারি বাট্টা ৭% | = | ৭০০ |
| | | ৯,৩০০ |
| (+) প্যাকিং চার্জ | | ৫০০ |
| | | ৯,৮০০ |

**খ** এক্স ট্রেডার্সের

সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ইং | | | | | |
| মার্চ–০৫ | পাওনাদার হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | প্রাপ্ত বাট্টা হিসাব | ক্রেডিট | | | ১,০০০ |
| | [বাট্টা পাওয়া গেলো] | | | | |
| " ১৭ | অগ্রিম বেতর হিসাব | ডেবেট | | ৭,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৭,০০০ |
| | [অগ্রিম বেতন প্রদান করা হলো] | | | | |
| " ২০ | বিজ্ঞাপন হিসাব | ডেবিট | | ২,৮০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ২,৮০০ |
| | [পণ্য বিতরণ করা হলো] | | | | |
| " ৩০ | নগদান হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | পুরাতন আসবাবপত্র হিসাব | ক্রেডিট | | | ৩০,০০০ |
| | [আসবাবপত্র বিক্রয় করা হলো | | | | |
| | | মোট | | ৪০,৮০০ | ৪০,৮০০ |

∴ জাবেদার যোগফল ৪০,৮০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৭** 'কনক ফ্যাশন হাউজ' এর ২০২১ সালের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুলাই ৪ মনিহারি দ্রব্য ক্রয় ১,০০০ টাকা।
" ৫ কক্সবাজার থেকে চট্টগ্রাম সদরে ব্যবসায় স্থানান্তর ব্যয় ২০,০০০ টাকা।
" ৭ বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় ৫০,০০০ টাকা।
" ১৫ আমদানি শুল্ক ১১,০০০ টাকা।
" ১৭ বৈদুতিক জেনারেটর ক্রয় ৮০,০০০ টাকা।
" ২২ শিক্ষানবিশ সেলামি (৪ বছরের) ১২,০০০ টাকা।
" ২৫ জেনারেটর ক্রয়ের পরিবহণ খরচ ৭,০০০ টাকা।
" ২৮ ভাড়া প্রাপ্তি (২ বছরের) ৩০,০০০ টাকা।
" ২৯ জেনারেটর এর সংস্থাপন মজুরি ২৭,০০০ টাকা।

ক. কনক ফ্যাশন হাউজ এর বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেন হতে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ১৭ তারিখে ক্রীত জেনারেটরটি যদি ১,২০,০০০ টাকায় বিক্রয় করা যায়, তবে মূলধন জাতীয় আয় ও মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

[দি. বো. ২০২৩]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** কনক ফ্যাশন হাউজের বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| জুলাই-৫ | কক্সবাজার থেকে চট্টগ্রামে ব্যবসায় স্থানান্তর ব্যয় | ২০,০০০ | |
| " ৭ | বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় | ৫০,০০০ | |
| | মোট বিলম্বিত ব্যয় | | ৭০,০০০ |

∴ মোট বিলম্বিত ব্যয় ৭০,০০০ টাকা।

**খ** উপর্যুক্ত লেনদেন হতে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| | **মুনাফা জাতীয় আয় :** | | |
| জুলাই-২২ | শিক্ষানবিশ সেলামি | ১২,০০০ | |
| | বাদ : অগ্রিম (১২,০০০ × $\frac{৩}{৪}$) | (৯,০০০) | |
| | | | ৩,০০০ |
| " ২৮ | ভাড়া প্রাপ্তি | ৩০,০০০ | |
| | বাদ : অগ্রিম (৩০,০০০ × $\frac{১}{২}$) | (১৫,০০০) | ১৫,০০০ |
| | **মোট মুনাফা জাতীয় আয়** | | **১৮,০০০** |
| | **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| জুলাই-৪ | মনিহারি দ্রব্য ক্রয় | ১,০০০ | |
| " ১৫ | আমদানি শুল্ক | ১১,০০০ | |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | **১২ ,০০০** |

∴ মোট মুনাফা জাতীয় আয় ১৮,০০০ টাকা এবং মুনাফা জাতীয় ব্যয় ১২,০০০ টাকা।

**গ** ক্রীত জেনারেটর ১,২০,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| | **মূলধন জাতীয় প্রাপ্তি :** | | |
| জুলাই-১৭ | বৈদ্যুতিক জেনারেটর বিক্রয় বাবদ প্রাপ্তি | | ১,২০,০০০ |
| | **জেনারেটরের বিক্রয়মূল্য** | | ১,২০,০০০ |
| | বাদ : জেনারেটরের অর্জন মূল্য | | |
| " ১৭ | বৈদ্যুতিক জেনারেটর ক্রয় | ৮০,০০০ | |
| " ২৫ | জেনারেটর ক্রয়ের বহন খরচ বা পরিবহণ খরচ | ৭,০০০ | |
| " ২৯ | জেনারেটর সংস্থাপন মজুরি | ২৭,০০০ | |
| | | | (১,১৪,০০০) |
| | **মূলধন জাতীয় আয়** | | **৬,০০০** |

∴ মূলধন জাতীয় আয় ৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৮** ২০২১ সালের জুন মাসে ঝিকমিক এন্টারপ্রাইজে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়।

জুন ৭ হামিমের নিকট নগদে প্রতি দিস্তা ৩০ টাকা দরে ২০০ দিস্তা কাগজ ও প্রতিটি ১৫ টাকা দরে ৫০টি কলম বিক্রয়। কারবারি বাট্টা ৪%।

" ৮ কুঋণ ধার্য করা হলো ১,০০০ টাকা।

" ১০ ব্যাংক হতে উত্তোলন করা হলো ৪,০০০ টাকা।

" ১৩ শাহেদের নিকট থেকে ১,০৮০ টাকায় ৬ ডজন কলম ক্রয়। কারবারি বাট্টা ২%।

" ১৮ নষ্ট থাকার কারণে শাহেদকে ১০টি কলম ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং- ১০।

ক. উপর্যুক্ত তথ্যের জুন ৮ ও ১০ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ২

খ. জুন ৭ তারিখের লেনদেন দ্বারা ঝিকমিক এন্টারপ্রাইজের একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ১০নং ডেবিট নোটটি প্রস্তুত করো। ৪

[দি. বো. ২০২৩]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক**

ঝিকমিক এন্টারপ্রাইজ
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২১ | | | | | |
| জুন-০৮ | কুঋণ হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | দেনাদার হিসাব | ক্রেডিট | | | ১,০০০ |
| | [কুঋণ ধার্য করা হলো] | | | | |
| " ১০ | নগদান হিসাব | ডেবিট | | ৪,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৪,০০০ |
| | [ব্যাংক হতে উত্তোলন] | | | | |
| | | মোট | | ৫,০০০ | ৫,০০০ |

∴ ঝিকমিক এন্টারপ্রাইজের সাধারণ জাবেদা ৫,০০০ টাকা।

**খ** প্রশ্নে প্রদত্ত তথ্য থেকে ক্যাশমেমো প্রস্তুত করা হলো :

ভাউচার নম্বর : **ঝিকমিক এন্টারপ্রাইজ** তারিখ : ৭ জুন, ২০২১

**ক্যাশমেমো**

ক্রেতার নাম : হামিম
ঠিকানা :

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | **কাগজ বিক্রয় :** প্রতি দিস্তা ৩০ টাকা করে ২০০ দিস্তা কাগজ | ৩০ | ২০০ | ৬,০০০ |
| ২. | **কলম বিক্রয় :** প্রতিটি ১৫ টাকা করে ৫০টি কলম | ১৫ | ৫০ | ৭৫০ |
| | | | | ৬,৭৫০ |
| | **বাদ :** কারবারি বাট্টা ৪% | | | (২৭০) |
| | | | | **৬,৪৮০** |

**টাকা (কথায়) :** ছয় হাজার চারশত আশি টাকা মাত্র।

..................................................        ..................................................
ক্রেতার স্বাক্ষর        বিক্রেতার স্বাক্ষর

**গ** ঝিকমিক এন্টারপ্রাইজের ডেবিট নোট প্রস্তুত :

ডেবিট নোট : ১০ **ঝিকমিক এন্টারপ্রাইজ** তারিখ : ১৮ জুন, ২০২১
ঠিকানা : ...............

প্রাপকের নাম : শাহেদ **ডেবিট নোট**

ঠিকানা :

সূত্র/ক্রয়/চালান নম্বার : .......... /১৩ জুন, ২০২১

| ক্রমিক নং | মালের বিবরণ ও ফেরতের কারণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | প্রতি ১৫ টাকা করে ১০টি কলম না থাকার কারণে ফেরত দেওয়া হলো এবং ফেরত মূল্য দ্বারা আপনাদের ডেবিট করা হলো। | ১৫০ |
| | বাদ : কারবারি বাট্টা (২%) | (৩) |
| | | ১৪৭ |

**টাকা (কথায়) :** একশত সাতচল্লিশ টাকা মাত্র।

..................................................
ক্রয় ব্যবস্থাপক

**প্রশ্ন ▶ ০৯** শরীফ এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ১,৫০,০০০ |
| আসবাবপত্র | ৪৫,০০০ |
| প্রাথমিক খরচ (৫ বছর) | ৩০,০০০ |
| বন্ধকি ঋণ | ৭৫,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত (০১-০১-২০২১) | ২৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,০০০ |
| বিক্রয় | ৭৭,০০০ |
| বকেয়া বেতন | ৩,০০০ |
| জীবন বিমা প্রিমিয়াম | ৫,০০০ |
| দালানকোঠা | ১,৫০,০০০ |
| পাওনাদার | ৩০,০০০ |
| দেনাদার | ২৫,০০০ |
| ভাড়া | ১০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৩,০০০ |
| আসবাবপত্র বিক্রয়জনিত মুনাফা | ১৪,০০০ |
| ক্রয় | ৩০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২২,০০০ |
| সমাপনী ব্যাংক জমা | ১৬,০০০ |

ক. শরীফ এন্টারপ্রাইজের রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়, মূলধন জাতীয় আয় ও দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত হিসাবের উদ্বৃত্ত দ্বারা একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

[দি. বো. ২০২৩]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যাংক উদ্বৃত্ত (০১-০১-২০২১) | ২৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য (৩১-১২-২১) | ২২,০০০ | |
| **মোট** | | **৪৭,০০০** |

∴ রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ ৪৭,০০০ টাকা।

**খ** শরীফ এন্টারপ্রাইজের বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ও মূলধন জাতীয় আয় এবং দীর্ঘমেয়াদি দায় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৩,০০০ | |
| প্রাথমিক খরচ | ২৪,০০০ | |
| **মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | **২৭,০০০** |
| **মূলধন জাতীয় আয় :** | | |
| আসবাবপত্র বিক্রয়জনিত মুনাফা | ১৪,০০০ | |
| | | ১৪,০০০ |
| **মোট মূলধন জাতীয় আয়** | | **১৪,০০০** |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | |
| বন্ধকি ঋণ | ৭৫,০০০ | |
| | | ৭৫,০০০ |
| **মোট দীর্ঘমেয়াদি দায়** | | **৭৫,০০০** |

∴ মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ২৭,০০০ টাকা ও মূলধন জাতীয় আয় ১৪,০০০ টাকা এবং দীর্ঘমেয়াদি দায় ৭৫,০০০ টাকা।

গ

শরীফ এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | – | ১,৫০,০০০ |
| ২ | আসবাবপত্র | | ৪৫,০০০ | |
| ৩ | প্রাথমিক খরচ (৫ বছর) | | ৩০,০০০ | |
| ৪ | বন্ধকি ঋণ | | – | ৭৫,০০০ |
| ৫ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩৫,০০০ | |
| ৬ | বিক্রয় | | | ৭৭,০০০ |
| ৭ | বকেয়া বেতন | | | ৩,০০০ |
| ৮ | জীবন বিমা প্রিমিয়াম | | ৫,০০০ | |
| ৯ | দালানকোঠা | | ১,৫০,০০০ | |
| ১০ | পাওনাদার | | – | ৩০,০০০ |
| ১১ | দেনাদার | | ২৫,০০০ | |
| ১২ | ভাড়া | | ১০,০০০ | |
| ১৩ | বিলম্বিত বিজ্ঞাপন | | ৩,০০০ | |
| ১৪ | আসবাবপত্র বিক্রয়জনিত মুনাফা | | – | ১৪,০০০ |
| ১৫ | ক্রয় | | ৩০,০০০ | |
| ১৬ | সমাপনী ব্যাংক জমা | | ১৬,০০০ | |
| | মোট = | | ৩,৪৯,০০০ | ৩,৪৯,০০০ |

∴ শরীফ এন্টারপ্রাইজের রেওয়ামিলের যোগফল ৩,৪৯,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** সামি ট্রেডার্সের ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে সম্পদ ও দায়দেনা ছিল নিম্নরূপ :
ব্যাংক উদ্বৃত্ত ৭০,০০০ টাকা, সাধারণ শেয়ারে বিনিয়োগ ৮০,০০০ টাকা, যন্ত্রপাতি ৬০,০০০ টাকা, প্রদেয় বিল ২৫,০০০ টাকা, মূলধন ১,৮৫,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে ব্যবসায়ের নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হয়–

১. বিক্রয়কমিশন প্রদান ৬৫,০০০ টাকা; যার মধ্যে ১৫,০০০ টাকা অগ্রিম প্রদত্ত অন্তর্ভুক্ত রয়েছে।
২. সঞ্চয়পত্রের সুদ ৯,০০০ টাকা অর্জিত হয়েছে কিন্তু এখনো পাওয়া যায়নি।
৩. আসবাবপত্রের অবচয় ৪,০০০ টাকা ধার্য করা হলো।
৪. বেতন প্রদান করা হয়েছে ৩৫,০০০ টাকা এবং বকেয়া রয়েছে ৭,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে বছর শেষে প্রয়োজনীয় সমন্বয়ী জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে সামি ট্রেডার্সের প্রকৃত জাবেদায় সমাপনী জাবেদা দাখিলা প্রদান কর। ৪

[দি. বো. ২০২৩]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক জাবেদা নির্ণয় :

সামি ট্রেডার্স
প্রকৃত জাবেদা (প্রারম্ভিক জাবেদা)

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২১ইং | | | | | |
| জানুয়ারি–০১ | ব্যাংক হিসাব | ডেবিট | | ৭০,০০০ | |
| | বিনিয়োগ হিসাব | ডেবিট | | ৮০,০০০ | |
| | যন্ত্রপাতি হিসাব | ডেবিট | | ৬০,০০০ | |
| | প্রদেয় বিল হিসাব | ক্রেডিট | | | ২৫,০০০ |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ১,৮৫,০০০ |
| | [সম্পদ, দায় ও মালিকানাস্বত্ব নিয়ে প্রারম্ভিক দাখিলা দেওয়া হলো] | | | | |
| | মোট | | | ২,১০,০০০ | ২,১০,০০০ |

∴ প্রারম্ভিক জাবেদার যোগফল ২,১০,০০০ টাকা।

**খ** সামি ট্রেডার্সের

প্রকৃত জাবেদা (সমন্বয় জাবেদা)

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২১ | | | | | |
| ডিসেম্বর–০১ | কমিশন অগ্রিম হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | কমিশন হিসাব | ক্রেডিট | | | ১৫,০০০ |
| | [কমিশন অগ্রিম প্রদান করা হলো] | | | | |
| " ৩১ | প্রাপ্য সঞ্চয়পত্রের সুদ হিসাব | ডেবেট | | ৯,০০০ | |
| | সঞ্চয়পত্রের সুদ হিসাব | ক্রেডিট | | | ৯,০০০ |
| | [সঞ্চয়পত্রের সুদ পাওয়া যায়নি] | | | | |
| " ৩১ | অবচয় হিসাব | ডেবেট | | ৪,০০০ | |
| | পুঞ্জিভূত অবচয় হিসাব | ক্রেডিট | | | ৪,০০০ |
| | [অবচয় ধার্য করা হলো] | | | | |
| " ৩১ | বেতন হিসাব | ডেবেট | | ৭,০০০ | |
| | বকেয়া বেতন হিসাব | ক্রেডিট | | | ৭,০০০ |
| | [বেতন বকেয়া রয়েছে] | | | | |
| | | মোট | | ৩৫,০০০ | ৩৫,০০০ |

∴ সামি ট্রেডার্সের সমন্বয় জাবেদার যোগফল ৩৫,০০০ টাকা।

**গ** সামি ট্রেডার্সের সমাপনী জাবেদা প্রস্তুত :

সামি ট্রেডার্সের

প্রকৃত জাবেদা (সমাপনী জাবেদা)

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২১ | | | | | |
| ডিসেম্বর–৩১ | সঞ্চয়পত্রের সুদ হিসাব | ডেবিট | | ৯,০০০ | |
| | আয় বিবরণী | ক্রেডিট | | | ৯,০০০ |
| | [সঞ্চয়পত্রের সুদ হিসাব উদ্বৃত্ত আয় বিবরীতে ঋণাত্মক করা হলো] | | | | |
| " ৩১ | আয় বিবরণী হিসাব | ডেবিট | | ৯৬,০০০ | |
| | কমিশন হিসাব (৬৬,০০০ − ১৫,০০০) | ক্রেডিট | | | ৫০,০০০ |
| | অবচয় হিসাব | ক্রেডিট | | | ৪,০০০ |
| | বেতন হিসাব | ক্রেডিট | | | ৪২,০০০ |
| | [কমিশন, অবচয়, বেতন আয় বিবরণী স্থানান্তরের মাধ্যমে বন্ধ করা হলো] | | | | |
| | | মোট | | ১,০৫,০০০ | ১,০৫,০০০ |

∴ ট্রেডার্সের সমাপনী জাবেদা **১,০৫,০০০ টাকা।**

**প্রশ্ন ▸ ১১** রূপায়ন স্টোর এর ২০২২ সালের অক্টোবর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

অক্টোবর ২ নগদ ৭৫,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ।

" ৭ মালিক কর্তৃক ব্যবসায়ের ব্যাংক হিসাবে জমা দান ২৭,০০০ টাকা।

" ১১ রবি স্টোর, পাবনা এর কাছে প্রতি কেজি ১২০ টাকা দরে ২০০ কেজি ডাল বিক্রয়। চালান নং- ১২৫১।

" ১৭ নমুনামাফিক না হওয়ায় রবি স্টোর থেকে ৪,০০০ টাকার ডাল ফেরত আসল।

" ২০ বিক্রয় কর্মীকে নগদ ২০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকার চেক প্রদান।

" ২৫ কাজলের নিকট ২০,০০০ টাকার চাল বিক্রয়।

" ২৭ কাজলের কাছে প্রতি লিটার ৬০ টাকা দরে ২০০ লিটার কোমল পানীয় বিক্রয়। চালান নং- ৩০৮।

ক. রূপায়ন স্টোরের ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে চলমান জের ছকে রূপায়ন স্টোরের সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্য হতে 'T' ছকে' নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

[দি. বো. ২০২৩]

## ১১নং প্রশ্নের সমাধান

**ক**

রূপায়ন স্টোর

ব্যাংক হিসাব — হিসাবের কোড নং : ............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| অক্টোবর−৭ | মূলধন হিসাব | | ২৭,০০০ | | ২৭,০০০ | |
| " ২০ | বেতন হিসাব | | | ১৫,০০০ | ১২,০০০ | |

∴ ব্যাংক হিসাবের ডেবিট জের ১২,০০০ টাকা।

**খ**

রূপায়ন স্টোর

সহকারী খতিয়ান (চলমান জের ছক)

রবি স্টোর হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| অক্টোবর−৭ | বিক্রয় হিসাব | | ২৪,০০০ | | ২৪,০০০ | |
| " ২০ | বিক্রয় ফেরত হিসাব | | | ৪,০০০ | ২০,০০০ | |

কাজল হিসাব — হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| অক্টোবর−২৫ | বিক্রয় হিসাব | | ২০,০০০ | | ২০,০০০ | |
| " ২৭ | বিক্রয় হিসাব | | ১২,০০০ | | ৩২,০০০ | |

∴ রবি স্টোর হিসাবের ডেবিট উদ্বৃত্ত ২০,০০০ টাকা এবং কাজল হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৩২,০০০ টাকা।

**গ** উপর্যুক্ত তথ্য হতে 'T' ছকে নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত করা হলো :

রূপায়ন স্টোর

ডেবিট — নগদান হিসাব (T ছক পদ্ধতি) — ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ইং | | | | ২০২২ইং | | | |
| অক্টোবর-২ | মূলধন হিসাব | | ৭৫,০০০ | অক্টোবর-৭ | ব্যাংক হিসাব | | ২৭,০০০ |
| | | | | " ২০ | দেনাদার (বিক্রয়কর্মী) | | ২০,০০০ |
| | | | ৭৫,০০০ | " ৩১ | ব্যালেন্স C/D | | ২৮,০০০ |
| নভেম্বর-১ | ব্যালেন্স B/D | | ২৮,০০০ | | | | ৭৫,০০০ |

রূপায়ন স্টোর

ডেবিট — মূলধন হিসাব (T-ছক পদ্ধতি) — ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ইং | | | | ২০২২ইং | | | |
| অক্টোবর-৩১ | ব্যালেন্স C/D | | ১,০২,০০০ | অক্টোবর-২ | নগদান হিসাব | | ৭৫,০০০ |
| | | | ১,০২,০০০ | " ৭ | ব্যাংক হিসাব | | ২৭,০০০ |
| | | | | | | | ১,০২,০০০ |
| | | | | নভেম্বর-০১ | ব্যালেন্স B/D | | ১,০২,০০০ |

∴ নগদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত ২৮,০০০ টাকা এবং মূলধন হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ১,০২,০০০ টাকা।

# ময়মনসিংহ বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 6

সময় : ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য কতটি?**
ক ৫টি খ ৭টি গ ৯টি ঘ ১১টি

**২. কত খ্রিস্টাব্দে দু'তরফা দাখিলা পদ্ধতির উৎপত্তি হয়?**
ক ১৪৯১ খ্রিস্টাব্দ খ ১৪৯২ খ্রিস্টাব্দ
গ ১৪৯৩ খ্রিস্টাব্দ ঘ ১৪৯৪ খ্রিস্টাব্দ

**৩. দু'তরফা দাখিলা পদ্ধতিতে–**
i. সুবিধা গ্রহণকারী ডেবিট ii. সুবিধা গ্রহণকারী ক্রেডিট
iii. সুবিধা প্রদানকারী ক্রেডিট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪. কোনটি মুনাফা জাতীয় আয়?**
ক বিনিয়োগের সুদ খ বিমা খরচ পরিশোধ
গ পণ্য ক্রয় ঘ গাড়ি বিক্রিয়

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
নগদ ১,০০,০০০ টাকা ও ৭৫,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো।

**৫. মূলধনের পরিমাণ কত হবে?**
ক ১,০০,০০০ টাকা খ ৭৫,০০০ টাকা
গ ২৫,০০০ টাকা ঘ ১,৭৫,০০০ টাকা

**৬. উপরিউক্ত পরিস্থিতিতে ব্যবসায়ের কী বৃদ্ধি পাবে?**
ক চলতি দায় খ দীর্ঘমেয়াদি দায়
গ মালিকানাস্বত্ব ঘ উত্তোলন

**৭. প্রকৃত জাবেদার আওতাভুক্ত কোনটি?**
ক বিক্রয় জাবেদা খ সমন্বয় জাবেদা
গ ক্রয় জাবেদা ঘ উত্তোলন

**৮. ক্যাশমেমো সাধারণত কত সেট তৈরি করা হয়?**
ক এক খ দুই গ তিন ঘ চার

**৯. কোনটি নগদ প্রাপ্তি জাবেদায় দেখাতে হয়?**
ক নগদে পণ্য ক্রয় খ নগদে পণ্য বিক্রয়
গ ধারে পণ্য বিক্রয় ঘ ঐশীর নিকট বিক্রয়

**১০. Brought forward অর্থ কী?**
ক নিচে নীত খ সম্মুখে নীত
গ উপর থেকে আনীত ঘ পেছন থেকে আনীত

**১১. নির্দিষ্ট সময়ের শেষে হিসাবের জের লেখার সময় কী লেখা হয়?**
ক C/D খ B/D গ B/F ঘ C/O

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
আলী হোসেন ২০২২ সালের ১ জুলাই ৮% হারে ওয়ান ব্যাংক থেকে ২,০০,০০০ টাকা ঋণ নেন। এছাড়াও তিনি ৫% হারে ৫০,০০০ টাকা বিনিয়োগ করেন। তিনি ঋণের সুদ পরিশোধ করলেও এখনো বিনিয়োগের সুদ পাননি।

**১২. আলী হোসেন রেওয়ামিলের ক্রেডিট দিকে কোনটি হিসাবভুক্ত করবেন?**
ক ঋণের সুদ হিসাব খ ঋণ হিসাব
গ বিনিয়োগের প্রাপ্য সুদ হিসাব ঘ বিনিয়োগ হিসাব

**১৩. আলী হোসেন ডেবিট দিকে হিসাবভুক্ত করবেন–**
i. ঋণ হিসাব ii. ঋণের সুদ হিসাব iii. বিনিয়োগের প্রাপ্য সুদ হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. কোনটি অনুসারে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়?**
ক IAS-01 খ IAS-06 গ IAS-07 ঘ IAS-16

**১৫. ক্রয় ফেরতের জন্য তৈরি করা হয়–**
ক ডেবিট নোট খ ক্রেডিট নোট
গ ডেবিট ভাউচার ঘ ক্রেডিট ভাউচার

**১৬. নগদ উত্তোলনের ফলে কোনটি হ্রাস পায়?**
ক সম্পদ খ আয় গ দায় ঘ ব্যয়

**১৭. মূলধন জাতীয় ব্যয়ের ফলে–**
i. সম্পদ অর্জিত হয় ii. সম্পদের মূল্য বৃদ্ধি পায় iii. প্রতিষ্ঠানের অর্থসংস্থান হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. কখন সংশ্লিষ্ট হিসাব খাত ক্রেডিট হয়?**
ক সম্পদ বৃদ্ধি পেলে খ দায় হ্রাস পেলে
গ আয় হ্রাস পেলে ঘ ব্যয় হ্রাস পেলে

**১৯. ১০,০০০ টাকা পাওয়ার পূর্ণনিষ্পত্তিতে ৯,৫০০ টাকা পাওয়া গেল। এখানে কোন হিসাব ডেবিট হবে?**
ক প্রাপ্ত বাট্টা খ দেনাদার গ প্রদত্ত বাট্টা ঘ পাওনাদার

**২০. কোনটি ক্রয় জাবেদার কলামে অন্তর্ভুক্ত হবে?**
ক ডেবিট টাকা খ চালান নম্বর
গ ক্রেডিট টাকা ঘ জা. পৃ.

**২১. জনাব সুমন একজন ব্যবসায়ী। পণ্য ক্রয়কালে তার সংঘটিত খরচগুলো হতে পারে–**
i. আন্তঃপরিবহণ খরচ ii. বহিঃপরিবহণ খরচ iii. আমদানি শুল্ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. মিঃ রফিক নামের একজন দেনাদার দেউলিয়া ঘোষিত হওয়ায় তার কাছে পাওয়া ২০,০০০ টাকার ২৫% আদায় হবে। উক্ত ঘটনা দ্বারা–**
i. কুঋণ বাবদ ব্যয় ১৫,০০০ টাকা
ii. মিঃ রফিকের কাছ থেকে পাওয়া যাবে ৫,০০০ টাকা
iii. হিসাব সমীকরণের A ও E উপাদান হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৩. পরিপূরক ভুলকে অন্য কী নামে অভিহিত করা হয়?**
ক নীতিগত ভুল খ লিখার ভুল
গ স্বয়ংসংশোধক ভুল ঘ বাদ পড়ার ভুল

**২৪. আর্থিক অবস্থার বিবরণীর ইংরেজি রূপ কোনটি?**
ক Statement of Financial Position খ Statement of Changes in Equity
গ Statement of Comprehensive Income ঘ Financial Statement

**২৫. ব্যক্তিগত প্রয়োজনে নগদ অর্থ উত্তোলন করা হলো। ফলে হিসাব সমীকরণের–**
i. A হ্রাস পাবে ii. E হ্রাস পাবে iii. L হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. কোনটি বিক্রয় জাবেদায় লেখা হয়?**
ক ধারে বিক্রয় খ নগদে বিক্রয়
গ মুনাফাবিহীন বিক্রয় ঘ সম্পত্তি বিক্রয়

**২৭. আয় বৃদ্ধি পায় কোনটির ফলে?**
ক নগদে পণ্য বিক্রয় খ পণ্য ক্রয়
গ ব্যাংকে জমাদান ঘ আসবাবপত্র ক্রয়

**২৮. বিজ্ঞাপন খরচ ৫ বছরের জন্য এককালীন পরিশোধ। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে–**
i. মূলধন জাতীয় ব্যয় ii. মুনাফা জাতীয় ব্যয় iii. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৯. অফিসের জন্য ক্যালকুলেটর ক্রয় করলে কোন হিসাবে ডেবিট হবে?**
ক মনিহারি হিসাব খ অফিস সাপ্লাইজ হিসাব
গ অফিস সরঞ্জাম ঘ ক্যালকুলেটর হিসাব

**৩০. কোনটি প্রস্তুত করা বাধ্যতামূলক?**
ক জাবেদা খ কার্যপত্র গ খতিয়ান ঘ রেওয়ামিল

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ বোর্ড– ২০২৩

**হিসাববিজ্ঞান** (সৃজনশীল) বিষয় কোড 1 4 6

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৩ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। **ক বিভাগ** হতে দুটি (আবশ্যিক) এবং **খ বিভাগ হতে পাঁচটিসহ** সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১। সাইরা এন্ড সন্স এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**সাইরা এন্ড সন্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০০ | |
| হাতে নগদ | ৫০,০০০ | |
| ব্যাংক জমা | ৮০,০০০ | |
| বেতন | ১৫,০০০ | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২০,০০০ | ৪০,০০০ |
| পাওনাদার | | ৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ১৫,০০০ |
| মূলধন | | ৬২,০০০ |
| প্রাপ্ত বাট্টা | | ৩,০০০ |
| প্রাপ্ত কমিশন | | ৫,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ১০,০০০ |
| | ১,৮৫,০০০ | ১,৮৫,০০০ |

**অন্যান্য তথ্য :**
(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা।
(২) বেতন ৫,০০০ টাকা বকেয়া রয়েছে।
(৩) বিনামূল্যে পণ্য বিতরণ ৮,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৪) ক্যাশবাক্স থেকে ৫,০০০ টাকা চুরি হয়ে গেছে যা হিসাবভুক্ত হয়নি।

(ক) সাইরা এন্ড সন্স এর বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) সাইরা এন্ড সন্স এর মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) সাইরা এন্ড সন্স এর নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২। তনিমা ট্রেডার্স এর ২০২১ ও ২০২২ সালের নিম্নলিখিত হিসাব দেওয়া হলো :

| বিবরণ | ২০২১ টাকা | ২০২২ টাকা |
|---|---|---|
| মোট মুনাফা | ১৫,০০০ | ২০,০০০ |
| নিট মুনাফা | ৮,০০০ | ১০,০০০ |
| বিক্রয় | ৩,০০,০০০ | ৩,৫০,০০০ |
| চলতি সম্পদ | ৫,০০,০০০ | ৫,৫০,০০০ |
| চলতি দায় | ২,০০,০০০ | ২,৫০,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৫০,০০০ | ৮০,০০০ |
| মজুদ পণ্য | ১০,০০০ | ৪০,০০০ |

(ক) ২০২১ সালের বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২
(খ) তানিমা ট্রেডার্সের ২০২২ সালের নিট মুনাফার অনুপাত ও বিনিয়োজিত মূলধন আয় অনুপাত নির্ণয় করো। ৪
(গ) উপর্যুক্ত তথ্য হতে ২০২১ সালের চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩। ২০২২ সালের ডিসেম্বর মাসে মুহসিনাত ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :

| ক্রমিক নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| (১) | নগদ ক্রয় | ২,০০,০০০ |
| (২) | অর্নি ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় | ৮০,০০০ |
| (৩) | চেকে পণ্য বিক্রয় | ৫০,০০০ |
| (৪) | ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন | ২০,০০০ |
| (৫) | বেতন প্রদান | ১০,০০০ |
| (৬) | লিটা ট্রেডার্সের নিকট নগদে বিক্রয় | ৪০,০০০ |
| (৭) | বিজ্ঞাপন বাবদ পরিশোধ | ৫,০০০ |
| (৮) | অর্নি ট্রেডার্সকে পরিশোধ | ৩০,০০০ |

(ক) নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপরিউক্ত (১–৪নং) বর্ণিত লেনদেনগুলো হিসাব সমীকরণের উপাদানে কী প্রভাব ফেলে নির্ণয় করো। ৪
(গ) উপরিউক্ত (৫–৮নং) লেনদেনগুলোর সাহায্যে দেখাও যে, $A = L + E$. ৪

৪। পাখি স্টোর এর মালিক জনাব পাখিমনি ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের তালিকা করতে গিয়ে নিম্নোক্ত চিত্র দেখতে পায় :
মোট সম্পদ ৪,০০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা। ঐ বছর তিনি আরও ১,০০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বছরের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়িক সম্পদ ও দায়ের পরিমাণ ছিল–
নগদ তহবিল ২,০০,০০০ টাকা, দেনাদার ৫০,০০০ টাকা, যন্ত্রপাতি ১,০০,০০০ টাকা, মজুদ পণ্য ১,৫০,০০০ টাকা, ঋণ ৫০,০০০ টাকা, পাওনাদার ৪০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২০,০০০ টাকা, প্রদেয় বিল ১০,০০০ টাকা, নিট লাভ ৮০,০০০ টাকা।

(ক) জনাব পাখিমনির প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) বছর শেষে ব্যবসায়ের মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) জনাব পাখিমনির ব্যবসায়ের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৫। জনাব অলকা স্টোর এর ২০২২ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :
ব্যবসায়ের মূলধন বিনিয়োগ ৮,০০,০০০ টাকা।
পণ্য ক্রয় ৩,০০,০০০ টাকা।
বিদ্যুৎ ও টেলিফোন বিল ৪০,০০০ টাকা।
শোরুম ভাড়া প্রদান ৮০,০০০ টাকা যার মধ্যে অগ্রিম ২০,০০০ টাকা।
বিজ্ঞাপন খরচ পাঁচ বছরের জন্য ৫০,০০০ টাকা।
উৎপাদকের নিকট থেকে কমিশন প্রাপ্তি ১০,০০০ টাকা।
ব্যবসায় হতে জীবন বিমা প্রদান ১২,০০০ টাকা।

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় করো। ২
(খ) অলকা স্টোর এর মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) হিসাবকাল শেষে উক্ত ব্যবসায়ের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

৬। জুঁই সাখারী ব্যবসায়ের যাবতীয় লেনদেন দু'তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী হিসাবভুক্ত করেন। ২০২২ সালের নভেম্বর মাসে ব্যবসায়ের লেনদেন ছিল নিম্নরূপ :

২০২২

নভেম্বর ১ মূলধন আনয়ন ৪,০০,০০০ টাকা।
" ৫ তনীমার নিকট নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা।
" ১২ কর্মচারীদের বেতন প্রদান ২০,০০০ টাকা।
" ১৫ ভাড়া অগ্রিম প্রদান ৩০,০০০ টাকা।
" ১৮ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ১০,০০০ টাকা।
" ২০ অলিমার নিকট হতে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ২৪ শিক্ষানবিশ ভাতা প্রদান ৫,০০০ টাকা।
" ২৮ জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৬,০০০ টাকা।

(ক) উপরিউক্ত তথ্যের আলোকে যেসব লেনদেন দ্বারা সম্পদ বৃদ্ধি পায় তার পরিমাণ নির্ণয় করো। ২
(খ) ১, ৫, ১২ ও ১৫ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণি বিভাগ ব্যাখ্যাসহ ছকের সাহায্যে দেখাও। ৪
(গ) ১৮, ২০, ২৪ ও ২৮ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

৭। জনাব আদ্রিকা একজন ব্যবসায়ী। ২০২২ সালের ডিসেম্বর মাসে তার প্রতিষ্ঠানে নিম্নের লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

ডিসেম্বর ১ ১০% বাট্টায় জনাব অধরার নিকট হতে ১,০০,০০০ টাকা মূল্যের পণ্য ক্রয়। চালান নং- ৭০৮
" ১০ অধরাকে পণ্য ফেরত প্রদান ১০,০০০ টাকা। ডেবিট নোট নং- ৮০৫
" ১২ নগদে বিক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা।
" ২০ জনাব ময়নার নিকট হতে ৩০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নং ৭৩২
" ২৫ ব্যাংক থেকে উত্তোলন করা হলো ১৫,০০০ টাকা।

(ক) ডিসেম্বর ২০ তারিখের লেনদেন এর ভিত্তিতে একটি চালান প্রস্তুত করো। ২
(খ) উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে জনাব অদ্রিকার ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
(গ) ডিসেম্বর ১ ও ২০ তারিখ এর লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা প্রস্তুত করো। ৪

৮। জহুরা ট্রেডার্স এর ব্যবসায়ের নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

**২০২২**

নভেম্বর ১ স্বীকৃত বিলের বিনিময়ে পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা।
" ১০ বিলের মাধ্যমে ক্রয়কৃত পণ্য ২০,০০০ টাকা ফেরত দেওয়া হলো।
" ১৫ জাকিয়া ট্রেডার্স, চন্দ্রদ্বীপ এর নিকট বিক্রয় প্রতি প্যাকেট ৪০০ টাকা দরে ৫০ প্যাকেট গুড়া দুধ; কারবারি বাট্টা ১০%। গাড়ি ভাড়া ৫০০ টাকা। চালান নং-৩৪২
" ২০ মালিকের প্রয়োজনে বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ২৩ সাকিবা ব্রাদার্স, দুধল এর নিকট বিক্রয় প্রতি টিন ১৮০ টাকা দরে ১০০ টিন বিস্কুট। কারবারি বাট্টা ৫% ব্যাংকিং খরচ ৩০০ টাকা। চালান নং- ৪৪৫
" ২৭ বিলম্বে পণ্য সরবরাহের ক্ষতিপূরণ প্রদান ২,০০০ টাকা

(ক) বিক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) ১৫ ও ২৩ তারিখের আলোকে জনাব জহুরা ট্রেডার্সের বিক্রয় জাবেদা নির্ণয় করো। ৪
(গ) ১৫ ও ২৩ তারিখের লেনদেন ব্যতীত অন্য লেনদেনগুলোর সাধারণ জাবেদা প্রস্তুত করো। ৪

৯। জনাব অংশু একজন ব্যবসায়ী। ২০২২ সালের জুলাই মাসে তাঁর ব্যবসায়ের নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

জুলাই ১ মূলধন আনয়ন ৮০,০০০ টাকা।
" ৫ বাকিতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২২ আয়কর প্রদান ৪,০০০ টাকা।
" ৩০ বিজ্ঞাপন খরচ ২,০০০ টাকা।

(ক) ৫ ও ১৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ২
(খ) T ছকে বিজ্ঞাপন ও উত্তোলন হিসাব প্রস্তুত করো। ৪
(গ) চলমান জের ছকে মূলধন হিসাব ও নগদান হিসাব প্রস্তুত করো। ৪

১০। পৃথ্বিকা ট্রেডার্স ২০২২ সালের জুন মাসে পূর্ণ ট্রেডার্স এর নিকট নিম্নোক্ত পণ্য বিক্রয় করেন :

জুন ২ নগদে ৯৫ টাকা দরে ১৫২ কেজি মুগ ডাল।
" ৫ প্রতি প্যাকেট ৩৩০ টাকা দরে ১৫০ প্যাকেট গুঁড়ো দুধ।
" ২৫ প্রতি লিটার ১৩৫ টাকা দরে ১১৫ লিটার সয়াবিন তেল।
" ৩০ কর্মাচরিদের বেতন প্রদান ৮,০০০ টাকা। পৃথ্বিকা ট্রেডার্স মোট বিক্রয়ের উপর ৭ $\frac{১}{২}$% কারবারি বাট্টা মঞ্জুর করেন।

(ক) পৃথ্বিকা ট্রেডার্স এর মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জুন ২ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪
(গ) ৩০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ভাউচার প্রস্তুত করো। ৪

১১। বাসন্তি ট্রেডার্সের ২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ :

মূলধন ৫,০০,০০০ টাকা, উত্তোলন ৫০,০০০ টাকা, সমন্বিত ক্রয় ৩,৪০,০০০ টাকা, প্রদেয় বিল ৪০,০০০ টাকা, সুনাম ৫০,০০০ টাকা, ভুমি ও দালানকোঠা ৭০,০০০ টাকা, বিজ্ঞাপন ১০,০০০ টাকা, বকেয়া বেতন ১০,০০০ টাকা, অগ্রিম প্রদত্ত ভাড়া ২০,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা, ভ্যাট প্রদান ১০,০০০ টাকা, পেনশন তহবিল ২০,০০০ টাকা, ৫% বন্ধকি ঋণ ৫০,০০০ টাকা, সমাপনি মজুদ পণ্য ৮০,০০০ টাকা।

(ক) বাসন্তি ট্রেডার্সের বন্ধকি ঋণের সুদের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উদ্দীপকের তথ্যের আলোকে বাসন্তি ট্রেডার্সের রেওয়ামিল প্রস্তুত করো। ৪
(গ) উদ্দীপকের তথ্যের আলোকে মোট সম্পদ ও মোট দায় নির্ণয় করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** সাইরা এন্ড সন্স এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**সাইরা এন্ড সন্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০০ | |
| হাতে নগদ | ৫০,০০০ | |
| ব্যাংক জমা | ৮০,০০০ | |
| বেতন | ১৫,০০০ | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২০,০০০ | ৪০,০০০ |
| পাওনাদার | | ৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ১৫,০০০ |
| মূলধন | | ৬২,০০০ |
| প্রাপ্ত বাট্টা | | ৩,০০০ |
| প্রাপ্ত কমিশন | | ৫,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ১০,০০০ |
| | ১,৮৫,০০০ | ১,৮৫,০০০ |

**অন্যান্য তথ্য :**

(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা।
(২) বেতন ৫,০০০ টাকা বকেয়া রয়েছে।
(৩) বিনামূল্যে পণ্য বিতরণ ৮,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৪) ক্যাশবাক্স থেকে ৫,০০০ টাকা চুরি হয়ে গেছে যা হিসাবভুক্ত হয়নি।

ক. সাইরা এন্ড সন্স এর বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. সাইরা এন্ড সন্স এর মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. সাইরা এন্ড সন্স এর নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[ম. বো. ২০২৩]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** সাইরা এন্ড সন্সের বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| (+) পণ্য বিতরণ | ৮,০০০ | |
| | | ১৮,০০০ |

∴ বিজ্ঞাপনের পরিমাণ ১৮,০০০ টাকা।

**খ**

সাইরা এন্ড সন্সের
বিশদ আয় বিবরণী
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ৪০,০০০ |
| **বাদ : বিক্রিত পণ্যের ব্যয় :** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ১০,০০০ | |
| ক্রয় | ২০,০০০ | | |
| বাদ : পণ্য বিতরণ | (৮,০০০) | | |
| | | ১২,০০০ | |
| | | ২২,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ | | (৩০,০০০) | |
| | | | ৮,০০০ |
| **মোট মুনাফা** | | | **৪৮,০০০** |

**নোট :** প্রশ্নে দেওয়া তথ্য অনুযায়ী প্রারম্ভিক মজুদ ও নিট ক্রয়ের যোগফল সমাপনী মজুদ পণ্য থেকে কম হয়েছে। তাই বিক্রিত পণ্যের ব্যয় ঋণাত্মক হয়েছে, বিক্রয়ের সাথে ঋণাত্মক বিক্রিত পণ্যের ব্যয় যোগ করে মোট মুনাফা নির্ণয় করা হয়েছে।

∴ মোট মুনাফা ৪৮,০০০ টাকা।

**গ**

সাইরা এন্ড সন্সের
বিশদ আয় বিবরণী
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (খ হতে প্রাপ্ত) | | | ৪৮,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয়** | | | |
| বেতন | ১৫,০০০ | | |
| যোগ : বকেয়া বেতন | ৫,০০০ | | |
| | | ২০,০০০ | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | | |
| (+) পণ্য বিতরণ | ৮,০০০ | | |
| | | ১৮,০০০ | |
| | | | (৩৮,০০০) |
| পরিচালন মুনাফা | | | ১০,০০০ |
| **যোগ : অন্যান্য আয়** | | | |
| প্রাপ্ত বাট্টা | | ৩,০০০ | |
| প্রাপ্ত কমিশন | | ৫,০০০ | |
| | | ৮,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ১০,০০০ | |
| | | | ১৮,০০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | ২৮,০০০ |
| বিবিধ ক্ষতি (ক্যাশ বক্স হতে চুরি) | | | (৫,০০০) |
| **নিট মুনাফা** | | | **২৩,০০০** |

∴ নিট মুনাফা ২৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** তনিমা ট্রেডার্স এর ২০২১ ও ২০২২ সালের নিম্নলিখিত হিসাব দেওয়া হলো :

| বিবরণ | ২০২১ টাকা | ২০২২ টাকা |
|---|---|---|
| মোট মুনাফা | ১৫,০০০ | ২০,০০০ |
| নিট মুনাফা | ৮,০০০ | ১০,০০০ |
| বিক্রয় | ৩,০০,০০০ | ৩,৫০,০০০ |
| চলতি সম্পদ | ৫,০০,০০০ | ৫,৫০,০০০ |
| চলতি দায় | ২,০০,০০০ | ২,৫০,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৫০,০০০ | ৮০,০০০ |
| মজুদ পণ্য | ১০,০০০ | ৪০,০০০ |

ক. ২০২১ সালের বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. তানিমা ট্রেডার্সের ২০২২ সালের নিট মুনাফার অনুপাত ও বিনিয়োজিত মূলধন আয় অনুপাত নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্য হতে ২০২১ সালের চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

[ম. বো. ২০২৩]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** ২০২১ সালের বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| বিক্রয় | ৩,০০,০০০ | |
| (−) মোট মুনাফা | (১৫,০০০) | |
| **বিক্রিত পণ্যের ব্যয়** | | **২,৮৫,০০০** |

∴ বিক্রিত পণ্যের ব্যয় ২,৮৫,০০০ টাকা।

**খ** তানিমা ট্রেডার্সের ২০২২ সালের নিট মুনাফা ও বিনিয়োজিত মূলধন আয় অনুপাত নির্ণয় :

(i) নিট মুনাফার অনুপাত $= \frac{\text{নিট মুনাফা}}{\text{নিট বিক্রয়}} \times ১০০$

$= \frac{১০,০০০}{৩,৫০,০০০} \times ১০০$

$= ২.৮৬\%$

(ii) বিনিয়োজিত মূলধন আয় অনুপাত $= \frac{\text{নিট মুনাফা}}{\text{বিনিয়োজিত মূলধন}} \times ১০০$

$= \frac{১০,০০০}{৮০,০০০} \times ১০০$

$= ০.১২৫ \times ১০০$

$= ১২.৫\%$

**উত্তর :** নিট মুনাফার অনুপাত ২.৮৬%; বিনিয়োজিত মূলধন আয় অনুপাত ১২.৫%।

**গ** চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় :

(i) চলতি অনুপাত $= \frac{\text{চলতি সম্পত্তি}}{\text{চলতি দায়}}$

$= \frac{৫,০০,০০০}{২,০০,০০০} \times ১০০$

$= ২.৫০ : ১$

(ii) তারল্য অনুপাত নির্ণয় :

তারল্য অনুপাত $= \frac{\text{চলতি সম্পত্তি} - (\text{মজুদ পণ্য} + \text{অগ্রিম খরচ})}{\text{চলতি দায়}}$

$= \frac{৫,০০,০০০ - (১০,০০০ + ০)}{২,০০,০০০}$

$= \frac{৪,৯০,০০০}{২,০০,০০০}$

$= ২.৪৫ : ১$

**উত্তর :** চলতি অনুপাত ২.৫ : ১; তারল্য অনুপাত ২.৪৫ : ১।

**প্রশ্ন ▶ ০৩** ২০২২ সালের ডিসেম্বর মাসে মুহসিনাত ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :

| ক্রমিক নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| (১) | নগদ ক্রয় | ২,০০,০০০ |
| (২) | অর্নি ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় | ৮০,০০০ |
| (৩) | চেকে পণ্য বিক্রয় | ৫০,০০০ |
| (৪) | ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন | ২০,০০০ |
| (৫) | বেতন প্রদান | ১০,০০০ |
| (৬) | লিটা ট্রেডার্সের নিকট নগদে বিক্রয় | ৪০,০০০ |
| (৭) | বিজ্ঞাপন বাবদ পরিশোধ | ৫,০০০ |
| (৮) | অর্নি ট্রেডার্সকে পরিশোধ | ৩০,০০০ |

ক. নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপরিউক্ত (১–৪ নং) বর্ণিত লেনদেনগুলো হিসাব সমীকরণের উপাদানে কী প্রভাব ফেলে নির্ণয় করো। ৪
গ. উপরিউক্ত (৫–৮ নং) লেনদেনগুলোর সাহায্যে দেখাও যে, A = L + E. ৪

[ম. বো. ২০২৩]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| ক্রমিক–২ | অর্নি ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় | ৮০,০০০ | |
| ” ৮ | বাদ : অর্নি ট্রেডার্সের পরিশোধ | (৩০,০০০) | |
| | **নিট পাওনাদার** | | **৫০,০০০** |

∴ নিট পাওনাদার ৫০,০০০ টাকা।

**খ** (১–৪) নং বর্ণিত লেনদেনগুলো হিসাব সমীকরণের উপাদানে প্রভাব নির্ণয় :

| তারিখ/ক্রমিক | সংশ্লিষ্ট হিসাব | হিসাব সমীকরণ A = L + OE এর উপাদানের প্রভাব |
|---|---|---|
| ২০২২ ডিসেম্বর-১ | ক্রয় হিসাব | OE হ্রাস |
| | নগদান হিসাব | A হ্রাস |
| ” ২ | ক্রয় হিসাব | OE হ্রাস |
| | পাওনাদার হিসাব (অর্নি ট্রেডার্স) | L বৃদ্ধি |
| ” ৩ | ব্যাংক হিসাব | A বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | OE বৃদ্ধি |
| ” ৪ | উত্তোলন হিসাব | OE হ্রাস |
| | ক্রয় হিসাব | OE বৃদ্ধি |

**গ** হিসাব সমীকরণের উপর (৫–৮ নং) লেনদেনগুলোর প্রভাব দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদান | ব্যাংক | | প্রদেয় | | | |
| ২০২২ ক্রমিক–৫ | | (১০,০০০) | | = | | + | (১০,০০০) | বেতন ব্যয় |
| ” ৬ | উদ্বৃত্ত | (১০,০০০)<br>৪০,০০০ | | = | | + | (১০,০০০)<br>৪০,০০০ | বিক্রয় আয় |
| ” ৭ | উদ্বৃত্ত | ৩০,০০০<br>(৫,০০০) | | = | | + | ৩০,০০০<br>(৫,০০০) | বিজ্ঞাপন ব্যয় |
| ” ৮ | উদ্বৃত্ত | ২৫,০০০<br>(৩০,০০০) | | = | (৩০,০০০) | + | ২৫,০০০ | |
| | উদ্বৃত্ত | (৫,০০০) | | = | (৩০,০০০) | | ২৫,০০০ | |
| | **মোট** | **(৫,০০০)** | | = | **(৫,০০০)** | | | |

হিসাব সমীকরণের যোগফল (৫,০০০) টাকা।

∴ A = L + OE. **(প্রমাণিত)**

**প্রশ্ন ▶ ০৪** পাখি স্টোর এর মালিক জনাব পাখিমনি ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের তালিকা করতে গিয়ে নিম্নোক্ত চিত্র দেখতে পায় :

মোট সম্পদ ৪,০০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা। ঐ বছর তিনি আরও ১,০০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বছরের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়িক সম্পদ ও দায়ের পরিমাণ ছিল–

নগদ তহবিল ২,০০,০০০ টাকা, দেনাদার ৫০,০০০ টাকা, যন্ত্রপাতি ১,০০,০০০ টাকা, মজুদ পণ্য ১,৫০,০০০ টাকা, ঋণ ৫০,০০০ টাকা, পাওনাদার ৪০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২০,০০০ টাকা, প্রদেয় বিল ১০,০০০ টাকা, নিট লাভ ৮০,০০০ টাকা।

ক. জনাব পাখিমনির প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. বছর শেষে ব্যবসায়ের মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব পাখিমনির ব্যবসায়ের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

[ম. বো. ২০২৩]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব পাখিমনির প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মোট সম্পদ | ৪,০০,০০০ | |
| বাদ : প্রারম্ভিক মোট দায় (ব্যাংক ঋণ) | (১,০০,০০০) | |
| **প্রারম্ভিক মূলধন** | | **৩,০০,০০০** |

∴ প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৩,০০,০০০ টাকা।

**খ** সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদ :** | | |
| নগদ তহবিল | ২,০০,০০০ | |
| দেনাদার | ৫০,০০০ | |
| যন্ত্রপাতি | ১,০০,০০০ | |
| মজুদ পণ্য | ১,৫০,০০০ | |
| **সমাপনী মোট সম্পদ** | | ৫,০০,০০০ |
| **বাদ : সমাপনী দায় :** | | |
| ঋণ | ৫০,০০০ | |
| পাওনাদার | ৪০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ | |
| প্রদেয় বিল | ১০,০০০ | |
| **সমাপনী মোট দায়** | | (১,২০,০০০) |
| **সমাপনী মূলধন** | | **৩,৮০,০০০** |

∴ সমাপনী মূলধন ৩,৮০,০০০ টাকা।

**গ** জনাব পাখিমনির ব্যবসায়ের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}

= {(৩,৮০,০০০ + ০) − (৩,০০,০০০ + ১,০০,০০০)

= (৩,৮০,০০০ − ৪,০০,০০০)

ক্ষতি = ২০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** জনাব অলকা স্টোর এর ২০২২ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :

ব্যবসায়ের মূলধন বিনিয়োগ ৮,০০,০০০ টাকা।

পণ্য ক্রয় ৩,০০,০০০ টাকা।

বিদ্যুৎ ও টেলিফোন বিল ৪০,০০০ টাকা।

শোরুম ভাড়া প্রদান ৮০,০০০ টাকা যার মধ্যে অগ্রিম ২০,০০০ টাকা।

বিজ্ঞাপন খরচ পাঁচ বছরের জন্য ৫০,০০০ টাকা।

উৎপাদকের নিকট থেকে কমিশন প্রাপ্তি ১০,০০০ টাকা।

ব্যবসায় হতে জীবন বিমা প্রদান ১২,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় করো। ২
খ. অলকা স্টোর এর মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. হিসাবকাল শেষে উক্ত ব্যবসায়ের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

[ম. বো. ২০২৩]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| বিজ্ঞাপন খরচ | | ৫০,০০০ |
| বাদ : চলতি বিজ্ঞাপন খরচ $\left(৫০,০০০ \times \frac{১}{৫} \%\right)$ | | ১০,০০০ |
| | | ৪০,০০০ |

**খ** অলকা স্টোর এর মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| পণ্য ক্রয় | ৩,০০,০০০ | |
| বিদ্যুৎ ও টেলিফোন বিল | ৪০,০০০ | |
| শোরুম ভাড়া প্রদান (৮০,০০০ − ২০,০০০) | ৬০,০০০ | |
| বিজ্ঞাপন (৫ বছর) | ১০,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | **৪,১০,০০০** |

∴ মোট মুনাফা জাতীয় ব্যয় ৪,১০,০০০ টাকা।

**গ** হিসাবকাল শেষে ব্যবসায়ের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবসায়ের মূলধন বিনিয়োগ | ৮,০০,০০০ | |
| (+) উৎপাদকের নিকট হতে কমিশন প্রাপ্তি | ১০,০০০ | |
| | ৮,১০,০০০ | |
| (−) পণ্য ক্রয় | (৩,০০,০০০) | |
| | ৫,১০,০০০ | |
| (−) বিদ্যুৎ ও টেলিফোন বিল | (৪০,০০০) | |
| | ৪,৭০,০০০ | |
| (−) শোরুম ভাড়া প্রদান | (৬০,০০০) | |
| | ৪,১০,০০০ | |
| (−) বিজ্ঞাপন খরচ | (১০,০০০) | |
| | ৪,০০,০০০ | |
| (−) উত্তোলন (জীবন বিমা প্রদান) | (১২,০০০) | |
| **মোট মালিকানাস্বত্ব** | **৩,৮৮,০০০** | |

∴ মালিকানাস্বত্বের পরিমাণ ৩,৮৮,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৬** জুঁই সাঁখারী ব্যবসায়ের যাবতীয় লেনদেন দুতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী হিসাবভুক্ত করেন। ২০২২ সালের নভেম্বর মাসে ব্যবসায়ের লেনদেন ছিল নিম্নরূপ :

২০২২

নভেম্বর ১ মূলধন আনয়ন ৪,০০,০০০ টাকা।
" ৫ তনীমার নিকট নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা।
" ১২ কর্মচারীদের বেতন প্রদান ২০,০০০ টাকা।
" ১৫ ভাড়া অগ্রিম প্রদান ৩০,০০০ টাকা।
" ১৮ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ১০,০০০ টাকা।
" ২০ অলিমার নিকট হতে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ২৪ শিক্ষানবিশ ভাতা প্রদান ৫,০০০ টাকা।
" ২৮ জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৬,০০০ টাকা।

ক. উপরিউক্ত তথ্যের আলোকে যেসব লেনদেন দ্বারা সম্পদ বৃদ্ধি পায় তার পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১, ৫, ১২ ও ১৫ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যাসহ ছকের সাহায্যে দেখাও। ৪
গ. ১৮, ২০, ২৪ ও ২৮ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

[ম. বো. ২০২৩]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** উপরিউক্ত তথ্যের আলোকে যেসব লেনদেন দ্বারা সম্পদ বৃদ্ধি পায় তার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ইং | | | |
| নভেম্বর–০১ | মূলধন আনয়ন | | ৪,০০,০০০ |
| " ০৫ | তনীমার নিকট নগদে বিক্রয় | | ৮০,০০০ |
| " ২০ | অলিমার নিকট হতে ঋণ গ্রহণ | | ৫,০০০ |
| | মোট | | ৫,৩০,০০০ |

∴ লেনদেন দ্বারা যেসব সম্পদ বৃদ্ধি পায় তার পরিমাণ ৫,৩০,০০০ টাকা।

**খ** ১, ৫, ১২, ১৫ লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যা নির্ণয় করা হলো :

| তারিখ | বিবরণ | হিসাবের শ্রেণি | ব্যাখ্যা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| নভেম্বর–১ | নগদান হিসাব | সম্পদ হিসাব | সম্পদ বৃদ্ধি |
| | মূলধন হিসাব | মালিকানাস্বত্ব হিসাব | মালিকানাস্বত্ব বৃদ্ধি |
| " ৫ | নগদান হিসাব | সম্পদ হিসাব | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | আয় হিসাব | ব্যয় বৃদ্ধি |
| " ১২ | বেতন হিসাব | ব্যয় হিসাব | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | সম্পদ হিসাব | সম্পদহ্রাস |
| " ১৫ | অগ্রিম ভাড়া হিসাব | সম্পদ হিসাব | সম্পদ বৃদ্ধি |
| | ভাড়া হিসাব | ব্যয় হিসাব | ব্যয় বৃদ্ধি |

**গ** ১৮, ২০, ২৪, ২৮ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় :

| তারিখ | বিবরণ | ডেবিট/ক্রেডিট | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| নভেম্বর–১৮ | উত্তোলন হিসাব | ডেবিট | ১০,০০০ | মালিকানাস্বত্ব হ্রাস |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | ১০,০০০ | সম্পদহ্রাস |
| " ২০ | নগদান হিসাব | ডেবিট | ৫০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | ঋণ হিসাব | ক্রেডিট | ৫০,০০০ | দায় বৃদ্ধি |
| " ২৪ | শিক্ষানবিশ ভাতা হিসাব | ডেবিট | ৫,০০০ | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৫,০০০ | সম্পদহ্রাস |
| " ২৮ | উত্তোলন হিসাব | ডেবিট | ৬,০০০ | মালিকানাস্বত্ব হ্রাস |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৬,০০০ | সম্পদহ্রাস |

**প্রশ্ন ▶ ০৭** জনাব আদ্রিকা একজন ব্যবসায়ী। ২০২২ সালের ডিসেম্বর মাসে তার প্রতিষ্ঠানে নিম্নের লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

ডিসেম্বর ১ ১০% বাট্টায় জনাব অধরার নিকট হতে ১,০০,০০০ টাকা মূল্যের পণ্য ক্রয়। চালান নং- ৭০৮
" ১০ অধরাকে পণ্য ফেরত প্রদান ১০,০০০ টাকা। ডেবিট নোট নং- ৮০৫
" ১২ নগদে বিক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা।
" ২০ জনাব ময়নার নিকট হতে ৩০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নং- ৭৩২
" ২৫ ব্যাংক থেকে উত্তোলন করা হলো ১৫,০০০ টাকা।

ক. ডিসেম্বর ২০ তারিখের লেনদেন এর ভিত্তিতে একটি চালান প্রস্তুত করো। ২
খ. উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে জনাব অদ্রিকার ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. ডিসেম্বর ১ ও ২০ তারিখ এর লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা প্রস্তুত করো। ৪

[ম. বো. ২০২৩]

## ৭নং প্রশ্নের সমাধান

**ক** ডিসেম্বর ২০ অবিলম্বে একটি চালান প্রস্তুত :

চালান নং : ৭৩২ **জনাব নয়না** তারিখ : ২০ ডিসেম্বর, ২০২২

**ঠিকানা : ................**

ক্রেতার নাম : জনাব অদ্রিকা **চালান**

ঠিকানা :

| নং | মালের বিবরণ | দর টাকা | পরিমাণ | পরিমাণ টাকা |
|---|---|---|---|---|
| ১ | পণ্য ক্রয় | – | – | ৩০,০০০ |
| | | | | ৩০,০০০ |

**টাকা (কথায়) :** ত্রিশ হাজার টাকা মাত্র।

**বিক্রয় শর্ত :** ..........................................................................

**বি.দ্র. :** ভুলত্রুটি সংশোধনযোগ্য। বিক্রেতার স্বাক্ষর

**খ** জনাব অদ্রিকার ক্রয় জবেদা প্রস্তুত :

জনাব অদ্রিকা

বিক্রয় জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নং | সূত্র | ক্রয় হিসাব ডেবিট / পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| ডিসেম্বর–১ | অধরা হিসাব (গণনাকার্য–০১) | | ৭০৮ | ✓ | ৯০,০০০ |
| " ২০ | নয়না হিসাব | | ৭৩২ | ✓ | ৩০,০০০ |
| | | | | | ১,২০,০০০ |

**গণনাকার্য :**

১। অধরা = ক্রয় ১,০০,০০০
বাদ : বাট্টা ১০% ১,০০০০
৯০,০০০

**গ**

জনাব অদ্রিকা

জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২১ | | | | | |
| ডিসেম্বর– ১০ | অধরা হিসাব (পাওনাদার) | ডেবিট | | ১০,০০০ | |
| | ক্রয় ফেরত হিসাব | ক্রেডিট | | | ১০,০০০ |
| | [পণ্য ফেরত দেওয়া হলো] | | | | |
| " ১২ | নগদান হিসাব | ডেবিট | | ২০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | [নগদে বিক্রয় করা হলো] | | | | |
| " ১৫ | বিজ্ঞাপন হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [বিজ্ঞাপন দেওয়া হলো] | | | | |
| " ২৫ | ক্রয় হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | নয়না হিসাব | ক্রেডিট | | | ৩০,০০০ |
| | [বাকিতে ক্রয় করা হলো] | | | | |
| | | মোট | | ১,৫৫,০০০ | ১,৫৫,০০০ |

∴ জাবেদার যোগফল ১,৫৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৮** জহুরা ট্রেডার্স এর ব্যবসায়ের নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

২০২২
নভেম্বর ১ স্বীকৃত বিলের বিনিময়ে পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা।
" ১০ বিলের মাধ্যমে ক্রয়কৃত পণ্য ২০,০০০ টাকা ফেরত দেওয়া হলো।
" ১৫ জাকিয়া ট্রেডার্স, চন্দ্রদ্বীপ এর নিকট বিক্রয় প্রতি প্যাকেট ৪০০ টাকা দরে ৫০ প্যাকেট গুঁড়া দুধ; কারবারি বাট্টা ১০%। গাড়ি ভাড়া ৫০০ টাকা। চালান নং- ৩৪২
" ২০ মালিকের প্রয়োজনে বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ২৩ সাকিবা ব্রাদার্স, দুধল এর নিকট বিক্রয় প্রতি টিন ১৮০ টাকা দরে ১০০ টিন বিস্কুট। কারবারি বাট্টা- ৫%, প্যাকিং খরচ ৩০০ টাকা। চালান নং- ৪৪৫
" ২৭ বিলম্বে পণ্য সরবরাহের ক্ষতিপূরণ প্রদান ২,০০০ টাকা।

ক. বিক্রয়সংক্রান্ত আনুষজ্ঞিক খরচের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১৫ ও ২৩ তারিখের আলোকে জনাব জহুরা ট্রেডার্সের বিক্রয় জাবেদা নির্ণয় করো। ৪
গ. ১৫ ও ২৩ তারিখের লেনদেন ব্যতীত অন্য লেনদেনগুলোর সাধারণ জাবেদা প্রস্তুত করো। ৪

[ম. বো. ২০২৩]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** বিক্রয়সংক্রান্ত আনুষাঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | জাকিয়া ট্রেডার্স : | | |
| নভেম্বর-১৫ | গাড়ি ভাড়া | ৫০০ | |
| | সাকিবা ব্রাদার্স : | | |
| " ২৩ | পার্কিং খরচ | ৩০০ | |
| | **মোট আনুষজ্ঞিক খরচ** | | ৮০০ |

∴ মোট আনুষজ্ঞিক খরচ ৮০০ টাকা।

**খ**

জহুরা ট্রেডার্স
বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নং | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২২<br>নভেম্বর-১৫ | জাকিয়া ট্রেডার্স (গণনাকার্য-০১) | ৩৪২ | ✓ | ১৮,৫০০ |
| " ২৩ | সাকিবা ব্রাদার্স (গণনাকার্য-০২) | ৪৪৫ | ✓ | ১৭,৪০০ |
| | মোট | | | ৩৫,৯০০ |

**গণনাকার্য-১ :** জাকিয়া ট্রেডার্স (৪০০ × ৫০) = ২০,০০০ − (২০,০০০ × ১০%) + ৫০০ = ১৮,৫০০

**গণনাকার্য-২ :** সাকিবা ব্রাদার্স (১৮০ × ১০০) = ১৮,০০০ − (১৮,০০০ × ৫%) + ৩০০ = ১৭,৪০০

**গ**

জহুরা ট্রেডার্সের
জাবেদা বহিঃ (সাধারণ জাবেদা)

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২<br>নভেম্বর-০১ | ক্রয় হিসাব | ডেবিট | | ১,৫০,০০০ | |
| | প্রদেয় বিল হিসাব | ক্রেডিট | | | ১,৫০,০০০ |
| | [বিলের মাধ্যমে ক্রয় করা হলো] | | | | |
| " ১০ | প্রদেয় বিল হিসাব | ডেবিট | | ২০,০০০ | |
| | ক্রয় ফেরত হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | [বিলের মাধ্যমে ফেরত দেওয়া হলো] | | | | |
| " ২০ | উত্তোলন হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [বিক্রয় মূল্যে পণ্য উত্তোলন করা হলো] | | | | |
| " ২৭ | বিবিধ ক্ষতি হিসাব | ডেবিট | | ২,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২,০০০ |
| | [বিলম্বে পণ্য সরবরাহ করা হলো] | | | | |
| | মোট | | | ১,৭৭,০০০ | ১,৭৭,০০০ |

∴ জাবেদার যোগফল ১,৭৭,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৯** জনাব অংশু একজন ব্যবসায়ী। ২০২২ সালের জুলাই মাসে তাঁর ব্যবসায়ের নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

জুলাই ১ মূলধন আনয়ন ৮০,০০০ টাকা।
” ৫ বাকিতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
” ১৫ বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
” ২২ আয়কর প্রদান ৪,০০০ টাকা।
” ৩০ বিজ্ঞাপন খরচ ২,০০০ টাকা।

ক. ৫ ও ১৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ২
খ. T ছকে বিজ্ঞাপন ও উত্তোলন হিসাব প্রস্তুত করো। ৪
গ. চলমান জের ছকে মূলধন হিসাব ও নগদান হিসাব প্রস্তুত করো। ৪

[ম. বো. ২০২৩]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** ৫ ও ১৫ তারিখের জাবেদা

জনাব অংশু
সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| জুলাই-০৫ | ক্রয় হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | পাওনাদার হিসাব | ক্রেডিট | | | ৩০,০০০ |
| | [বাকিতে পণ্য ক্রয় করা হলো] | | | | |
| ” ১৫ | দেনাদার হিসাব | ডেবিট | | ৪০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ৪০,০০০ |
| | [বাকিতে বিক্রয় করা হলো] | | | | |
| | **মোট** | | | **৭০,০০০** | **৭০,০০০** |

∴ জাবেদার যোগফল ৭০,০০০ টাকা।

**খ**

জনাব অংশু
খতিয়ান (চলমান জের ছক)

ডেবিট বিজ্ঞাপন হিসাব ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| জুলাই-৩১ | নগদান হিসাব | | ২,০০০ | জুলাই-৩১ | ব্যালেন্স C/D | | ২,০০০ |
| | | | ২,০০০ | | | | ২,০০০ |
| আগস্ট-১ | ব্যালেন্স B/D | | ২,০০০ | | | | |

ডেবিট উত্তোলন হিসাব ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| জুলাই-২২ | নগদান হিসাব | | ৪,০০০ | জুলাই-৩১ | ব্যালেন্স C/D | | ৪,০০০ |
| | | | ৪,০০০ | | | | ৪,০০০ |
| আগস্ট-১ | ব্যালেন্স B/D | | ৪,০০০ | | | | |

∴ বিজ্ঞাপন হিসাবের ডেবিট উদ্বৃত্ত ২,০০০ টাকা এবং উত্তোলন হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৪,০০০ টাকা।

**গ**

জনাব অংশু

খতিয়ান (চলমান জের ছক)

মূলধন হিসাব　　　　　　হিসাবের কোড নং : .................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ জুলাই-১ | নগদান হিসাব | | | ৮০,০০০ | | ৮০,০০০ |

মূলধন হিসাব　　　　　　হিসাবের কোড নং : .................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ জুলাই-১ | মূলধন হিসাব | | ৮০,০০০ | | ৮০,০০০ | |
| " ২২ | উত্তোলন হিসাব | | | ৪,০০০ | ৭৬,০০০ | |
| " ৩০ | বিজ্ঞাপন হিসাব | | | ২,০০০ | ৭৪,০০০ | |

∴ মূলধন হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ৮০,০০০ টাকা এবং মূলধন হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৭৪,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** পৃথ্বিকা ট্রেডার্স ২০২২ সালের জুন মাসে পূর্ণ ট্রেডার্স এর নিকট নিম্নোক্ত পণ্য বিক্রয় করেন :

জুন ২ নগদে ৯৫ টাকা দরে ১৫২ কেজি মুগ ডাল

" ৫ প্রতি প্যাকেট ৩৩০ টাকা দরে ১৫০ প্যাকেট গুঁড়ো দুধ

" ২৫ প্রতি লিটার ১৩৫ টাকা দরে ১১৫ লিটার সয়াবিন তেল

" ৩০ কর্মচারীদের বেতন প্রদান ৮,০০০ টাকা। পৃথ্বিকা ট্রেডার্স মোট বিক্রয়ের উপর ৭ $\frac{১}{২}$% কারবারি বাট্টা মঞ্জুর করেন।

ক. পৃথ্বিকা ট্রেডার্স এর মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জুন ২ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪

গ. ৩০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ভাউচার প্রস্তুত করো। ৪

[ম. বো. ২০২৩]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** পৃথ্বিকা ট্রেডার্সের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জুন-২ | মুগ ডাল : (৯৫ × ১৫২) | ১৪,৪৪০ | |
| " ৫ | গুঁড়ো দুধ : ৩৩০ × ১৫০) | ৪৯,৫০০ | |
| " ২৫ | সয়াবিন তেল : (১৩৫ × ১১৫) | ১৫,৫২৫ | |
| | | ৭৯,৪৬৫ | |
| | বাদ : কারবারি বাট্টা (৭ $\frac{১}{২}$ %) | (৫,৯৬০) | |
| | | | ৭৩,৫০৫ |

∴ মোট বিক্রয়ের পরিমাণ ৭৩,৫০৫ টাকা।

**খ** ২ জুন তারিখের ভিত্তিতে ক্যাশমেমো প্রস্তুত :

ভাউচার নং : **পৃথ্বিকা** তারিখ : ২ জুন, ২০২২

**ক্যাশমেমো**

ক্রেতার নাম : পূর্ণ ট্রেডার্স
ঠিকানা :

| ক্রমিক নং | বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ টাকা |
|---|---|---|---|---|
| ১ | মুগ ডাল<br>বাদ : কারবারি বাট্টা $\left(৭\frac{১}{২}\%\right)$ | ৯৫ | ১৫২ | ১৪,৪৪০<br>(১,০৮৩)<br>১৩,৩৫৭ |

**টাকা (কথায়) :** তেরো হাজার তিনশত সাতান্ন টাকা মাত্র।

..............................
**ক্রেতার স্বাক্ষর**

..............................
বিক্রেতার স্বাক্ষর

**বি.দ্র. :** বিক্রিত মাল ফেরত নেওয়া হয় না।

**গ** ৩০ তারিখের লেনদেনের ভিত্তিতে ডেবিট ভাউচার প্রস্তুত :

**পৃথ্বিকা ট্রেডার্স**

ডেবিট ভাউচার নম্বর : **ডেবিট ভাউচার** তারিখ : ৩০ জুন, ২০২২

হিসাব খাতের নাম : বেতন

গ্রহণকারীর নাম :
ঠিকানা :

| ক্রমিক নং | খরচের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | বিক্রয়কর্মীর বেতন পরিশোধ | ৮,০০০<br>৮,০০০ |

**টাকা (কথায়) :** আট হাজার টাকা মাত্র।

ক্যাশিয়ারের স্বাক্ষর | হিসাবরক্ষকের স্বাক্ষর | ব্যবস্থাপকের স্বাক্ষর | গ্রহীতার স্বাক্ষর

**প্রশ্ন ▸ ১১** বাসন্তি ট্রেডার্সের ২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ :
মূলধন ৫,০০,০০০ টাকা, উত্তোলন ৫০,০০০ টাকা, সমন্বিত ক্রয় ৩,৪০,০০০ টাকা, প্রদেয় বিল ৪০,০০০ টাকা, সুনাম ৫০,০০০ টাকা, ভুমি ও দালানকোঠা ৭০,০০০ টাকা, বিজ্ঞাপন ১০,০০০ টাকা, বকেয়া বেতন ১০,০০০ টাকা, অগ্রিম প্রদত্ত ভাড়া ২০,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা, ভ্যাট প্রদান ১০,০০০ টাকা, পেনশন তহবিল ২০,০০০ টাকা, ৫% বন্ধকি ঋণ ৫০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা।

ক. বাসন্তি ট্রেডার্সের বন্ধকি ঋণের সুদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উদ্দীপকের তথ্যের আলোকে বাসন্তি ট্রেডার্সের রেওয়ামিল প্রস্তুত করো। ৪
গ. উদ্দীপকের তথ্যের আলোকে মোট সম্পদ ও মোট দায় নির্ণয় করো। ৪

[ম. বো. ২০২৩]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** বন্ধকি ঋণের সুদ নির্ণয় :

$= (৫০,০০০ \times ৫\%)$
$= ২,৫০০$ টাকা

∴ বন্ধকি ঋণের সুদ ২,৫০০ টাকা।

**খ** বাসন্তি ট্রেডার্স

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩ সালের জন্য

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ৫,০০,০০০ |
| ২ | উত্তোলন | | ৫০,০০০ | |
| ৩ | সমন্বিত ক্রয় | | ৩,৪০,০০০ | |
| ৪ | পদেয় বিল | | | ৪০,০০০ |
| ৫ | সুনাম | | ৫০,০০০ | |
| ৬ | ভূমি ও দালানকোঠা | | ৭০,০০০ | |
| ৭ | বিজ্ঞাপন | | ১০,০০০ | |
| ৮ | বকেয়া বেতন | | | ১০,০০০ |
| ৯ | অগ্রিম প্রদত্ত ভাড়া | | ২০,০০০ | |
| ১০ | শিক্ষানবিশ সেলামি | | | ১০,০০০ |
| ১১ | ভ্যাট প্রদান | | ১০,০০০ | |
| ১২ | পেনশন তহবিল | | | ২০,০০০ |
| ১৩ | বন্ধকি ঋণ | | | ৫০,০০০ |
| ১৪ | সমাপনী মজুদ পণ্য | | ৮০,০০০ | |
| | **মোট =** | | **৬,৩০,০০০** | **৬,৩০,০০০** |

∴ রেওয়ামিলের যোগফল ৬,৩০,০০০ টাকা।

**গ** মোট সম্পদ ও মোট দায় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মোট সম্পদ :** | | |
| সুনাম | ৫০,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ৭০,০০০ | |
| অগ্রিম প্রদত্ত ভাড়া | ২০,০০০ | |
| সমাপনি মজুদ পণ্য | ৮০,০০০ | |
| ভ্যাট প্রদান | ১০,০০০ | |
| **মোট সম্পদ** | | **২,৩০,০০০** |
| **মোট দায় :** | | |
| প্রদেয় বিল | ৪০,০০০ | |
| বকেয়া বেতন | ১০,০০০ | |
| পেনশন তহবিল | ২০,০০০ | |
| ৫% বন্ধকি ঋণ | ৫০,০০০ | |
| **মোট দায়** | | **১,২০,০০০** |

∴ মোট সম্পদ ২,৩০,০০০ টাকা ও মোট দায় ১,২০,০০০ টাকা।